আরও
চাকরির খবর
ভেতরের পাতায়

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

পি এস সি-র মাধ্যমে
মিসলেনিয়াস
প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর
... পৃঃ ৮

বর্ষ ৪৭ সংখ্যা ৭ কলকাতা বুধবার, ২ সেপ্টেম্বর ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৬ ভাদ্র ১৪৩৩ দাম ৭.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## ডাক বিভাগে ২৩৭৫৭ ডাক সেবক

দেশ জুড়ে বিভিন্ন সার্কলে ব্রাঞ্চ পোস্টমাস্টার, অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার এবং ডাক সেবক পদে ২৩,৭৫৭ জনকে নিয়োগ করবে ভারতীয় ডাক বিভাগ। প্রার্থী যে-সার্কলের শূন্যপদে দরখাস্ত করবেন, তাঁকে সেই সার্কলের স্থানীয় বাসিন্দা হতে হবে এবং স্থানীয় ভাষা জানতে হবে। তাই এখানে পশ্চিমবঙ্গের প্রার্থীদের জন্য নির্দিষ্ট ১,৭৬২টি শূন্যপদের বিষয়ে বিশদে জানানো হল। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 17-12/2026-GDS.

ভাষা অনুসারে শূন্যপদের **বিন্যাস:** বাংলা: ১৬১৯টি (সাধারণ ৬৭২, তফসিলি জাতি ৩৫৪, তফসিলি উপজাতি ৯২, ওবিসি ৩৬০, আর্থিক ভাবে অনগ্রসর ১০৬)। এর মধ্যে ৩৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। বাংলা/নেপালি: ১২টি (সাধারণ ৬, তফসিলি জাতি ২, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। ইংরেজি/ভুটিয়া/গুরুং/লেপচা/নেপালি/রাই/শেরপা/তামাং: ৮৬টি (সাধারণ ৪২, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ৯, ওবিসি ২১, আর্থিক ভাবে অনগ্রসর ৯)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। ইংরেজি/হিন্দি: ৩৮টি (সাধারণ ১৯, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১০, আর্থিক ভাবে অনগ্রসর ৪)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। নেপালি: ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ১)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত বোর্ড থেকে মাধ্যমিক পাশ। প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক স্তরে স্থানীয় ভাষা অর্থাৎ বাংলা পড়ে থাকতে হবে। দার্জিলিং ডিভিশনের ক্ষেত্রে নেপালি ভাষাও গ্রাহ্য হবে। পাশাপাশি, কম্পিউটার-জ্ঞান থাকতে হবে এবং সাইকেল চালানো জানতে হবে।

**বয়স:** ২১-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ব্রাঞ্চ পোস্টমাস্টার পদের ক্ষেত্রে ১২,০০০-২৯,৩৮০ টাকা। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার এবং ডাক সেবক পদের ক্ষেত্রে ১০,০০০-২৪,৪৭০ টাকা।

*এরপর দুয়ের পাতায়*

### আইবিপিএস-এর মাধ্যমে

## গ্রামীণ ব্যাঙ্কে কয়েক হাজার অফিসার ও অফিস অ্যাসিস্ট্যান্ট

দেশের গ্রামীণ ব্যাঙ্কগুলিতে অফিসার (স্কেল ওয়ান, টু ও থ্রি) ও অফিস অ্যাসিস্ট্যান্ট (মাল্টিপারপাস) পদে কয়েক হাজার তরুণ-তরুণীকে নিয়োগ করা হবে। এই পদগুলিতে নিয়োগের যোগ্যতা নির্ণায়ক অনলাইন পরীক্ষা নেবে ইনস্টিটিউট অব ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (আইবিপিএস)। প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য তারিখ অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ২১ ও ২২ নভেম্বর এবং অফিস অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ৬, ১২ ও ১৩ ডিসেম্বর।

প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট রাজ্যের স্থানীয় ভাষায় বলতে, পড়তে ও লিখতে জানতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.ibps.in দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত।

এই সংখ্যার 'কর্মক্ষেত্র' ছাপতে যাওয়া অবধি এই নিয়োগ-সংক্রান্ত তথ্য প্রকাশিত হয়নি। পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা 'কর্মক্ষেত্র'-য় জানানো হবে। বিশদ তথ্য জানতে আগ্রহীরা দেখুন এই ওয়েবসাইট: www.ibps.in

## ইনফর্মেটিক্স সেন্টারে ৩৭৬

সায়েন্টিফিক/টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট-এ পদে ৩৭৬ জনকে নেবে ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার। গ্রুপ-বি ক্যাটেগরিতে নিয়োগ করা হবে কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স, সফটওয়্যার সিস্টেম-সহ বিভিন্ন শাখায়।

প্রার্থীকে অবশ্যই ২০২৪ বা ২০২৫ বা ২০২৬-এর গেট পরীক্ষায় উত্তীর্ণ হয়ে থাকতে হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIC/STA/2026/2.

ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে শূন্যপদ: **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি:** ৩০০টি (সাধারণ ১২২, তফসিলি জাতি ৪৫, তফসিলি উপজাতি ২২, ওবিসি ৮১, আর্থিক ভাবে অনগ্রসর ৩০)। এর মধ্যে ১৫টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন:** ২৬টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৭, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স:** ৫০টি (সাধারণ ২২, তফসিলি জাতি ৭, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১৩, আর্থিক ভাবে অনগ্রসর ৫)। এর মধ্যে ২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

*এরপর চারের পাতায়*

## কোচিন শিপইয়ার্ডে ২২৭ ইন্টার্ন

প্রধানমন্ত্রী ইন্টার্নশিপ প্রকল্পে ২২৭ জন তরুণ-তরুণীকে ইন্টার্নশিপের সুযোগ দিচ্ছে কোচিন শিপইয়ার্ড লিমিটেড। এটি কেন্দ্রের বন্দর, জাহাজ পরিবহণ ও জলপথ মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। প্রশিক্ষণ দেওয়া হবে ডিপ্লোমা, গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট, আইটিআই ট্রেড-সহ বিভিন্ন ক্যাটেগরিতে। প্রশিক্ষণের মেয়াদ ৯ মাস। এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: CSL/P&A/HRM/HRM GENERAL/PM_INTERNSHIP_SCHEME/2024/45.

আসনসংখ্যার বিবরণ

আইটিআই: ট্রেড অনুসারে আসনসংখ্যা: ইলেক্ট্রিশিয়ান ১০টি। ফিটার ১০টি। ওয়েল্ডার ৯টি। মেশিনিস্ট ৮টি। ইলেক্ট্রনিক মেকানিক ৪টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক ২টি। ড্রাফটসম্যান (মেকানিক) ২টি। ড্রাফটসম্যান (সিভিল) ২টি। পেইন্টার (জেনারেল)/পেইন্টার (মেরিন) ৪টি। মেকানিক মোটর ভেহিক্যল ২টি। শিট মেটাল ওয়ার্কার ১০টি। শিপ রাইট উড/কার্পেন্টার/উড ওয়ার্ক টেকনিশিয়ান ৬টি। মেকানিক ডিজেল ৫টি। পাইপ ফিটার/প্লাম্বার ৬টি। রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং মেকানিক/ রেফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং টেকনিশিয়ান ১টি। মেরিন ফিটার ৫টি। হেল্থ স্যানিটারি

*এরপর দুয়ের পাতায়*

### ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে

## ২৩৫ স্পেশ্যালিস্ট অফিসার

বিভিন্ন শাখায় ২৩৫ জন ম্যানেজার ও অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার নেবে ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক। নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে। ম্যানেজার (ব্রাঞ্চ ম্যানেজমেন্ট) পদের ক্ষেত্রে ৬ মাস, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিকিউরিটি) পদের ক্ষেত্রে ২ বছর এবং বাকি সব পদের ক্ষেত্রে ১ বছরের প্রবেশন। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: HRDD/RECT/04/2026-27.

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস:** পোস্ট কোড ০১: ম্যানেজার (ব্রাঞ্চ ম্যানেজমেন্ট) (এমএমজিএস-টু): ১০০টি (সাধারণ ৪১, তফসিলি জাতি ১৫, তফসিলি উপজাতি ৭, ওবিসি ২৭, আর্থিক ভাবে অনগ্রসর ১০)। এর মধ্যে ৪টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** যে-

*এরপর দুয়ের পাতায়*

## ইসরোয় ১৭২ সায়েন্টিস্ট

ইলেক্ট্রনিক্স, মেকানিক্যাল ও কম্পিউটার সায়েন্স শাখায় ১৭২ জন সায়েন্টিস্ট/ইঞ্জিনিয়ার 'এসসি' নেবে ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন (ইসরো)। এটি কেন্দ্রের মহাকাশ দপ্তরের অধীনস্থ একটি সংস্থা। প্রার্থী বাছাই করবে ইসরো সেন্ট্রালাইজড রিক্রুটমেন্ট

*এরপর চারের পাতায়*

## নিউক্লিয়ার ফুয়েলে ৫৩৭ অ্যাপ্রেন্টিস

আইটিআইয়ের বিভিন্ন ট্রেড ও ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় ৫৩৭ জন তরুণ-তরুণীকে অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং দেবে হায়দরাবাদের নিউক্লিয়ার ফিউল কমপ্লেক্স। এটি কেন্দ্রের অ্যাটমিক এনার্জি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। অ্যাপ্রেন্টিসেস অ্যাক্ট, ১৯৬১ অনুসারে ১ বছরের ট্রেনিং দেওয়া হবে। আগে যাঁরা অ্যাপ্রেন্টিসশিপ ট্রেনিং নিয়েছেন বা এখন নিচ্ছেন, তাঁরা আর আবেদন করবেন না। ট্রেনিং চলাকালীন স্টাইপেন্ড পাওয়া যাবে।

আইটিআই ট্রেড অনুসারে আসনসংখ্যা: ফিটার: ১৩৩টি। টার্নার: ৫১টি। ইলেক্ট্রিশিয়ান: ৫৮টি। মেশিনিস্ট: ২৪টি। অ্যাটেন্ড্যান্ট অপারেটর (কেমিক্যাল প্ল্যান্ট)/ কেমিক্যাল প্ল্যান্ট অপারেটর: ১৩টি। ইনস্ট্রুমেন্ট মেকানিক: ১৫টি। ইলেক্ট্রনিক্স মেকানিক: ২৬টি। ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কেমিক্যাল প্ল্যান্ট: ৬টি। মোটর মেকানিক্স (ভেহিক্যল): ৩টি। কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট: ৬৫টি। ডিজেল মেকানিক: ৩টি। কার্পেন্টার: ৫টি। প্লাম্বার: ৫টি। ওয়েল্ডার: ২৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক। সেই সঙ্গে সংশ্লিষ্ট ট্রেডে আইটিআই কোর্স পাশ। **বয়স:** ১৬-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, ডিজেল মেকানিক, কার্পেন্টার, প্লাম্বার এবং ওয়েল্ডার ট্রেডের ক্ষেত্রে ১০,৫৬০ টাকা। বাকি ট্রেডগুলির ক্ষেত্রে ১১,০৪০ টাকা।

এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর:

*এরপর চারের পাতায়*

ফুরোবার আগেই সংগ্রহ করুন




**স্বনির্ভরতার সন্ধান**

## লাভজনক কৃষিকাজে পথ দেখাচ্ছে গ্রাফটিং পদ্ধতি

**বাণিজ্যিক কৃষিতে 'কলম' পদ্ধতির প্রয়োগ নিয়ে পরীক্ষা-নিরীক্ষা শুরু হয়েছে, শুধু এ দেশে নয়, বিশ্বের অন্যত্রও। এই পদ্ধতির চাষে ফলন বৃদ্ধি পায় আর ফসলের প্রাকৃতিক খাদ্যগুণও বজায় থাকে। বাজারে এমন স্বাস্থ্যকর সবজির চাহিদাই এখন বেশি। ফলে লাভের সম্ভাবনা অনেকটাই।**

**নিজস্ব প্রতিনিধি:** বিশ্বে অনেক দেশে ফলন বাড়াতে আনাজপাতির উপরও গ্রাফটিং বা কলম করা হচ্ছে। যেমন লাউয়ের সঙ্গে তরমুজ, করলা বা বেগুনের সঙ্গে টম্যাটো, লঙ্কার সঙ্গে ক্যাপসিকাম ইত্যাদি। এতে যেমন ফলন বেশি হচ্ছে, তেমনই উৎপাদিত ফসলের পুষ্টিগুণ বেশি, রোগ প্রতিরোধ ক্ষমতাও অনেক বেশি। চিন ও জাপানে এই পদ্ধতিতে রমরম করে কৃষিকাজ হচ্ছে। এতে কীটনাশক খুব কম প্রয়োগ করতে হয়। ফলে ফসলের যাবতীয় খাদ্যগুণ বজায় থাকে।

আমাদের দেশেও আনাজপাতি চাষে কলম পদ্ধতির ব্যবহার নিয়ে পরীক্ষা-নিরীক্ষা চলেছে। অন্ধ্রপ্রদেশ, ছত্তিসগড়ে চাষিরা ছোট ছোট বুনো বেগুন বা তেতো বেগুন গাছের সঙ্গে টম্যাটো গাছ গ্রাফটিং করে প্রচুর টম্যাটো ফলাচ্ছেন। এতে ফলন অনেক গুণ বেড়ে যায়। এ ছাড়া বুনো বেগুনের সঙ্গে ভালো বেগুন গাছের



কলম করিয়েও প্রচুর বেগুন চাষ হচ্ছে।

### কলম চাষের প্রশিক্ষণ

যাঁরা খামার তৈরি করে উপার্জন করছেন বা চাষের সঙ্গে যুক্ত, তাঁরা কৃষিকাজের এই পদ্ধতি শিখে উপার্জনের কথা ভাবতে পারেন। এতে যেমন ফলন বেশি হবে,

*এরপর পাঁচের পাতায়*

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### কর্মখালি


**আপনি কি রিটায়ার্ড?** সময় + অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে দঃ কলির প্রখ্যাত ব্যাঙ্কিং গ্রুপে পার্টটাইম ম্যানেজার পোস্টে কাজ করুন। আয় 4L/PA. HS+, 55-65. 94336-87009

□

অবসরপ্রাপ্ত - Bank/গভঃ/ Pvt/PSU/ রেল/গৃহবধূ/কমপ্রার্থীদের (30-65, HS+) ভারতের নামী MNC-র Kol অফিসে Manager পদ। Salary + PF + বোনাস। 98311-44909.

□

**Direct Employee Hiring for** Leadership Role for VRS/ Retd/ Housewife/ Others (HS+, 25-65) No Target/ Sales. Salary + Others. 70441-25658.

□

বাড়ির 24 ঘণ্টার কাজের জন্য সৎ, কর্মঠ, পিছুটানহীন মহিলা প্রয়োজন, 40-50 বৎসর-এর মধ্যে। মাহিনা 14000/- টাকা। M : 90389-74199, 84208-07245.

□

হোমিওপ্যাথিক সংস্থায় মাধ্যমিক পাশ কর্মী প্রয়োজন। কাজ: পণ্য বোঝাই, খালাস ও গুদাম রক্ষণাবেক্ষণ। বায়োডাটা WhatsApp করুন: 98310-25321.

□

**Kpsk Pvt. Ltd. hiring! Field** manager– 10, Delivery cum office boy– 02, Salary: 9K – 15K + TA, age: 25 – 45 years, min. 10th pass, freshers/ experienced may apply. Free fooding lodging for outstationed candidates location: Bashdroni, Kol. Ph: 89108-07431/ 90386-06068/ 82829-61915.

□

### কর্মখালি

মেডিসিন ডিস্ট্রিবিউটর ফার্মে সৎ ও পরিশ্রমী Delivery Boy প্রয়োজন, (কলকাতা এবং North 24 Pgs), Fixed Salay 10K + TA. 98300-16609.

□

MNC needs Retd/ VRS/ গৃহবধূ for Manager. 26-73, HS+ Salary + PF + TA + Bonus + Tour. No Sales. No Target. 3hr/3day অফিসিয়াল জব। 98361-62116.

□

অবসরপ্রাপ্তদের সম্মানের সাথে পুনর্নিয়োগ, কলকাতার স্বনামধন্য Co-তে অফিস জবে Govt/Pvt/Retd/VRS-দের জন্য। 40-75, HS+. Salary + PF + Bonus সঙ্গীতা-90510-18065.

□

PART TIME বাড়ি বসে EBooks দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ, ডেটা এন্ট্রি বা নিজ স্মার্ট ফোনে টাইপ করে প্রতি সপ্তাহে সম্মানীয় আয় 82748-74612.

□

অবসরের পরেও আয় স্নাতক 40-70 হলে Mngr পদে রোজগারের জন্য আমার দায়িত্বে বিশ্বাস ও ভরসা নিয়ে আসুন, আপনার অভিজ্ঞতাই আপনার শক্তি। মি: চন্দ- 90075-10903.

□

অবসরের জীবনে 60-75 Top MNC তে উচ্চ আয় Retd Govt/Bank Rly, Army শিক্ষক Mngrl work PartTime বিদেশ ভ্রমণ দ্রুতপদোন্নতি Bonus P.S Bose 62912-11862.

□

**Required only Female staff for** Management, Teaching & Computer-related work at Ketugram NGO. Send CV with Photo WA- 98107-11294.

□

### কর্মখালি

A Residential Co-educational Senior Secondary School in Deoghar, Jharkhand, urgently requires resident teachers for PGT Physics, Chemistry & Mathematics and PRT. Apply within 7 days. Salary negotiable. Send your CV to recruit@therkvvm.org. Enquiries: 94311-32086.

□

**Reputed Co. needs Sr. Manager.** Retd/ VRS/ গৃহবধূ/ ব্যবসায়ী 25-65, HS+. Salary + ESI + Bonus. No Target. 2 day/week. Admin Job. 91237-81966.

□


কর্মক্ষেত্রর আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৫ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৬ সেপ্টেম্বর কর্মক্ষেত্রর জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ১২ সেপ্টেম্বর দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি


**Wanted personel with HR and** Excel knowledge for a location in Amta, Howrah. Ph: 2565-3380/ 89616-92873, sasinternational 2017@ gmail.com

□

**Wanted experienced/ fresh** Diploma Electrical Engineer for Kolkata base Electric Motor Repairing House. Apply to: isaac.engg01@gmail.com

□

**A Diploma engineer mechanical** required for an engineering MSME unit at Budge Budge to look after Production and BIS compliances. Email: kol@pearsondrums.com. M.No.-98365-51735.



**DISCLAIMER SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**


### পাঠকের প্রতি

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।

# ডাক বিভাগে ২৩৭৫৭ ডাক সেবক

*প্রথম পাতার পর*

ডাক সেবকের কোনও পদে নির্বাচিতরা ডাক বিভাগ বা কেন্দ্রীয় সরকারের স্থায়ী কর্মী হিসেবে বিবেচিত হবেন না। দিনে চার-পাঁচ ঘণ্টা কাজ করতে হবে। তাঁরা পারিশ্রমিক বাবদ অ্যালাওয়েন্স পাবেন। তাঁদের জীবিকার্জনের অন্য বৈধ উৎস থাকতে হবে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে। প্রাথমিক ভাবে বাছাই করা প্রার্থীদের নথিপত্র যাচাইয়ের জন্য ডাকা হবে।

উল্লেখ্য, ব্রাঞ্চ পোস্ট অফিসের জন্য জায়গার ব্যবস্থা করতে হবে ব্রাঞ্চ পোস্টমাস্টারকেই। তাঁকে সংশ্লিষ্ট গ্রামেই বসবাস করতে হবে। অ্যাসিস্ট্যান্ট ব্রাঞ্চ পোস্টমাস্টার ও ডাক সেবককে সংশ্লিষ্ট পোস্ট অফিসের চিঠি ডেলিভারির আওতাধীন এলাকার বাসিন্দা হতে হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://indiapost.gov.in/gdsonlineengagement প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। প্রথমে ওয়ান-টাইম রেজিস্ট্রেশন করতে হবে।

রেজিস্ট্রেশনের শেষ তারিখ ১৯ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত করা যাবে ২১ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্ত পূরণের সময় প্রার্থীর স্ক্যান করা ফটো (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ৩০-১০০ কেবি সাইজের মধ্যে) এবং সই (জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে ২০-১০০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

আবেদনের ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২১ সেপ্টেম্বর। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও ট্রান্সউইমেন প্রার্থীদের ফি দিতে হবে না।

দরখাস্ত সংশোধন করা যাবে ২৩ ও ২৪ সেপ্টেম্বর।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কোচিন শিপইয়ার্ডে ২২৭ ইন্টার্ন

*প্রথম পাতার পর*

ইনস্পেক্টর ২টি। মেকানিক অটো ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইন্টার্ন ৪টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ। সঙ্গে আইটিআই কোর্স পাশ, ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট থাকতে হবে।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১১,০০০ টাকা।

এসএসএলসি: ট্রেড অনুসারে আসনসংখ্যা: প্রাইভার ইন্টার্ন: ২০টি। পেইন্টার ইন্টার্ন: ৩০টি। স্ক্যাফোল্ডার ইন্টার্ন: ৩০টি।

শিক্ষাগত যোগ্যতা: মাধ্যমিক পাশ।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১১,০০০ টাকা।

এইচএসই/আইটিআই: ট্রেড অনুসারে আসনসংখ্যা: ইন্টার্ন ওয়্যারহাউস অ্যাসিস্ট্যান্ট: ২৭টি।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক অথবা ন্যাশনাল ট্রেড সার্টিফিকেট-সহ আইটিআই কোর্স পাশ।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১১,০০০ টাকা।

ডিপ্লোমা: ট্রেড অনুসারে আসনসংখ্যা: সিভিল ইঞ্জিনিয়ারিং ২টি। ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং ২টি। ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ২টি। ইনস্ট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং ২টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ২টি। ক্যাটারিং/হোটেল ম্যানেজমেন্ট ২টি। ফার্মাসি ২টি। নার্সিং ২টি।

শিক্ষাগত যোগ্যতা: স্বীকৃত প্রতিষ্ঠান থেকে সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজি শাখায় ডিপ্লোমা।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

গ্র্যাজুয়েশন: ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা: ক্লারিক্যাল: ১১টি।

শিক্ষাগত যোগ্যতা: বি এ অথবা বি কম অথবা বি এসসি অথবা বিবিএ অথবা বিসিএ।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

পোস্ট-গ্র্যাজুয়েশন: ক্যাটেগরি অনুসারে আসনসংখ্যা: ইন্টার্ন হিন্দি: ১টি।

শিক্ষাগত যোগ্যতা: হিন্দিতে স্নাতকোত্তর অথবা হিন্দি ট্রান্সলেশনে এম এ ডিগ্রি।

স্টাইপেন্ড: নির্দিষ্ট মাসিক ১৩,০০০ টাকা।

বয়স: সব ক্ষেত্রেই ১৮ থেকে ২৫ বছরের মধ্যে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষাক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://pminternship.mca.gov.in আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

আবেদনের শেষ তারিখ জানানো হয়নি। আগ্রহী প্রার্থীরা খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্কে ২৩৫ স্পেশ্যালিস্ট অফিসার

*প্রথম পাতার পর*

কোনও শাখায় স্নাতক। ব্রাঞ্চ ব্যাঙ্কিংয়ের কাজে ২ বছরের অভিজ্ঞতা-সহ অফিসার হিসেবে মোট ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। স্কেল-ওয়ান ব্রাঞ্চ হেড হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার। বয়স: ২৩ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০২: ম্যানেজার (আইটি) (এমএমজিএস-টু): ৬৫টি (সাধারণ ২৫, তফসিলি জাতি ১০, তফসিলি উপজাতি ৫, ওবিসি ১৮, আর্থিক ভাবে অনগ্রসর ৭)। এর মধ্যে ৩টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা আইটি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশনে বি ই বা বি টেক। অথবা এমসিএ। অথবা কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে এম এসসি। কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে ফুল স্ট্যাক ডেভেলপমেন্ট, অপারেটিং সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশন, নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেশন, ক্লাউড ইঞ্জিনিয়ারিং, স্টোরেজ অ্যাডমিনিস্ট্রেশন, ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেশন, ডোমেন অ্যাডমিনিস্ট্রেশন, অটোমেশন ইঞ্জিনিয়ার, আইটিএসএম ম্যানেজার, ডিজাস্টার রিকভারি, ভার্চুয়ালাইজেশন ইঞ্জিনিয়ার, ডেভঅপস ইঞ্জিনিয়ার, ডেভসেকঅপস ম্যানেজার, মিডলওয়্যার অ্যাডমিনিস্ট্রেশন, আইটি প্রোকিওরমেন্টে ৩ বছরের অভিজ্ঞতা-সহ মোট ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ওর‌্যাকল ওসিএ/ওসিপি, ভিএমওয়্যার ভিসিপি, সিআইএসএসপি বা সমতুল বিষয়ে সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৩: ম্যানেজার (ইনফর্মেশন সিকিউরিটি) (এমএমজিএস-টু): ৫টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা সাইবার সিকিউরিটি বা ইনফর্মেশন সিকিউরিটিতে বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। সেই সঙ্গে নিম্নলিখিত যে-কোনও তিনটি ডোমেনে অন্তত ২ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। ডোমেনগুলি হল– ওয়েব অ্যাপ্লিকেশন সিকিউরিটি টেস্টিং, মোবাইল অ্যাপ্লিকেশন সিকিউরিটি টেস্টিং, এপিআই সিকিউরিটি অ্যাসেসমেন্ট, সোর্স কোড রিভিউ, ডায়নামিক অ্যাপ্লিকেশন সিকিউরিটি টেস্টিং, এআই/এলএলএম সিকিউরিটি টেস্টিং, রেড টিম অ্যাক্টিভিটিজ। জিআইএসি, ইজেপিটি, ইডব্লুপিটি, কম্পটিআইএ সিকিউরিটি, কম্পটিআইএ পেনটেস্ট প্লাস বা সমতুল বিষয়ে সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। **বয়স:** ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ০৪: ম্যানেজার (ইনফর্মেশন সিকিউরিটি অডিট) (এমএমজিএস-টু): ৫টি (তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন বা সাইবার সিকিউরিটিতে বি ই বা বি টেক অথবা এম ই বা এম টেক। অথবা এমসিএ। সিআইএসএ, সিআইএসএসপি, আইএসও ২৭০০১: এলএ/ওএসসিপি সার্টিফিকেট থাকতে হবে। সেই সঙ্গে কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে ইনফর্মেশন সিকিউরিটি বা আইএস অডিট বা সাইবার সিকিউরিটি অডিটে ১ বছরের অভিজ্ঞতা-সহ মোট ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অথবা ইনফর্মেশন টেকনোলজিতে ২ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২২ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১১: ম্যানেজার (ক্রেডিট) (এমএমজিএস-টু): ৩৫টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৩, ওবিসি ১১, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে ফিনান্সে স্পেশ্যালাইজেশন-সহ এমবিএ বা এমএমএস বা বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা বিজনেস ম্যানেজমেন্টে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা। সিএ বা সিএমএ উত্তীর্ণরাও আবেদন করতে পারেন। পাশাপাশি, কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠানে ক্রেডিট ডোমেনে ২ বছরের অভিজ্ঞতা-সহ সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক। সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট কোর্স করা থাকলে অগ্রাধিকার। বয়স: ২৩ থেকে ৩৩ বছরের মধ্যে হতে হবে।

পোস্ট কোড ১৪: অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (সিকিউরিটি) (জেএমজিএস-ওয়ান): ২৫টি (সাধারণ ১৩, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৬, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে অন্তত ৩ মাসের কম্পিউটার কোর্স করে থাকতে হবে। অথবা স্নাতক স্তরে বা উচ্চতর ক্ষেত্রে ইনফর্মেশন টেকনোলজি বা কম্পিউটার সায়েন্স অন্যতম বিষয় হিসেবে পড়ে থাকতে হবে। অবসরপ্রাপ্ত জুনিয়র কমিশনড অফিসারেরা আবেদন করবেন। আর্মি, নেভি বা এয়ারফোর্সে জেসিও র‌্যাঙ্কে ৫ বছর কাজ করে থাকতে হবে। অথবা প্যারা মিলিটারি ফোর্সে সাব ইনস্পেক্টর বা উচ্চতর র‌্যাঙ্কে ৫ বছর কাজ করে থাকতে হবে। অথবা পুলিশ বিভাগে সাব ইনস্পেক্টর বা উচ্চতর র‌্যাঙ্কে ৫ বছর কাজ করে থাকতে হবে। ফায়ার ফাইটিং বা ফায়ার সেফটিতে সার্টিফিকেট কোর্স করে থাকলে অগ্রাধিকার। মেডিক্যাল ক্যাটেগরি: শেপ-ওয়ান। বয়স: ৩০ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।

১-৮-২০২৬ তারিখে প্রার্থীর নির্দিষ্ট বয়স হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

বেতনক্রম: স্কেল-ওয়ানের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। স্কেল-টুয়ের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। ম্যানেজার (ব্রাঞ্চ ম্যানেজমেন্ট) পদের ক্ষেত্রে পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (৭৫ নম্বর)। বাকি পদগুলির ক্ষেত্রে পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর), ব্যাঙ্কিং বিষয়ক জেনারেল অ্যাওয়্যারনেস (২৫ নম্বর) এবং সংশ্লিষ্ট বিষয়ে (৫০ নম্বর)। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.iob.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৫ সেপ্টেম্বর পর্যন্ত। দরখাস্ত করতে বসার আগে পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০০×২৩০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে), সই (১৪০×৬০ পিক্সেল ডাইমেনশনে ১০-২০ কেবি সাইজের মধ্যে), বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ (২৪০×২৪০ পিক্সেল ডাইমেনশনে ২০-৫০ কেবি সাইজের মধ্যে) এবং হাতে লেখা ডিক্লারেশন (৮০০×৪০০ পিক্সেল ডাইমেনশনে ৫০-১০০ কেবি সাইজের মধ্যে) স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ১,০০০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ভিম বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিটের প্রিন্ট আউট নিয়ে নেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### উড অ্যান্ড প্যানেল প্রোডাক্টস টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

উড অ্যান্ড প্যানেল প্রোডাক্টস টেকনোলজির স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বেঙ্গালুরুর ইনস্টিটিউট অব উড সায়েন্স অ্যান্ড টেকনোলজি। কোর্সের মেয়াদ ১ বছর।

আসনসংখ্যা: ৩৫টি। শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা ফিজিক্স বা ম্যাথমেটিক্স বা ফরেস্ট্রি বা এগ্রিকালচারে বি এসসি। অথবা বিই বা বিটেক পাশ। বয়স: ১-১১-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ওবিসি এবং প্রতিবন্ধীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

কোর্স ফি: ১ লাখ টাকা। এর পাশাপাশি সিকিউরিটি ডিপোজিট বাবদ দিতে হবে ৫,০০০ টাকা (ফেরতযোগ্য)।

প্রতিষ্ঠানের তরফে জানানো হয়েছে কোর্স শেষে কাজ পেতে সহায়তা করা হবে। প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: https://iwst.icfre.gov.in আবেদনপত্রের নির্দিষ্ট স্থানে প্রার্থীর এক কপি ফটো সেঁটে দেবেন ও ফটোর ওপর সই করে দেবেন।

আবেদনের ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা। ফি দিতে হবে ডিমান্ড ড্রাফটের মাধ্যমে। ড্রাফটটি "Director, IWST"-এর অনুকূলে ব্যাঙ্গালোরে প্রদেয় হতে হবে।

প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র ১০ অক্টোবরের মধ্যে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, ICFRE-Institute of Wood Science & Technology, P.B. No.2273, HMT Link Road, P.O. Yeshwanthpur, Bangalore – 560022 (India).

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ০৮০-২২১৯০১০১, ২৩৩৪১৭৩১, ২২১৯০১১৭, ০৮০-৩০৫৩৪০৩৭, ০৮০-৩০৫৩৪০০৫।

### পাবলিক পলিসি অ্যান্ড বিহেভিয়রাল সায়েন্সেসের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স

পাবলিক পলিসি অ্যান্ড বিহেভিয়রাল সায়েন্সেসের অ্যাডভান্সড ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয়। কোর্সের মেয়াদ ১ বছর। কোর্সটি ইউনিসেফের সঙ্গে যৌথ উদ্যোগে করানো হবে। কোর্স শুরু হবে জানুয়ারিতে।

আসনসংখ্যা: ৩০টি। শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় স্নাতক।

কোর্স ফি: ১৭,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে সরাসরি সাক্ষাৎকারের ভিত্তিতে। সাক্ষাৎকার ১৫ ডিসেম্বর।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের ফর্ম যে-কোনও কাজের দিন সকাল সাড়ে ১১টা থেকে বিকেল সাড়ে ৫টার মধ্যে সরাসরি সংগ্রহ করতে হবে বিশ্ববিদ্যালয় থেকে। প্রতিষ্ঠানের ঠিকানা: Jadavpur University Main Campus, 188, Raja S.C. Mallick Rd, Kolkata - 700 032. ফর্ম পাওয়া যাবে ৩ নভেম্বর থেকে।

আবেদনের ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে দিতে হবে ১০০ টাকা। ড্রাফটটি "THE REGISTRAR, JADAVPUR UNIVERSITY, KOLKATA"-এর অনুকূলে কলকাতায় প্রদেয় হতে হবে।

খামের ওপর লিখবেন 'Application - Advanced Diploma in Public Policy and Behavioural Sciences (2026-27)'.

যথাযথ ভাবে পূরণ করা আবেদনপত্র প্রয়োজনীয় নথিপত্র-সহ ডাকে বা সরাসরি ৩০ নভেম্বরের মধ্যে জমা দিতে হবে এই ঠিকানায়: Course Coordinator, Advanced Diploma in Public Policy and Behavioural Sciences, Office of the Department of International Relations, P.G. Arts Building, Jadavpur University Main Campus, Kolkata - 700 032.

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in

## স্টেট ব্যাঙ্কে স্পেশ্যালিস্ট অফিসার

ট্রেড ফিনান্স অফিসার (ইন্টারন্যাশনাল ব্যাঙ্কিং গ্রুপ) পদে ৩৫ জন স্পেশ্যালিস্ট অফিসার নেবে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া। প্রার্থীদের কলকাতা ও হায়দরাবাদে নিয়োগ করা হবে জুনিয়র ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-ওয়ান এবং মিডল ম্যানেজমেন্ট গ্রেড স্কেল-টুয়ে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: CRPD/SCO/2026-27/15.

**শূন্যপদের বিবরণ:** স্কেল-ওয়ান: ১৪টি (সাধারণ ৭, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে। স্কেল-টু: ২১টি (সাধারণ ১০, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ১, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ২)। এর মধ্যে ১টি শূন্যপদ দৃষ্টিসংক্রান্ত প্রতিবন্ধীর জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। সেই সঙ্গে আইআইবিএফ থেকে ফোরেক্স অপারেশনে সার্টিফিকেট। এলআইবিএফ থেকে ডকুমেন্টারি ক্রেডিট স্পেশ্যালিস্ট সার্টিফিকেট বা ডিমান্ড গ্যারান্টি স্পেশ্যালিস্ট সার্টিফিকেট বা ইন্টারন্যাশনাল ট্রেড সার্টিফিকেট বা আইসিসি অ্যাকাডেমি থেকে ট্রেড ফিনান্স প্রফেশনাল সার্টিফিকেট বা গ্লোবাল ট্রেড সার্টিফিকেট বা আইআইবিএফ থেকে ইন্টারন্যাশনাল ট্রেড ফিনান্স সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার। এর পাশাপাশি স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ১ বছর এবং স্কেল-টু পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকা বাধ্যতামূলক।

**বয়স:** ৩১-৭-২০২৬ তারিখে স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ২১ থেকে ৩০ বছর এবং স্কেল-টু পদের ক্ষেত্রে ২৩ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন।

**বেতনক্রম:** স্কেল-ওয়ানের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। স্কেল-টুয়ের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা।

প্রাথমিক ভাবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের ইন্টারভিউয়ের মাধ্যমে নির্বাচিত করা হবে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://sbi.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৯ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে। দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নাটক ও অভিনয় দক্ষতার কোর্স

নিজস্ব প্রতিনিধি: যাদবপুর বিশ্ববিদ্যালয়ে সেন্টার ফর পারফর্মিং আর্টের উদ্যোগে সংস্কৃত বিভাগে নাটক ও অভিনয় দক্ষতার উপর একটি সার্টিফিকেট কোর্স করানো হবে। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

কোর্সের নাম: ড্রামা অ্যান্ড অ্যাক্টিং স্কিল ডেভেলপমেন্ট।

শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ।

আসনসংখ্যা: ২০টি।

কোর্সের মেয়াদ: ৩ মাস।

ক্লাসের সময়: বিকেল ৫টা থেকে সন্ধে সাড়ে ৬টা।

ক্লাস শুরু: ১৫ সেপ্টেম্বর।

কোর্স ফি: ৪,৮০০ টাকা (১৮ শতাংশ জিএসটি যুক্ত হবে)।

আবেদনের শেষ তারিখ: ১২ সেপ্টেম্বর।

গুগল ফর্ম ফিল-আপ করে অনলাইন আবেদন করা যাবে। বিশদ জানতে দেখুন বিশ্ববিদ্যালয়ের এই ওয়েবসাইট: https://jadavpuruniversity.in/

## সাহিত্য অকাদেমিতে বিভিন্ন চাকরি

নিজস্ব প্রতিনিধি: কেন্দ্রীয় সংস্কৃতি মন্ত্রকের অধীনস্থ স্বশাসিত সংস্থা সাহিত্য অকাদেমি বিভিন্ন পদে মোট ৩০ জনকে নেবে। নয়াদিল্লির সদর দপ্তর ছাড়াও কলকাতা, মুম্বই ও বেঙ্গালুরুর আঞ্চলিক দপ্তরে এবং চেন্নাইয়ের উপ-দপ্তরে নিয়োগ করা হবে।

**শূন্যপদের বিবরণ: ডেপুটি সেক্রেটারি (জেনারেল অ্যাডমিনিস্ট্রেশন) (লেভেল-১১):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৫৫ শতাংশ নম্বর সহ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে স্নাতকোত্তর ডিগ্রি। ৭ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৬৭,৭০০-২,০৮,৭০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**অ্যাসিস্ট্যান্ট এডিটর (লেভেল-১০):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: সাহিত্য বা ভাষা নিয়ে স্নাতকোত্তর ডিগ্রি। কপি এডিটিং, পাণ্ডুলিপি দেখা ও প্রোডাকশনের কাজে পাঁচ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটারের প্রাথমিক জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ৫৬,১০০-১,৭৭,৫০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**সিনিয়র লাইব্রেরি অ্যান্ড ইনফরমেশন অ্যাসিস্ট্যান্ট (লেভেল-৬):** শূন্যপদ ২টি (ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: লাইব্রেরি সায়েন্সে স্নাতক। পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা, কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। লাইব্রেরি সায়েন্সে স্নাতকোত্তর ডিগ্রি থাকলে অগ্রাধিকার। মাতৃভাষার পাশাপাশি একটি বা দু'টি অন্য ভারতীয় ভাষায় দক্ষতা থাকলেও অগ্রাধিকার। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ করা হবে মুম্বই (ওবিসি) ও কলকাতায় (আর্থিক ভাবে অনগ্রসর)।

**জুনিয়র ট্রান্সলেশন অফিসার (লেভেল-৬):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি। হিন্দি থেকে ইংরেজি বা ইংরেজি থেকে হিন্দিতে অনুবাদের কাজে তিন বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৩৪,৪০০-১,১২,৪০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (লেভেল-৬):** শূন্যপদ ১টি (ওবিসি)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। বুক পাবলিশিংয়ে ডিপ্লোমা-সহ কোনও প্রিন্টিং প্রেসে পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**প্রোগ্রাম অ্যাসিস্ট্যান্ট (লেভেল-৬):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক বা সমতুল। কোনও প্রকাশনা সংস্থায় পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ করা হবে বেঙ্গালুরুতে।

**পাবলিকেশন অ্যাসিস্ট্যান্ট (লেভেল-৬):** শূন্যপদ ৫টি (সাধারণ ৩, তফসিলি জাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। সেই সঙ্গে প্রিন্টিংয়ে ডিপ্লোমা অথবা কোনও প্রকাশনা সংস্থায় পাঁচ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বেতনক্রম: ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লি, মুম্বই ও বেঙ্গালুরুতে।

**প্রুফ রিডার কাম জেনারেল অ্যাসিস্ট্যান্ট (লেভেল-৪):** শূন্যপদ ২টি (সাধারণ ১, ওবিসি ১)। শিক্ষাগত যোগ্যতা: হিন্দি বা ইংরেজিতে স্নাতক। প্রুফ দেখা জানতে হবে। কম্পিউটারের জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা। নিয়োগ করা হবে কলকাতা ও মুম্বইয়ে।

**স্টেনোগ্রাফার গ্রেড-২ (লেভেল-৪):** শূন্যপদ ৪টি (সাধারণ ২, ওবিসি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। প্রতি মিনিটে ৮০টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। কম্পিউটার সম্পর্কে জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ২৫,৫০০-৮১,১০০ টাকা। নিয়োগ করা হবে কলকাতা, নয়াদিল্লি ও মুম্বইয়ে।

**মেসেঞ্জার কাম রাইডার (লেভেল-২):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। দু' চাকা বা চার চাকার গাড়ি চালানোর অন্তত তিন বছরের লাইসেন্স থাকতে হবে। মোটর মেকানিজম সংক্রান্ত জ্ঞান থাকতে হবে। দু'টি ভাষা জানা থাকলে অগ্রাধিকার। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**ভ্যান ড্রাইভার (লেভেল-২):** শূন্যপদ ১টি (সাধারণ)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। চার চাকার গাড়ি চালানোর লাইসেন্স থাকতে হবে। গাড়ি মেরামতির প্রাথমিক জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা। নিয়োগ করা হবে নয়াদিল্লিতে।

**জুনিয়র ক্লার্ক (লেভেল-২):** শূন্যপদ ৪টি (ওবিসি ১, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, আর্থিক ভাবে অনগ্রসর ১)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। ইংরেজি ও হিন্দিতে প্রতি মিনিটে ৩৫টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। বেতনক্রম: ১৯,৯০০-৬৩,২০০ টাকা। নিয়োগ করা হবে চেন্নাই, নয়াদিল্লি ও মুম্বইয়ে।

**মাল্টি-টাস্কিং স্টাফ (লেভেল-১):** শূন্যপদ ৬টি (ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর-৩)। শিক্ষাগত যোগ্যতা: উচ্চ মাধ্যমিক বা সমতুল অথবা আইটিআই কোর্স পাশ। একাধিক ভাষা জানা থাকলে অগ্রাধিকার। কম্পিউটারের প্রাথমিক জ্ঞান থাকতে হবে। বেতনক্রম: ১৮,০০০-৫৬,৯০০ টাকা। নিয়োগ করা হবে চেন্নাই, নয়াদিল্লি, বেঙ্গালুরু ও কলকাতায়।

সব ক'টি পদের ক্ষেত্রেই প্রার্থীর বয়স ৫০ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত শ্রেণির প্রার্থীরা বয়সে নিয়মানুসারে ছাড় পাবেন।

আবেদনের শেষ তারিখ ২১ সেপ্টেম্বর। আবেদনের ফি বাবদ ডিমান্ড ড্রাফটের মাধ্যমে লেভেল ১০ ও লেভেল ১১-এর পদগুলির ক্ষেত্রে দিতে হবে ১,০০০ টাকা (মহিলা ও তফসিলি প্রার্থীদের ৫০০ টাকা) এবং লেভেল ১ থেকে লেভেল ৬-এর পদগুলির ক্ষেত্রে দিতে হবে ৮০০ টাকা (মহিলা ও তফসিলি প্রার্থীদের ৫০০ টাকা)। প্রতিবন্ধী প্রার্থীদের ফি দিতে হবে না।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন সাহিত্য অকাদেমির এই ওয়েবসাইট: https://sahitya-akademi.gov.in/



## স্কলারশিপের খোঁজখবর

### আই ডি এফ সি ফার্স্ট ব্যাঙ্ক ইঞ্জিনিয়ারিং স্কলারশিপ প্রোগ্রাম ২০২৬-৩০

নির্বাচিত কিছু প্রতিষ্ঠানে ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রথম বর্ষে পাঠরত মেধাবী ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে আই ডি এফ সি ব্যাঙ্ক। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ৬ লাখ টাকার নীচে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি সর্বাধিক ১ লাখ টাকা। স্কলারশিপের মেয়াদ চার বছর।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/IFBES2 আবেদন করা যাবে ২০ সেপ্টেম্বর পর্যন্ত।

### এস বি আই প্ল্যাটিনাম জুবিলি আশা স্কলারশিপ

নবম থেকে দ্বাদশ শ্রেণি, স্নাতক, স্নাতকোত্তর, এমবিবিএস, আইআইটি, আইআইএম কোর্সে পাঠরত মেধাবী ও আর্থিক ভাবে অনগ্রসর ছাত্রছাত্রীদের স্কলারশিপ দিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে স্কুলে পাঠরতদের ক্ষেত্রে ৩ লাখ টাকা ও অন্যান্য ক্ষেত্রে ৬ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** শেষ দেওয়া পরীক্ষায় মোট অন্তত ৭৫ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৬৫ শতাংশ) বা সমতুল সি জি পি এ স্কোর করে থাকতে হবে।

**স্কলারশিপের পরিমাণ:** বছর প্রতি ১৫,০০০-২০,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই লিঙ্কের মাধ্যমে: www.b4s.in/karma/SBISF20 আবেদনের শেষ তারিখ ৪ সেপ্টেম্বর।

### রিলায়েন্স ফাউন্ডেশন আন্ডার-গ্র্যাজুয়েট স্কলারশিপ ২০২৬-২৭

২০২৬-২৭ শিক্ষাবর্ষে যে-কোনও শাখার ডিগ্রি কোর্সের প্রথম বর্ষে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে রিলায়েন্স ফাউন্ডেশন। বার্ষিক পারিবারিক আয় হতে হবে ১৫ লাখ টাকার নীচে।

**আবেদনের যোগ্যতা:** মোট অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ উচ্চমাধ্যমিক পাশ।

**স্টাইপেন্ড:** সর্বাধিক ২ লাখ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। আবেদনের শেষ তারিখ ৫ অক্টোবর। বিশদ তথ্যের জন্য দেখুন এই লিংকটি: www.b4s.in/karma/RFS14

### রিলায়েন্স ফাউন্ডেশন পোস্ট-গ্র্যাজুয়েট স্কলারশিপ ২০২৬-২৭

সায়েন্স ও ইঞ্জিনিয়ারিংয়ের বিভিন্ন শাখায় স্নাতকোত্তর ডিগ্রি কোর্সে পাঠরতদের স্কলারশিপ দিচ্ছে রিলায়েন্স ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীকে অবশ্যই গেট পরীক্ষায় ৫৫০ থেকে ১০০০-এর মধ্যে র‍্যাঙ্ক করে থাকতে হবে অথবা স্নাতক স্তরে অন্তত ৭.৫ সি জি পি এ স্কোর করে থাকতে হবে।

**স্টাইপেন্ড:** সর্বাধিক ৬ লাখ টাকা।

আবেদন করতে হবে অনলাইনে। আবেদনের শেষ তারিখ ৫ অক্টোবর। বিশদ তথ্যের জন্য দেখুন এই লিংকটি: www.b4s.in/karma/RFS15

*(তথ্য সহায়তা: buddy4study)*

## উইপ্রোয় বিজনেস প্রোসেস অ্যাসোসিয়েট

### ফ্রেশাররা আবেদনের যোগ্য

**নিজস্ব প্রতিনিধি:** কলকাতায় বেশ কিছু প্রোসেস অ্যাসোসিয়েট নেবে তথ্য-প্রযুক্তি সংস্থা উইপ্রো। চাকরি হবে বিজনেস প্রোসেস বিভাগে। ফ্রেশার উচ্চ মাধ্যমিক ও গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ইংরেজি বলা ও লেখায় সাবলীল হতে হবে। কম্পিউটার ব্যবহারের অন্তত প্রাথমিক জ্ঞান থাকতে হবে। আমেরিকার হেল্‌থ কেয়ার সম্পর্কে জ্ঞান থাকলে চাকরি পেতে সুবিধা হবে। আগ্রহীরা এখনই আবেদন করতে পারেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://careers.wipro.com/search/?q=&locationsearch=Kolkata&searchResultView=LIST

## ইসরোয় ১৭২

*প্রথম পাতার পর*

বোর্ড। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ISRO:ICRB:03(EMC):2026.

**শাখা অনুসারে শূন্যপদের বিবরণ: পোস্ট কোড বিই০০১: ইলেক্ট্রনিক্স:** ৯৯টি। এর মধ্যে ২১টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৮৪ সিজিপিএ-সহ ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা সমতুল।

**পোস্ট কোড বিই০০২: মেকানিক্যাল:** ৫২টি। এর মধ্যে ১৭টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৮৪ সিজিপিএ-সহ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা সমতুল।

**পোস্ট কোড বিই০০৩: কম্পিউটার সায়েন্স:** ২১টি। এর মধ্যে ৮টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে। **শিক্ষাগত যোগ্যতা:** মোট অন্তত ৬৫ শতাংশ নম্বর বা ৬.৮৪ সিজিপিএ-সহ কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিংয়ে বি ই বা বি টেক বা সমতুল।

**বয়স:** ১৬-৯-২০২৬ তারিখে ২৮ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

বেতনক্রম: সপ্তম পে কমিশনের লেভেল-১০ অনুসারে।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা বা কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা এবং ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। দু'টি পার্টে পরীক্ষা হবে। প্রথম পার্টে থাকবে সংশ্লিষ্ট বিষয়ভিত্তিক প্রশ্ন (৮০ নম্বর) এবং দ্বিতীয় পার্টে থাকবে অ্যাপ্টিটিউড বা এবিলিটি টেস্ট (২০ নম্বর)। উভয় ক্ষেত্রেই অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে। বিষয়ভিত্তিক প্রশ্নের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং আছে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.isro.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় জেপিজি ফর্ম্যাটে প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই এবং তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী প্রার্থীদের ক্ষেত্রে প্রয়োজনীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৭৫০ টাকা (অ্যাপ্লিকেশন ফি ২৫০ টাকা, প্রসেসিং ফি ৫০০ টাকা)। অনলাইনে নেট ব্যাঙ্কিং বা ডেবিট কার্ড বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। লিখিত পরীক্ষা বা কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় অংশ নিলে মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের পুরো ফি এবং বাকিদের প্রসেসিং ফি ফেরত দেওয়া হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইনফর্মেটিক্স সেন্টারে ৩৭৬

*প্রথম পাতার পর*

শিক্ষাগত যোগ্যতা: ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেটিক্স— এর মধ্যে যে-কোনও একটি বিষয় বা সমতুল বিষয়ে এম এসসি বা এম এস বা এমসিএ অথবা বিই বা বি টেক। এর পাশাপাশি, গেট-২০২৪ বা গেট-২০২৫ বা গেট-২০২৬ পরীক্ষায় কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি (সিএস) বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ইসি) বা ডেটা সায়েন্স অ্যান্ড আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (ডিএ) পত্রে বৈধ স্কোর করে থাকতে হবে।

**বয়স:** ৩০-৯-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলি, ওবিসি, প্রতিবন্ধী, প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.nic.in প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে এই সব নথি: প্রার্থীর ফটো (৫০-২০০ কেবি সাইজের মধ্যে), সই (১০-৫০ কেবি সাইজের মধ্যে), বয়স ও শিক্ষাগত যোগ্যতার যাবতীয় নথিপত্র, প্রযোজ্য ক্ষেত্রে কাস্ট, ওবিসি সার্টিফিকেট, দৈহিক প্রতিবন্ধী, আর্থিক ভাবে অনগ্রসর ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে যথাযথ সার্টিফিকেট, কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট (থাকলে)।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ৮০০ টাকা। মহিলা, তফসিলি ও প্রতিবন্ধী প্রার্থীদের ফি লাগবে না। ফি দিয়ে পাওয়া রসিদের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। দরখাস্ত সাবমিটের পর পাওয়া কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: https://www.nic.gov.in

## পশ্চিম রেলে দক্ষ খেলোয়াড়

বিভিন্ন ক্রীড়াক্ষেত্র থেকে ৬৪ জন দক্ষ খেলোয়াড় নেবে পশ্চিম রেল। নিয়োগ করা হবে লেভেল-১, লেভেল-৩/২ এবং লেভেল-৫/৪ ক্যাটেগরিতে। পুরুষ-মহিলা উভয়ই আবেদনের যোগ্য। তফসিলি, ওবিসি এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীরা সংরক্ষণ-সংক্রান্ত কোনও সুবিধা পাবেন না। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: RRC/WR/01/2026 (Sports Quota) dated 27-08-2026.

**লেভেল অনুসারে শূন্যপদের বিবরণ: লেভেল ৫/৪:** শূন্যপদ ৫টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (পুরুষ), জিমন্যাস্টিক্স (পুরুষ), হকি (মহিলা), ওয়েটলিফটিং (পুরুষ) ও রেসলিং (ফ্রি স্টাইল) (পুরুষ)। **শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় স্নাতক। **খেলাধুলার যোগ্যতা:** অলিম্পিক্স (সিনিয়র ক্যাটেগরি) প্রতিযোগিতায় দেশের হয়ে অংশ নিয়ে থাকতে হবে। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— ওয়ার্ল্ড কাপ (জুনিয়র/ ইউথ/ সিনিয়র ক্যাটেগরি), ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ (জুনিয়র/ সিনিয়র ক্যাটেগরি), এশিয়ান গেমস (সিনিয়র ক্যাটেগরি), কমনওয়েলথ গেমস (সিনিয়র ক্যাটেগরি), ইউথ অলিম্পিক্স, চ্যাম্পিয়ন্স ট্রফি (হকি), থমাস/উবের কাপ (ব্যাডমিন্টন)।

**লেভেল ৩/২:** শূন্যপদ ১৬টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (পুরুষ ও মহিলা), ডাইভিং (পুরুষ ও মহিলা), ক্রিকেট (পুরুষ ও মহিলা), ফুটবল (পুরুষ), জিমন্যাস্টিক্স (পুরুষ), হকি (মহিলা), পাওয়ারলিফটিং (মহিলা), সুইমিং (পুরুষ), রেসলিং (ফ্রি স্টাইল) (পুরুষ) ও ওয়েটলিফটিং (পুরুষ)। **শিক্ষাগত যোগ্যতা:** উচ্চ মাধ্যমিক বা সমতুল। অথবা মাধ্যমিক-সহ অ্যাক্ট অ্যাপ্রেন্টিসশিপ কোর্স পাশ। অথবা মাধ্যমিক-সহ এনসিভিটি বা এসসিভিটি স্বীকৃত আইটিআই কোর্স পাশ। **খেলাধুলার যোগ্যতা:** বিশ্বকাপ (জুনিয়র বা সিনিয়র বা ইউথ) বা বিশ্ব-চ্যাম্পিয়নশিপ (জুনিয়র বা সিনিয়র), এশিয়ান গেমস (সিনিয়র), কমনওয়েলথ গেমস (সিনিয়র), ইউথ অলিম্পিক্স, চ্যাম্পিয়ন্স ট্রফি (হকি), থমাস/উবের কাপ (ব্যাডমিন্টন)— যে-কোনও একটি প্রতিযোগিতায় দেশের হয়ে অংশ নিয়ে থাকতে হবে। অথবা, এই সব প্রতিযোগিতার কোনও একটিতে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান অধিকার করে থাকতে হবে— কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস, ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস, ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ (সিনিয়র বা জুনিয়র বা ইউথ), ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশনের আওতাধীন ন্যাশনাল গেমস, অল ইন্ডিয়া ইন্টার ইউনিভার্সিটি চ্যাম্পিয়নশিপ। অথবা, সিনিয়র ক্যাটেগরির ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে প্রথম স্থান অধিকার করে থাকতে হবে।

**লেভেল ১:** শূন্যপদ ৪৩টি। নিয়োগ করা হবে এই সব ক্রীড়াক্ষেত্র থেকে: অ্যাথলেটিক্স (পুরুষ ও মহিলা), বল ব্যাডমিন্টন (পুরুষ), বাস্কেটবল (পুরুষ ও মহিলা), বক্সিং (পুরুষ ও মহিলা), বডি বিল্ডিং (পুরুষ), সাইক্লিং (পুরুষ), হকি (পুরুষ), হ্যান্ডবল (পুরুষ ও মহিলা), খো খো (পুরুষ ও মহিলা), পাওয়ারলিফটিং (পুরুষ), সুইমিং (পুরুষ), ভলিবল (মহিলা), ওয়াটার পোলো (পুরুষ) ও ওয়েটলিফটিং (মহিলা)। **শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক বা সমতুল বা আইটিআই বা এনসিভিটি স্বীকৃত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট কোর্স পাশ। **খেলাধুলার যোগ্যতা:** কমনওয়েলথ চ্যাম্পিয়নশিপ, এশিয়ান চ্যাম্পিয়নশিপ, এশিয়া কাপ (জুনিয়র বা সিনিয়র), সাফ গেমস, ইউএসআইসি চ্যাম্পিয়নশিপ (সিনিয়র), ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমস— যে-কোনও একটি প্রতিযোগিতায় অংশ নিয়ে থাকতে হবে। অথবা, ফেডারেশন কাপ চ্যাম্পিয়নশিপে (সিনিয়র) তৃতীয় স্থান। অথবা, সিনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপে (ম্যারাথন ও ক্রস কান্ট্রি ছাড়া) অষ্টম স্থান।

১-৪-২০২৪ তারিখের আগে আয়োজিত কোনও ক্রীড়া প্রতিযোগিতায় অর্জিত সার্টিফিকেট বা পদক বিবেচনা করা হবে না।

**বয়স:** ১-১-২০২৭ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে কোনও ছাড় নেই।

**বেতনক্রম:** ৫,২০০-২০,২০০ টাকা। সঙ্গে লেভেল অনুসারে গ্রেড পে।

প্রার্থী বাছাই করা হবে শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে এবং খেলাধুলার ট্রায়ালের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.rrc-wr.com অনলাইন দরখাস্তের শেষ তারিখ ৩০ সেপ্টেম্বর। অনলাইন দরখাস্ত পূরণের সময় জেপেগ বা জেপিজি ফর্ম্যাটে প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের রঙিন ফটো (২০-৭০ কেবি সাইজের মধ্যে) এবং সই (২০-৩০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে।

ফি বাবদ দিতে হবে ৫০০ টাকা (মহিলা, তফসিলি, আর্থিক ভাবে অনগ্রসর, দৈহিক প্রতিবন্ধী, সংখ্যালঘু ও প্রাক্তন সমরকর্মীদের ক্ষেত্রে ২৫০ টাকা)। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পর ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে প্রয়োজন হবে। ট্রায়ালে অংশ নিলে ব্যাঙ্ক চার্জ বাদ দিয়ে যথাক্রমে ৪০০ টাকা এবং ২৫০ টাকা ফেরত পাওয়া যাবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ইনকাম ট্যাক্সে দক্ষ খেলোয়াড়

ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট ও মাল্টি-টাস্কিং স্টাফ পদে ৮২ জন খেলোয়াড় নেবে ইনকাম ট্যাক্স। প্রার্থীদের পশ্চিমবঙ্গ ও সিকিম রিজিয়নে নিয়োগ করা হবে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: PCCIT/WB&S/Pers./58/Sports Rec/2025-26 (Pt-II)/10237.

**শূন্যপদের বিন্যাস:** ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট: ২৫টি। মাল্টি-টাস্কিং স্টাফ: ৫৭টি।

**ক্রীড়াক্ষেত্র অনুসারে শূন্যপদের বিন্যাস:** ক্রিকেট ৬টি, ফুটবল ৯টি, অ্যাথলেটিক্স ১৮টি, বাস্কেটবল ৫টি, সুইমিং ৫টি, ভলিবল ৫টি, টেবল টেনিস ৪টি, কবাডি ৬টি, ব্রিজ ২টি, চেস ২টি, ক্যারাম ৪টি, বডি বিল্ডিং ৪টি, ব্যাডমিন্টন ৪টি, আর্চারি ২টি, ক্যারাটে ২টি, লন টেনিস ২টি, প্যারা অ্যাথলেটিক্স ২টি।

**শিক্ষাগত যোগ্যতা:** ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে যে-কোনও শাখায় স্নাতক বা সমতুল। সেই সঙ্গে কম্পিউটারে ঘণ্টায় ৮,০০০ কি ডিপ্রেশনের দক্ষতা থাকতে হবে। মাল্টি-টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল।

**খেলাধুলোর যোগ্যতা:** আন্তর্জাতিক স্তরের প্রতিযোগিতায় দেশের প্রতিনিধিত্ব করে থাকতে হবে। অথবা ন্যাশনাল স্পোর্টস ফেডারেশন বা ইন্ডিয়ান অলিম্পিক্স অ্যাসোসিয়েশন কর্তৃক আয়োজিত সিনিয়র বা জুনিয়র ন্যাশনাল চ্যাম্পিয়নশিপ বা গেমসে রাজ্যের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। সিনিয়র বিভাগে পদক জিতে থাকলে অগ্রাধিকার। অথবা অ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ান ইউনিভার্সিটিজ বা ইন্টার-ইউনিভার্সিটি স্পোর্টস বোর্ড কর্তৃক আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতা বা খেলো ইন্ডিয়া ইউনিভার্সিটি প্রতিযোগিতায় কোনও বিশ্ববিদ্যালয়ের হয়ে অংশগ্রহণ করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। অথবা খেলো ইন্ডিয়া উইন্টার গেমস বা খেলো ইন্ডিয়া ইউথ গেমস বা খেলো ইন্ডিয়া প্যারা গেমসে অংশ নিয়ে অন্তত তৃতীয় স্থান পেতে হবে। অথবা অল ইন্ডিয়া স্কুল গেমস ফেডারেশন কর্তৃক আয়োজিত জাতীয় স্তরের প্রতিযোগিতায় বিদ্যালয়ের প্রতিনিধিত্ব করে অন্তত তৃতীয় স্থান পেয়ে থাকতে হবে। ১-১-২০২২ থেকে ৩০-৬-২০২৬ তারিখের মধ্যে অর্জিত যোগ্যতাই কেবল গ্রাহ্য হবে।

**বয়স:** ১-৭-২০২৬ তারিখে ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছর এবং মাল্টি-টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। নিয়মানুসারে বয়সের ছাড় পাওয়া যাবে।

**বেতনক্রম:** ট্যাক্স অ্যাসিস্ট্যান্ট পদের ক্ষেত্রে ২৫,৫০০-৮১,১০০ টাকা। মাল্টি-টাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮,০০০-৫৬,৯০০ টাকা।

অনলাইনে দরখাস্ত করতে হবে এই গুগল ফর্মের মাধ্যমে: https://forms.gle/sf7iXVo1WeosAjtV6 যথাযথ ভাবে দরখাস্ত পূরণ করবেন। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে। এরপর দরখাস্তের নির্দিষ্ট বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে: www.incometaxindia.gov.in দরখাস্তের নির্দিষ্ট জায়গায় গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত প্রার্থীর রঙিন ফটো সেঁটে দেবেন। দরখাস্ত পূরণ করবেন যথাযথ ভাবে।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন "APPLICATION FOR THE POST(S) OF _____ FOR RECRUITMENT OF MERITORIOUS SPORTS PERSONS IN INCOME TAX DEPARTMENT, WEST BENGAL & SIKKIM" শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন।

যাবতীয় প্রয়োজনীয় নথিপত্রের গেজেটেড অফিসার কর্তৃক প্রত্যয়িত নকল-সহ পূরণ করা দরখাস্ত ৩০ সেপ্টেম্বরের মধ্যে স্পিড পোস্ট বা রেজিস্টার্ড ডাকে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Joint Commissioner of Income Tax, Headquarters (Personnel & Establishment), Kolkata, 1st Floor, Room No-14, Aayakar Bhawan, P-7 Chowringhee Square, Kolkata-700069 খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## নিউক্লিয়ার ফুয়েলে ৫৩৭ অ্যাপ্রেন্টিস

*প্রথম পাতার পর*

NFC/R-III/1/08/2026.

**ইঞ্জিনিয়ারিং শাখা অনুসারে আসনসংখ্যা: মেকানিক্যাল:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ৩৯টি, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার: ১৬টি। **কেমিক্যাল:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ১৩টি, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার: ২টি। **মেটালার্জিক্যাল:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ৩টি। **ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ১৪টি, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার: ৪টি। **ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ২টি, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার: ৩টি। **কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার ৪টি, গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ২টি। **সিভিল:** ডিপ্লোমা ইঞ্জিনিয়ার: ৪টি।

**শিক্ষাগত যোগ্যতা:** সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা বা ব্যাচেলর্স ডিগ্রি। **বয়স:** ১৬-৯-২০২৬ তারিখে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ বছরের ছাড় পাবেন।

**স্টাইপেন্ড:** ডিপ্লোমা পাশ প্রার্থীদের ক্ষেত্রে ১০,৯০০ টাকা ও গ্র্যাজুয়েটদের ক্ষেত্রে ১২,৩০০ টাকা।

এই প্রশিক্ষণের বিজ্ঞপ্তি নম্বর: NFC/R-III/1/08/2026/365.

নিয়মানুসারে তফসিলি, ওবিসি এবং দৈহিক প্রতিবন্ধীদের জন্য আসন সংরক্ষিত থাকবে।

মেধার ভিত্তিতে বাছাই করা প্রার্থীদের নির্বাচিত করা হবে সরাসরি সাক্ষাৎকারের মাধ্যমে।

প্রার্থীকে প্রথমে অ্যাপ্রেন্টিস হিসেবে অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে আইটিআই ট্রেডের ক্ষেত্রে www.apprenticeshipindia.gov.in এবং ইঞ্জিনিয়ারিং শাখার ক্ষেত্রে https://nats.education.gov.in-এর মাধ্যমে। রেজিস্ট্রেশনের পর ওই ওয়েবসাইটেই পুনরায় লগ-ইন করে সার্চ অপশনে গিয়ে সংস্থার এস্টাব্লিশমেন্ট কোড লিখে ট্রেনিংয়ের জন্য আবেদন করতে হবে। আইটিআই পাশ প্রার্থীদের ক্ষেত্রে এস্টাবলিশমেন্ট কোড: E11153600013 এবং ইঞ্জিনিয়ারদের ক্ষেত্রে এস্টাবলিশমেন্ট কোড: STLHDC000003 আবেদনের শেষ তারিখ ১৬ সেপ্টেম্বর।

আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন এই ওয়েবসাইট: nfc.gov.in

জলে-জমিতে কর্মক্ষেত্র

# লাভজনক উদ্যোগ জৈব শাকপাতার চাষ



রাসায়নিক সার ও কীটনাশক ব্যবহার করে ফলানো শাকপাতা ও সবজিতে যে উপকারের চেয়ে শরীর-স্বাস্থ্যের অপকার বেশি হয়, তা এখন বিলক্ষণ বুঝেছেন ক্রেতারা। ফলে জৈব সারে ফলানো শাকপাতা-সবজির চাহিদা এখন খুবই বেশি। দামও ভালো পাওয়া যায়। জৈব পদ্ধতিতে মরসুমি শাকপাতা ফলিয়ে যদি বিক্রি করা যায়, উপার্জন খুবই ভালো হবে। জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা **সৌমেন্দ্রনাথ দাস**।

দিনে দিনে মানুষের স্বাস্থ্য-সচেতনতা বাড়ছে। তার সঙ্গে পাল্লা দিয়ে বেড়ে চলেছে জৈব শাক-সবজির প্রতি ঝোঁক। রাসায়নিক সার ও বিষাক্ত কীটনাশকের ক্ষতিকর দিকের কথা মানুষ বুঝতে পেরেছেন। সবজি কেনা ও খাওয়ার বিষয়ে তাঁরা আগের তুলনায় এখন অনেক বেশি সতর্ক।

শহর এলাকার বাজারে তাই জৈব সার দিয়ে চাষ করা শাকপাতা বিক্রি বহুলাংশে বেড়ে গেছে। শীতের মরসুমে রকমারি শাকপাতা বাজার আলো করে থাকে। অল্প সময়ে খুব সহজেই কেবল জৈব সার প্রয়োগ করে পালং, সরষে, থানকুনি, লেটুস, মুলো, ধনে, মেথি, বাথুয়া, ব্রাহ্মী, কলমি, কুলেখাড়া, হেলেঞ্চা প্রভৃতি শাকপাতার চাষ করতে পারেন এবং তা বিক্রি করে অনায়াসে ভালো লাভ করতে পারেন। এর জন্য অল্প পরিমাণ জায়গা দরকার। আঁটি করে এগুলি বাজারে বিক্রি হতে দেখা যায়। মরসুম অনুসারে বছর ভর নানান রকমের সবজি চাষ ও বিক্রি করা যায়।

আমাদের শরীরের চাহিদা অনুযায়ী সুষম খাবারে প্রতিদিন ২৮৫-৩০০ গ্রাম শাক-সবজি থাকা উচিত। এর মধ্যে অবশ্যই থাকতে হবে অন্তত ১২৫ গ্রাম পরিমাণ শাকপাতা। শাকপাতা উচ্চ মানের পুষ্টিগুণসম্পন্ন এবং দেহের নানান রোগ নিরাময়ে সহায়ক। কার্বোহাইড্রেট ও ফ্যাট কম এবং প্রোটিন, ফাইবার বা আঁশ, ভিটামিন ও খনিজ মৌল প্রচুর পরিমাণে মজুত থাকায় স্বাস্থ্যের জন্য শাকপাতা খুবই উপকারী। এ ছাড়াও শাকে থাকে বেশ কিছু গুরুত্বপূর্ণ অ্যান্টিঅক্সিড্যান্ট, যা শরীরের রোগ প্রতিরোধক ক্ষমতা বৃদ্ধি করে।

কম্পোস্ট বা আবর্জনা সার, গোবরসার, পোল্ট্রিসার, তরল জৈব সার, গোবরগ্যাস প্ল্যান্টের স্লারি, খোল সার ও ভার্মিকম্পোস্ট কিংবা সবুজ সার ব্যবহার করে শাক-সবজি চাষ করলে গাছের রোগ-পোকায় আক্রান্ত হওয়ার সম্ভবনা বহুলাংশে কমে যায়। থাকে না রাসায়নিক কীটনাশকের বিষজনিত রোগের ভয়। জৈব সার প্রয়োগ করে চাষ করা শাকপাতার সজীবতা বহুলাংশে বাড়ে। বাড়িতে বেশি সময় টাটকা থাকে এবং স্বাদেও হয় অতুলনীয়। এরপরও পোকামাকড়ের আক্রমণজনিত সমস্যা হলে জৈব কীটনাশক হিসেবে নিমবীজের নির্যাস (৫) স্প্রে করলে উপকার পাওয়া যাবে এবং চাষ করা শাকপাতাও থাকবে রাসায়নিক বিষ থেকে নিরাপদ।

শাকপাতা চাষের জন্য প্রথমে জমির মাটি ৬ ইঞ্চি গভীর চাষ দিয়ে ঝুরঝুরে করে নিতে হবে। আগাছা তুলে জমি পরিষ্কার করতে হবে। বীজ বপনের পূর্বে প্রতি বর্গমিটার জমির জন্য ৬ কেজি পচানো ও শুকনো গোবর অথবা আবর্জনা সার গুঁড়ো করে নেওয়ার পর জমির মাটির সঙ্গে মিশিয়ে নিতে হবে। এরপর শোধন করে নেওয়া বীজগুলো সারিতে বপন করতে হবে। হালকা মাটির স্তর দিয়ে বীজগুলি ঢেকে দিতে হবে। পরে শুকনো খড় দিয়ে জমির মাটি ঢেকে দিতে হবে। খড়ের উপর ঝারির সাহায্যে জল দেবেন দিনে একবার। চারা বের হলে খড় তুলে ফেলতে হবে। দৈনিক জলসেচ দিতে হবে। চারাগুলি যাতে সূর্যের আলো পায় সেটা দেখতে হবে। আগাছা তুলে ফেলতে হবে। হঠাৎ বৃষ্টি বা প্রচণ্ড কুয়াশার হাত থেকে গাছকে রক্ষা করতে ছাউনির ব্যবস্থা রাখতে হবে। বীজ বপনের ৭-১০ দিনের মাথায় পচানো সরষে অথবা নিমখোলের জলীয় দ্রবণ (১:৮ অনুপাতে) মাটিতে প্রয়োগ করলে শাকপাতার বৃদ্ধি দ্রুত হবে।

সবজির রকম অনুসারে বীজ বোনার ১৫-২০ দিন পর থেকে শাকপাতা জমি থেকে তোলার উপযুক্ত হবে। এরপর থেকে প্রতি ৭ দিন পর পর শাকপাতা তুলে বিক্রি করতে পারবেন। তবে নিয়মিত জলসেচ এবং তরল জৈবসার প্রয়োগ করে যেতে হবে ফসল তোলার পরেও। দীর্ঘসময় ধরে নিয়মিত বাজারে শাকপাতা বিক্রি করে লাভবান হতে চাইলে ৭৭ দিনের ব্যবধানে বীজ বোনার পরিকল্পনা থাকতে হবে।

লক্ষ্য হতে হবে, নিয়মিত নানান রকমের শীতকালীন সবজি ক্রেতাদের বিক্রি করা। অনায়াসে আঁটি প্রতি ৮-১০ টাকায় এগুলি বিক্রি করতে পারবেন।

## সবজিতে রোগ-পোকার প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ

➤ কোনও এলাকায় যে-সবজিতে রোগ ও পোকার প্রাদুর্ভাব বেশি হয়, সেই সবজি ওই এলাকার জমিতে চাষ না করাই ভালো এবং করলে অবশ্যই সহনশীল জাত নির্বাচন করা উচিত।

➤ বীজতলার মাটি, বীজ এবং বীজতলার চারা অবশ্যই শোধন করবেন। ভাইরাস ঘটিত রোগ নিয়ন্ত্রণের জন্য বীজতলায় মশারি ব্যবহার করুন।

➤ জমিতে যতটা পারবেন জৈব সার ব্যবহার করুন। পারলে নিম, মহুয়া বা করঞ্জার খোল ব্যবহার করুন।

➤ মাটি পরীক্ষা করিয়ে নিন। সেই সঙ্গে অম্লত্ব বা ক্ষারত্ব নিয়ন্ত্রণ করুন। প্রয়োজন মতো সুষম সার দিন। পটাশ অবশ্যই দেবেন।

➤ অণুখাদ্যের প্রয়োজন হলে মাটিতে প্রয়োগের চেয়ে স্প্রে করার উপর জোর দিন। প্রয়োজন ছাড়া অণুখাদ্য প্রয়োগ করবেন না।

➤ উঁচু জলনিকাশি ও সেচ-ব্যবস্থা যুক্ত, সারাদিন রোদ্দুর মেলে, এমন জমি নির্বাচন করুন।

➤ ছত্রাকঘটিত ঢলে পড়া রোগ, রোগের প্রাদুর্ভাব আছে এমন এলাকায় ট্রাইকোডার্মা ছত্রাকনাশক দিয়ে বীজ শোধন করে ও গাছের গোড়ায় দিয়ে চাষ করুন। এ ক্ষেত্রে জমিতে রাসায়নিক ছত্রাকনাশক ব্যবহার করবেন না।



➤ জমি এবং আল সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখুন। আগাছা তুলে ফেলুন।

➤ রোগ বা পোকায় আক্রান্ত গাছ ও ফল সর্বদা জমি থেকে তুলে ফেলুন এবং এগুলি আলের ধারে না ফেলে ভালো ভাবে নষ্ট করুন।

➤ একই জমিতে একই রকম ফসল বারবার চাষ না করে অন্য ফসল চাষ করুন।

➤ সপ্তাহে এক দিন বা দুই দিন জমিতে নেমে কোনাকুনি ভাবে রোগ, শত্রুপোকা ও বন্ধুপোকা পর্যবেক্ষণ করুন।

➤ জমির মধ্যে বা ধারে পাখির বসার জন্য ডাল পুঁতে দিন এবং বন্ধুপোকা সংরক্ষণ করুন।

➤ জৈব (যেমন নিম) বা জীবাণু (বিটি/এনপিভি) কীটনাশক বেশি ব্যবহার করুন। এগুলি সর্বদা বিকেলের দিকে স্প্রে করুন।

➤ সীমিত ক্ষমতাযুক্ত বা কম স্থায়ী নীল ও সবুজ রং-বর্জিত শ্রেণির রাসায়নিক ব্যবহার করুন।

➤ একই কীটনাশক বারবার ব্যবহার করবেন না। গ্রুপ পাল্টিয়ে ব্যবহার করুন।

➤ গাছের রস চুষে খাওয়া শোষক পোকার জন্য কৃত্রিম পাইরিথ্রেয়ড জাতীয় বিষ ব্যবহার করবেন না। অন্যান্য ক্ষেত্রে এই জাতীয় বিষ ফসলের জীবনচক্রে এক-দুই বারের বেশি ব্যবহার করবেন না।

➤ সঠিক সময়ে সঠিক ভাবে সক্রিয় মাত্রায়, সঠিক কৃষি-বিষ ব্যবহার করুন। প্রতি একরে পূর্ণবয়স্ক ফসলে ২৫০-৩০০ লিটার জল কৃষি-বিষ প্রয়োগের জন্য ব্যবহার করুন।

➤ রোগের প্রাথমিক অবস্থাতেই প্রতিকারের ব্যবস্থা নিন।

➤ সকালে কিংবা বিকেলে ভালো আবহাওয়ায় বাতাসের অনুকূলে স্প্রে করা উচিত। সবজির জমিতে ফুল ফোটা অবস্থায় বিকেলের দিকে স্প্রে করা ভালো। তাতে মৌমাছি বা প্রজাপতির কম ক্ষতি হয়।

➤ রোগ-পোকা নিয়ন্ত্রণের জন্য পরামর্শ নিতে স্থানীয় কৃষিকর্মী বা কৃষি দপ্তরের সঙ্গে যোগাযোগ করুন।

# কৃষিকাজে পথ দেখাচ্ছে গ্রাফটিং

*প্রথম পাতার পর*

তেমনই আনাজপাতির প্রাকৃতিক খাদ্যগুণও বজায় থাকবে। নিজস্ব জমি না থাকলেও বাড়ির ছাদে গ্রোব্যাগে চাষ করা যায়। তাই শুধু গ্রাম নয়, শহর ও মফস্‌সলের আগ্রহী বাসিন্দারাও এই চাষ-পদ্ধতির কথা ভাবতে পারেন। বিশেষ করে বেকার তরুণ-তরুণীরা কাজটি শুরু করে দেখতে পারেন। তবে তার জন্য এই চাষের প্রকৌশলগুলি আগে শিখে নেওয়া দরকার। সেই পদ্ধতি হাতে-কলমে শেখাবে উত্তর প্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। আগ্রহীরা আবেদন করতে পারেন এখনই।

**কোর্সের নাম:** গ্রাফটিং টোম্যাটো, ব্রিনজল, ক্যাপসিকাম ট্রেনিং প্রোগ্রাম।

**কোর্সের মেয়াদ:** ২২ থেকে ২৫ সেপ্টেম্বর।

**ক্লাসের সময়:** সকাল ১০টা থেকে দুপুর দেড়টা।

**কী শিখবেন:** বীজ নির্বাচন ও রুটস্টক, উন্নত কলম কৌশল, হিলিং চেম্বার পরিচালনা, প্রতিটি চারার উৎপাদন খরচ, মূল্য নির্ধারণ, বিপণন, ল্যাভের ব্যবধান, নার্সারির লাইসেন্স-সহ বাণিজ্যিক নার্সারি বিষয়ে সামগ্রিক ধারণা দেওয়া হবে। বিশেষজ্ঞরা পড়াবেন। হাতে-কলমে প্রশিক্ষণও দেওয়া হবে। প্রয়োজনীয় যন্ত্রপাতি দেবে প্রতিষ্ঠান। এ ছাড়াও সফল কলম চাষি ও বিশেষজ্ঞদের সঙ্গে অনলাইন কথা বলা, পরামর্শ, প্রশ্ন-উত্তরের সুযোগ পাবেন শিক্ষার্থীরা।

**কোর্স ফি:** ৮০,০০০ টাকা।

**পঠনপাঠনের ভাষা:** হিন্দি ও ইংরেজি।

প্রতিষ্ঠানের হোস্টেলে থাকার সুবিধা আছে। তবে থাকা-খাওয়ার খরচ আলাদা। আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটে।

# কেন্দ্রীয় সরকারে কেমিস্ট, জিওলজিস্ট, জিওফিজিসিস্ট এবং সায়েন্টিস্ট ‘বি’

জিওলজিস্ট, জিওফিজিসিস্ট, কেমিস্ট এবং সায়েন্টিস্ট ‘বি’ নিয়োগ করবে ভারত সরকারের খনি মন্ত্রক। প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাবলিক সার্ভিস কমিশন, ‘কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট এক্সামিনেশন’-এর মাধ্যমে। জিওলজিস্ট, জিওফিজিসিস্ট, কেমিস্ট নিয়োগ করা হয়ে থাকে জিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়ায় এবং সায়েন্টিস্ট ‘বি’ নিয়োগ করা হয়ে থাকে জলশক্তি মন্ত্রকের অধীনস্থ সেন্ট্রাল গ্রাউন্ড ওয়াটার বোর্ডে।

**শিক্ষাগত যোগ্যতা:** জিওলজিস্ট পদের ক্ষেত্রে এই সব বিষয়ের যে-কোনও একটিতে এম এসসি ডিগ্রি— জিওলজিক্যাল সায়েন্স, জিওলজি, অ্যাপ্লায়েড জিওলজি, জিও-এক্সপ্লোরেশন, মিনারেল এক্সপ্লোরেশন, ইঞ্জিনিয়ারিং জিওলজি, মেরিন জিওলজি, আর্থ সায়েন্স অ্যান্ড রিসোর্স ম্যানেজমেন্ট, ওশানোগ্রাফি অ্যান্ড কোস্টাল এরিয়াজ স্টাডিজ, পেট্রোলিয়াম জিওসায়েন্সেস, জিওকেমিস্ট্রি।

জিওফিজিসিস্ট পদের ক্ষেত্রে এই সব বিষয়ের যে-কোনও একটিতে এম এসসি ডিগ্রি— ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স, জিওফিজিক্স, অ্যাপ্লায়েড জিওফিজিক্স, মেরিন জিওফিজিক্স। এক্সপ্লোরেশন জিওফিজিক্সে ইন্টিগ্রেটেড এম এসসি এবং অ্যাপ্লায়েড জিওফিজিক্সে এম এসসি (টেক) ডিগ্রিধারীরাও আবেদন করতে পারেন।

কেমিস্ট পদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রি বা অ্যাপ্লায়েড কেমিস্ট্রি বা অ্যানালিটিক্যাল কেমিস্ট্রিতে এম এসসি।

সায়েন্টিস্ট ‘বি’ (হাইড্রোজিওলজি) পদের ক্ষেত্রে জিওলজি বা অ্যাপ্লায়েড জিওলজি বা মেরিন জিওলজি বা হাইড্রোজিওলজিতে স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

**বয়স:** ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হয় দু’পর্যায়ের লিখিত পরীক্ষা (প্রিলিমিনারি ও মেন) এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। কম্পিউটার-ভিত্তিক প্রিলিমিনারি পরীক্ষায় (৪০০ নম্বর) প্রশ্ন হয় অবজেক্টিভ ধরনের এবং মেন পরীক্ষায় (৬০০ নম্বর) প্রশ্ন হয় ডেসক্রিপটিভ ধরনের। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্র কলকাতা। অবজেক্টিভ ধরনের প্রশ্নে ভুল উত্তরের ক্ষেত্রে নেগেটিভ মার্কিং থাকে। এরপর নেওয়া হয় পার্সোন্যালিটি টেস্ট (২০০ নম্বর)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.upsconline.nic.in অনলাইন দরখাস্ত করা যাবে ২ থেকে ২২ সেপ্টেম্বর পর্যন্ত।

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। প্রার্থীদের সুবিধার্থে আগাম এ খবর জানানো হল। আগ্রহীরা নজর রাখুন এই ওয়েবসাইটে: www.upsc.gov.in

# এনটিপিসি-তে এক্সিকিউটিভ ট্রেনি

বিভিন্ন শাখায় বেশ কিছু ইঞ্জিনিয়ারিং এক্সিকিউটিভ ট্রেনি নেবে এনটিপিসি (ন্যাশনাল থার্মাল পাওয়ার কর্পোরেশন)।

নিয়োগ হবে সিভিল, মেকা-নিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি শাখায়। প্রার্থীকে অবশ্যই গেট-২০২৭ পরীক্ষায় নির্দিষ্ট পত্রে উত্তীর্ণ হতে হবে। প্রথমে ১ বছরের ট্রেনিং।

এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ১১/২৬। ১৪ সেপ্টেম্বরের মধ্যে গেট পরীক্ষার জন্য অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://gate2027.iitm. ac.in পরীক্ষা হবে আগামী বছরের ফেব্রুয়ারি মাসে।

গেট পরীক্ষায় প্রাপ্ত রেজিস্ট্রেশন নম্বরের সাহায্যে এনটিপিসি-র শূন্যপদে দরখাস্ত করতে হবে এই দুই ওয়েবসাইটের যে-কোনও একটির মাধ্যমে: www.ntpc.co.in, www.careers.ntpc.co.in

বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহী প্রার্থীদের সুবিধার্থে আগাম এ খবর জানানো হল।

# কন্টেনার কর্পোরেশনে ম্যানেজমেন্ট ট্রেনি ও অ্যাসিস্ট্যান্ট অফিসার

বিভিন্ন শাখায় ৬২ জন ম্যানেজমেন্ট ট্রেনি ও অ্যাসিস্ট্যান্ট অফিসার নেবে কন্টেনার কর্পোরেশন অব ইন্ডিয়া। এটি কেন্দ্রের রেল মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: ০৫/২০২৬।

**শাখা অনুসারে শূন্যপদের বিন্যাস: ম্যানেজমেন্ট ট্রেনি: সি অ্যান্ড ও:** ২৫টি (সাধারণ ১২, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ৩, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ২)। **অ্যাকাউন্টস:** ৯টি (সাধারণ ৪, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৩)।

**অ্যাসিস্ট্যান্ট অফিসার: সি অ্যান্ড ও:** ২০টি (সাধারণ ৯, তফসিলি জাতি ৩, তফসিলি উপজাতি ২, ওবিসি ৫, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **টেকনিক্যাল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)। **সিভিল:** ৪টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, ওবিসি ১)।

**বয়স:** ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৮ বছর এবং অ্যাসিস্ট্যান্ট অফিসার পদের ক্ষেত্রে ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

**বেতনক্রম:** ম্যানেজমেন্ট ট্রেনি পদের ক্ষেত্রে ৫০,০০০-১,৬০,০০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট অফিসার পদের ক্ষেত্রে ৪০,০০০-১,৩৬,০০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.concorindia.co.in অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত।

খুঁটিনাটি তথ্য জানতে আগ্রহীরা দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# কারেন্ট অ্যাফেয়ার্স ১

১০ অগস্ট-২২ অগস্ট

**১০ অগস্ট** ডায়মন্ড হারবারের সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে চোখের চিকিৎসার জন্য বিদেশে যাওয়ার অনুমতি দিল সুপ্রিম কোর্ট। এদিন সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ বলেছে প্রতিটি ব্যক্তির বিদেশ যাওয়ার অধিকার রয়েছে, তাঁর ইচ্ছামতো চিকিৎসা করানোর অধিকার রয়েছে।

## লালকেল্লা থেকে 'বিকশিত ভারত' গড়ার ডাক মোদীর



**১৫ অগস্ট:** দিল্লির লালকেল্লা থেকে টানা ত্রয়োদশ বার স্বাধীনতা দিবসের ভাষণ দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়া হবে বলে প্রতিশ্রুতি দেন মোদী। এবং জেন জি-ই যে তার অন্যতম প্রধান কারিগর তাও জানান প্রধানমন্ত্রী। নতুন প্রজন্মের প্রযুক্তি নির্ভর মানসিকতা, স্টার্ট-আপ ক্ষেত্রে অবদান এবং 'অরেঞ্জ ইকনমি'-তে ভূমিকারও প্রশংসা করেন তিনি। তবে লালকেল্লার বক্তৃতায় 'নকশাল মানসিকতাসম্পন্ন' (দিমাগি নকশাল) যুবশক্তিকে সতর্কও করেছেন মোদী। মনে করা হচ্ছে এই মন্তব্যের প্রেক্ষাপট, যন্তর মন্তরের আন্দোলন ও তার প্রেক্ষিতে কেন্দ্রের পিছু হটতে বাধ্য হওয়া। স্বাভাবিকভাবেই বিষয়টি নিয়ে রাজনৈতিক মহলে চাপানউতোর শুরু হয়েছে।

**বিশিষ্ট ভারতীয় পদার্থবিদ দীপক** ধর ২০২৬ সালের ডিরাক মেডেলে সম্মানিত হলেন। পরিসংখ্যানগত বলবিদ্যায় গুরুত্বপূর্ণ গবেষণার জন্য তাঁকে এই পুরস্কার দেওয়া হয়েছে। ইন্টারন্যাশনাল সেন্টার ফর থিয়োরেটিক্যাল ফিজিক্স বা আইসিটিপি-এর পক্ষে ২০২৬ সালের ডিরাক মেডেলের জন্য চার জন পদার্থবিদকে বেছে নেওয়া হয়। তাঁদের মধ্যে অন্যতম হলেন পদ্মভূষণপ্রাপ্ত দীপক। বাকি ডিরাক মেডেল প্রাপ্তরা হলেন কলেজ দ্য ফ্রান্সের অধ্যাপক বার্নার্ড দেরিদা, বোক্কোনি বিশ্ববিদ্যালয়ের তাত্ত্বিক পদার্থবিদ্যার অধ্যাপক মার্ক মেজার্ড এবং জেরুজালেমের হিব্রু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং অধ্যাপক হাইম সোমপোলিনস্কি।

**১১ অগস্ট** ভারতের অর্থনীতি বিশ্বে চতুর্থ বৃহত্তম হয়ে গিয়েছে বলে কেন্দ্র সাম্প্রতিক অতীতে প্রচার করলেও সংসদে সরকারেরই দেওয়া তথ্য থেকে জানা গেল বিশ্বে ভারত এখন ষষ্ঠ বৃহত্তম অর্থনীতি। এক প্রশ্নের লিখিত উত্তরে রাজ্যসভায় কেন্দ্রীয় অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী জানান, আন্তর্জাতিক অর্থ ভান্ডার (আইএমএফ) তাদের এপ্রিলের সমীক্ষা 'ওয়ার্ল্ড ইকনমিক আউটলুকে' বলেছে, মূল্যবৃদ্ধির প্রভাবকে বাদ না দিয়ে দেশে উৎপাদনের বর্তমান মূল্যের ভিত্তিতে হিসাব করা (নমিনাল রেট) মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জিডিপি গত অর্থবর্ষে (২০২৫-২৬) ছিল ৩.৯২ লক্ষ কোটি ডলার। ওই নিরিখেই ভারত ছ'নম্বরে দাঁড়িয়ে।

**কেন্দ্রীয় উচ্চশিক্ষা দফতরের সচিব** পদে দীপ্তি গৌর মুখোপাধ্যায়কে নিয়োগ করল কেন্দ্র। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর পদ থেকে ধর্মেন্দ্র প্রধান ইস্তফা দেওয়ার দু'দিন আগেই উচ্চশিক্ষা সচিবের পদে রদবদল হয়েছিল। বিনীত জোশীকে সরিয়ে ২৩ জুলাই নরেশপাল গাঙ্গোয়ারকে ওই পদে বসানো হয়। সতেরো দিনের মাথায় ফের নরেশকে সরিয়ে নতুন উচ্চশিক্ষা সচিব নিয়োগ করা হল। উল্লেখ্য, উচ্চশিক্ষা মন্ত্রকের অধীনেই নিট-এর মতো পরীক্ষা আয়োজনের ভারপ্রাপ্ত এনটিএ কাজ করে।

## রাঁচির রাজপথে পড়ুয়াদের 'বিধানসভা মার্চ', বলপ্রয়োগ পুলিশের



**১০ অগস্ট:** দিল্লির যন্তর মন্তরের পুলিশি অভিযানের দৃশ্যের পুনরাবৃত্তি হল রাঁচির রাজপথে। আন্দোলনকারীদের 'বিধানসভা মার্চ' অভিযানে চলল লাঠি, জলকামান, কাঁদানে গ্যাস। কংগ্রেস নেতা তথা, লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী এই পুলিশি সক্রিয়তার নিন্দা করে সমাজমাধ্যম এক্স-এ লিখেছেন, 'ছাত্রদের উপরে এই বলপ্রয়োগ নিঃসন্দেহে ভুল।' উল্লেখ্য, নিয়োগ পরীক্ষায় দুর্নীতির অভিযোগ তুলে তা বাতিল এবং তার স্বাধীন তদন্তের দাবিতে লাগাতার বিক্ষোভ চালিয়ে যাচ্ছেন আন্দোলনকারীরা। মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেন প্রথমে আলোচনার মাধ্যমে সমাধানের কথা বললেও পরে পুলিশি অভিযানের রাস্তা নেন।



"ভারত ও নেপাল সব সময়েই তাদের পারস্পরিক সম্পর্ককে রোটি-বেটি কা রিশতা, রাম-সীতা— এই আঙ্গিকেই দেখিয়ে এসেছে। আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে ধর্ম ও সভ্যতার যোগসূত্র সব সময়েই গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। তবে এখন বাস্তুতন্ত্রের দিক থেকেও আমাদের সম্পর্ক নতুন করে গড়ে তুলতে হবে।"

শিশির খানাল, *নেপালের বিদেশমন্ত্রী*

হিমালয়ের যে ভঙ্গুর অবস্থা তার পরিপ্রেক্ষিতে সংস্কৃতি ও ধর্মীয় মেলবন্ধনের পাশাপাশি এবার ইকোলজিক্যাল ক্ষেত্রেও ভারত-নেপাল সম্পর্ক মজবুত করার আর্জি জানিয়ে

**গ্রামে শিক্ষা পরিকাঠামো নিয়ে** আন্দোলনে নামার ইঙ্গিত দিল সিজেপি। দেশে নতুন সংসদ ভবন, প্রধানমন্ত্রীর নতুন বাসভবন হতে পারলে গ্রামে নতুন সরকারি স্কুল হতে পারে না কেন, এই প্রশ্ন তুলেছেন ককরোচ জনতা পার্টির (সিজেপি) প্রধান অভিজিৎ দীপকে। গ্রামীণ ভারতে শিক্ষার পরিকাঠামো নিয়ে অবহেলার প্রতিবাদে দেশ জুড়ে আন্দোলনে নামার ইঙ্গিত দিয়েছেন তিনি। গ্রামীণ স্কুলগুলির মৌলিক পরিকাঠামো উন্নতির লক্ষ্যে নাগরিক, অভিভাবক ও গ্রামপ্রধানদের এগিয়ে আসার আবেদন জানিয়েছে সিজেপি।

**১২ অগস্ট** মোদী সরকার লোকসভায় খনি ও খনিজ উন্নয়ন ও নিয়ন্ত্রণ আইনে সংশোধনী বিল পাশ করাল। সরকারি বিলে রাজ্যের কর বসানোর অধিকারে লাগাম পরানো হয়েছে। কেন্দ্রীয় সরকারের শর্ত মানলে তবেই খনিজ ও খনি থাকা জমিতে লেভি বসানো যাবে। দু'বছর আগে সুপ্রিম কোর্টের তৎকালীন প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের নেতৃত্বে নয় বিচারপতির বেঞ্চ রায় দিয়েছিল, খনি ও খনিজের উপরে রাজ্য সরকারগুলির কর বসানোর অধিকার রয়েছে। সেই রায় কার্যত নাকচ করে দিয়েই নতুন সংশোধনী বিল পাশ করাল কেন্দ্র।

**টাটা গোষ্ঠীর সঙ্গে ৪০ বছরের** সম্পর্কে ইতি টানার কথা ঘোষণা করলেন টটা সন্সের চেয়ারম্যান নটরাজন চন্দ্রশেখরণ। দক্ষিণ ভারতের কৃষি পরিবারের সন্তান ৬৩ বছর বয়সি চন্দ্রশেখরণ টাটা সন্সের চেয়ারম্যান পদে বসা প্রথম ব্যক্তি, যাঁর সঙ্গে টাটা পরিবারের সম্পর্ক নেই। প্রায় ন'বছর সংস্থার পরিচালনার দায়িত্বে রয়েছেন তিনি। এর মধ্যে এয়ার ইন্ডিয়া ফিরেছে টাটাদের হাতে, আইফোন ভারতে তৈরির চুক্তি হয়েছে, টাটা পা রেখেছে কুইক কমার্স ও নেট-এ ওষুধ ব্যবসায়। মুনাফাও প্রায় তিনগুণ হয়েছে। এবার তৃতীয়বার টাটা সন্সের চেয়ারম্যান হওয়ার পথ থেকে সরে দাঁড়ানোর কথা ঘোষণা করে জানিয়েছেন, ২০২৭-এর ২০ ফেব্রুয়ারি দ্বিতীয় দফার বর্তমান মেয়াদ শেষ হলে আর ওই পদে ফিরবেন না তিনি।

## অস্বাভাবিক মৃত্যু রামপুরহাটের প্রাক্তন মন্ত্রী ও ডেপুটি স্পিকারের



**১৬ অগস্ট:** রামপুরহাটে নিজের বাড়ি সংলগ্ন দলীয় কার্যালয় থেকে ঝুলন্ত দেহ মিলল প্রাক্তন তৃণমূল মন্ত্রী আশিস বন্দ্যোপাধ্যায়ের (৭৫)। ২০০১ থেকে ২০২১ পরপর ৫ বার তৃণমূল থেকে জিতে রামপুরহাটের বিধায়ক হয়েছিলেন আশিস। প্রথমে হন কৃষিমন্ত্রী, পরে ডেপুটি স্পিকারও। পুলিশ পৌঁছে কার্যালয়ের দরজা ভেঙে দেহ উদ্ধার করে। মেলে 'সুইসাইড নোট'ও। রামপুরহাট কলেজের বাংলার অবসরপ্রাপ্ত শিক্ষক, রাজনৈতিক জীবনে দুর্নীতির অভিযোগহীন ও সৎ বলে পরিচিত প্রবীণ নেতার অপমৃত্যুতে রাজনৈতিক চাপান-উতোর লক্ষ করা গিয়েছে।

**১৩ অগস্ট** হরমুজ প্রণালী বন্ধ রাখার ব্যাপারে অনড় অবস্থান নিল ইরান। এদিন তেহরানের তরফে জানানো হয়েছে, ইরানের বিভিন্ন বন্দর এলাকা মার্কিন সেনা যেভাবে অবরুদ্ধ করে রেখেছে, তার জবাব দিতেই এমন পদক্ষেপ করছে তারা। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প সম্প্রতি দাবি করেছিলেন হরমুজের উপর আমেরিকার 'পূর্ণ নিয়ন্ত্রণ' রয়েছে। সেই দাবি কার্যত নস্যাৎ করে ইরানি সেনা দাবি করেছে, কোনও বাণিজ্যিক জাহাজ বা তেলের ট্যাঙ্কার এখনও পর্যন্ত তাদের অনুমতি ছাড়া হরমুজ দিয়ে যেতে পারেনি। বিশেষজ্ঞদের মতে হরমুজ প্রণালী বন্ধ রেখে ওয়াশিংটনের সঙ্গে অর্থনৈতিক 'যুদ্ধ' চালিয়ে যেতে চাইছে ইরান।

**১৪ অগস্ট** স্বাধীনতা দিবসের প্রাক্কালেই দেশ জুড়ে ফের আন্দোলনের ডাক দিলেন লাদাখের বিশিষ্ট সমাজকর্মী সোনম ওয়াংচুক। তাঁর আহ্বান, এই ডাক দেশের 'দ্বিতীয় স্বাধীনতা আন্দোলনের'। ওয়াংচুক জানান, ২০৪৭ সালের মধ্যে যাতে দেশ আরও 'উন্নত' ও 'সম্মানজনক' হয়ে ওঠ, তাই এই আন্দোলন। ওয়াংচুক আরও জানান, 'আজ থেকে ৫০ বছর আগে আমাদের প্রতিবেশী যে দেশগুলি আমাদের থেকেও পিছিয়ে ছিল বা প্রায় সমান ছিল, তারা আজ অনেকটাই এগিয়ে গিয়েছে।'

**কর্মক্ষেত্রে বিশেষ অবদানের জন্য** ২০২৬ সালের 'রাষ্ট্রপতির অতি বিশিষ্ট সেবা পদক' পেলেন কলকাতার নগরপাল অজয় নন্দ। স্বাধীনতা দিবস উপলক্ষে এবছর কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের ঘোষিত পদক তালিকায় 'অতি বিশিষ্ট সেবা পদক' পেয়েছেন রাজ্য পুলিশের ২০ জন। পুরস্কারের প্রাপক তালিকায় রয়েছেন ভিন রাজ্যে এবং কেন্দ্রীয় বাহিনীতে কর্মরত একাধিক বাঙালি আধিকারিক ও জওয়ান। এবছর পুলিশ, দমকল, হোম গার্ড ও অসামরিক প্রতিরক্ষা এবং কারা পরিষেবার মোট ১,০৫৭ জনকে শৌর্য ও সেবা পদক দিয়েছে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক। দেশের মোট ৩০১ জন শৌর্য পদক, ৯২ জন রাষ্ট্রপতির অতি বিশিষ্ট সেবা পদক ও ৬৬৪ জন বিশিষ্ট সেবা পদক পেয়েছেন।

## কলম্বিয়ায় ভূমিকম্পে মৃত তিন শতাধিক



**১১ অগস্ট:** কলম্বিয়ায় এক বিধ্বংসী ভূমিকম্পে তিনশোরও বেশি মানুষের মৃত্যু হল। খবরে প্রকাশ নিখোঁজ ৩,০০০ জনেরও বেশি। মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হয়েছে। ক্যালি, পেরেইরা, চোকো এবং মানিজালেজের গভর্নর ও মেয়রেরা জানিয়েছেন, গোটা অঞ্চলটিতে প্রায় ১,৬০০টি ঘরবাড়ি ভেঙে পড়েছে। এদিন সকালে ৭.৪ মাত্রার কম্পনে কেঁপে ওঠে পশ্চিম কলম্বিয়ার বিস্তীর্ণ অঞ্চল। কলম্বিয়ার প্রেসিডেন্ট আবেলার্দো দে লা এসপ্রিয়েরা জানিয়েছেন, রাজধানী বোগোটা থেকে ২৮০ কিলোমিটার দক্ষিণ-পশ্চিমে অবস্থিত ক্যালি শহরে ক্ষয়ক্ষতি হয়েছে সবচেয়ে বেশি।

**১৬ অগস্ট** আমেরিকার ন্যাশনাল ওশেনিক অ্যাটমোস্ফেরিক অ্যাডমিনিস্ট্রেশন জানাল, কয়েক দশক পরে গোটা বিশ্বে এল নিনিয়োর চরম প্রভাব পড়তে চলেছে। সংস্থার দাবি, ১৯৫০ সালের পর এল নিনিয়োর এমন প্রভাব পড়েনি। আর এখন সেটার আর দেরি নেই। চলতি বছরের শেষ দিকেই এল নিনিয়োর প্রভাব তীব্র হবে বলে মত তাঁদের। উত্তর গোলার্ধে শীতকালে তা সর্বোচ্চ পর্যায়ে পৌঁছবে বলে আশঙ্কা প্রকাশ করেছেন বিশেষজ্ঞরা। মধ্য ও পূর্ব প্রশান্ত মহাসাগরে জলতলের উষ্ণতা ইতিমধ্যেই নির্ধারিত মাত্রা ছাড়িয়েছে. যা 'এল নিনিয়ো' বলেই ধরে নেওয়া যায় বলে বিজ্ঞানীরা জানিয়েছেন।

## দ্বাদশের আগেই স্কুলছুট ৭৩%, বলছে কেন্দ্রের রিপোর্ট



**১৩ অগস্ট:** দেশে সাধ্যের মধ্যে উপযুক্ত মানের শিক্ষার ব্যবস্থা করার বাজেট ও নীতি নিয়ে এস্টিমেট কমিটি সংসদে রিপোর্ট পেশ করল। সেই রিপোর্ট থেকে জানা গিয়েছে, দেশে ১০০-র মধ্যে ৭৩ জন স্কুল পড়ুয়া উচ্চমাধ্যমিক পাশ না করেই পড়াশোনা ছেড়ে দিচ্ছে। তাই প্রাথমিক ও উচ্চ প্রাথমিক স্কুলের তুলনায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্কুলের সংখ্যা অনেক কম। প্রসঙ্গত, সংসদের বাদল অধিবেশনের আগে যন্তর মন্তরের জেন জি আন্দোলন থেকে মোদী সরকারের আমলের শিক্ষা ব্যবস্থা নিয়ে যেসব প্রশ্ন উঠেছিল, সংসদে বিরোধীরা যেসব অভিযোগ তুলেছিলেন, বাদল অধিবেশনের শেষ লগ্নে সংসদের এস্টিমেট কমিটির রিপোর্টে সেই চিত্রই উঠে এল।

# কারেন্ট অ্যাফেয়ার্স ②

**১৭ অগস্ট** পেট্রলে ২০ শতাংশ ইথানল মিশিয়ে ই-২০ জ্বালানি বিক্রি নিয়ে মোদী সরকারের মধ্যেই দ্বিমত প্রকাশ্যে এল। ই-১০ বা পেট্রলে কম পরিমাণে ইথানল মেশানোর পক্ষে সওয়াল করলেন কেন্দ্রীয় সরকারের মুখ্য আর্থিক উপদেষ্টা ভি অনন্ত নাগেশ্বরণ। সরকারের একটি মন্ত্রকের সিদ্ধান্তের বিরুদ্ধে সাধারণত অন্য মন্ত্রক প্রকাশ্যে আপত্তি তোলে না। কিন্তু বর্তমান সরকারে সড়ক পরিবহণ, তেল মন্ত্রক যখন ই-২০ জ্বালানির পক্ষে সওয়াল করছে তখন অর্থমন্ত্রক থেকে রীতি অগ্রাহ্য করে ই-২০ নিয়ে প্রশ্ন উঠল।

**বীরভূমের তারাপীঠের 'বিদেশিনী'** হোটেলে বিধ্বংসী অগ্নিকাণ্ডে দুই নাবালক-সহ ৯ পুণ্যার্থীর মৃত্যু হল। মৃতদের মধ্যে চারজন এ রাজ্যের, পাঁচজন মেঘালয়ের। ঘটনায় শোক প্রকাশ করে সাহায্যের আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। জেলা পুলিশ সুপার ভিদিত রাজ বুন্দেশ জানান, ৩৪ জনকে উদ্ধার করা গিয়েছে।

## জম্মু-কাশ্মীরে সের্জিয়ো গোর



**১৯ অগস্ট:** দীর্ঘদিন পরে জম্মু-কাশ্মীরে একক সফরে গেলেন কোনও মার্কিন রাষ্ট্রদূত। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত সের্জিয়ো গোর কাশ্মীরে দাঁড়িয়ে বললেন, 'এই প্রান্ত ভারতের গুরুত্বপূর্ণ অংশ।' এই বক্তব্যের বিরুদ্ধেই সরব হয়েছে পাকিস্তান। জম্মু-কাশ্মীরে ভ্রমণের ক্ষেত্রে আমেরিকার নাগরিকদের উদ্দেশে জারি করা সতর্কবার্তা কিছুটা শিথিল করা যায় কিনা তা-ও খতিয়ে দেখা হবে বলে জানিয়েছেন গোর। রাষ্ট্রদূতের এই সফর নিয়ে চর্চা শুরু হয়েছে কূটনৈতিক শিবিরে। এদিন শ্রীনগরে জম্মু-কাশ্মীরের মুখ্যমন্ত্রী ওমর আবদুল্লার সঙ্গেও বৈঠক করেন গোর। বৈঠক নিয়ে সন্তোষ প্রকাশ করে গোর জানিয়েছেন পরের আলোচনা দিল্লি ও ওয়াশিংটনে হবে।

**১৮ অগস্ট** 'বন্দে মাতরম' নিয়ে মোদী সরকারের সঙ্গে সংঘাতের পথই বাছল কংগ্রেস। দলের পক্ষ থেকে দেওয়া বক্তব্যে জানানো হয়েছে, কংগ্রেস তার নিজের অনুষ্ঠানে 'বন্দে মাতরম'-এর দু'টি স্তবকই গাইবে। এই অবস্থান স্পষ্ট করেই গোয়ায় কংগ্রেসের সম্মেলনে 'বন্দে মাতরম'-এর দুটি স্তবকই গাওয়া হয়। এ বিষয়ে বিজেপির অভিযোগ উড়িয়ে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খড়্গে বলেছেন, গত নব্বই বছর ধরে 'বন্দে মাতরম' এক ভাবে গাওয়া হচ্ছে। আজ কোনও সরকার এসে তা বদলে দিতে পারে না। তাহলে কাল যে সরকার আসবে, সে আবার নতুন নিয়ম করবে।'

**কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রক এদিন অর্জুন** পুরস্কার প্রাপকদের নাম ঘোষণা করল। এবার এই পুরস্কার পাচ্ছেন ১৭ ক্রীড়াবিদ। এবছর কাউকেই ধ্যানচাঁদ খেলরত্ন পুরস্কার দেওয়া হচ্ছে না। যে ১৭ ক্রীড়াবিদ এবার অর্জুন পুরস্কার পাচ্ছেন তাঁরা হলেন— তেজস্বীন শঙ্কর (অ্যাথলেটিক্স), মহম্মদ আজমল (অ্যাথলেটিক্স), প্রিয়ঙ্কা গোস্বামী (অ্যাথলেটিক্স), তৃষা জোলি (ব্যাডমিন্টন), গায়ত্রী গোপীচন্দ (ব্যাডমিন্টন), নরেন্দ্র গহলৌত (বক্সিং), বিদিত গুজরাতি (দাবা), দিব্যা দেশমুখ (দাবা), ধনুষ শ্রীকান্ত (বধিরদের শুটিং), লালরেমসিয়ামি (হকি), রাজকুমার পাল (হকি), সুরজিৎ সিংহ (কবাডি), পূজা (কবাডি), রুদ্রাংশ খান্ডেলওয়াল (প্যারাশুটিং) ও অনিল শেওরান (শুটিং)। জীবনকৃতি অর্জুন পুরস্কার পাচ্ছেন অরুময় নৈগম (ফুটবল)।

**১৯ অগস্ট** পি এম কেয়ার্স তহবিলের টাকায় দেশে আধুনিক মানের হাজারখানেক সরকারি স্কুল গড়ার দাবি তুললেন সিজেপির প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে। পি এম কেয়ার্স গঠনের ছ'বছরের মাথায় তার অডিট রিপোর্টও প্রকাশিত হয়েছে। দেখা গিয়েছে সেখানে পড়ে রয়েছে প্রায় আট হাজার কোটি টাকা। তা দিয়ে সরকারি শিক্ষার পরিকাঠামো উন্নত করার দাবি জানিয়ে দীপকে বলেন, 'একটি আধুনিক সরকারি স্কুল গড়তে যদি আট কোটি টাকা খরচ পড়ে, তাহলে ওই টাকায় হাজারখানেক সরকারি স্কুল গড়া সম্ভব।'

**মধ্য কলকাতার মির্জা গালিব স্ট্রিটে** এক হোটেলে গভীর রাতে অগ্নিকাণ্ডে ৯ জনের প্রাণহানি হল। মৃতদের মধ্যে পাঁচ জন বাংলাদেশি নাগরিক। অভিযোগ উঠেছে ওই বহুতলে হোটেল বা অতিথিশালা করার না আছে বাণিজ্যিক লাইসেন্স না আছে কোনওরকম অগ্নিনির্বাপণ ব্যবস্থা। রাখাই হয়নি আপৎকালীন পথ। হয়নি ফায়ার অডিটও। কলকাতার এই ব্যস্ত এলাকায় কীভাবে রমরমিয়ে হোটেল ব্যবসা চলছিল, সেই প্রশ্ন উঠেছে। এই ঘটনার পরেই হোটেল, হাসাপাতাল-সহ গুরুত্বপূর্ণ ভবনগুলিতে আগামী একমাস ধরে ফায়ার অডিট হবে বলে নবান্ন সূত্রে জানানো হয়েছে।

## বাংলাদেশের রাষ্ট্রপতি নির্বাচিত হলেন মির্জা ফখরুল



**২০ অগস্ট:** বাংলাদেশের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হলেন বিএনপি প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি পেয়েছেন ২৫৫টি ভোট। আর ১১ দলীয় ঐক্যের প্রার্থী অলি আহমেদ পেয়েছেন ৮৬টি ভোট। সেদেশের মুখ্য নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসিরউদ্দিন এদিন মির্জা আলমগীরকে বিজয়ী ঘোষণা করেছেন। এই অবস্থায় রহুল কবির রিজভীকে দলের ভারপ্রাপ্ত মহাসচিব হিসেবে মনোনীত করেছে বিএনপি।

## অস্ট্রেলিয়ার মাটিতে প্রথম টেস্ট জয় বাংলাদেশের



**১৬ অগস্ট:** অস্ট্রেলিয়ার ডারউইনে ঐতিহাসিক টেস্ট জয় করল বাংলাদেশ। অস্ট্রেলিয়ার মাটিতে এই প্রথম কোনও টেস্ট জিতলেন বাংলাদেশি ক্রিকেটাররা। সিরিজের প্রথম টেস্টে একদিন বাকি থাকতেই অস্ট্রেলিয়াকে ৯ উইকেটে হারাল তারা। প্রথমে ব্যাট করতে নেমে অস্ট্রেলিয়ার প্রথম ইনিংস ১৯৮ রানে শেষ হয়ে যায়। জবাবে বাংলাদেশ ৪২৬ রানের বড় ইনিংস গড়ে। দ্বিতীয় ইনিংসেও অস্ট্রেলিয়ার ব্যাটিং বিপর্যয় হয়। তাদের ইনিংস থেমে যায় ২৮৪ রানে। জেতার জন্য ৫৭ রান তাড়া করতে নেমে ১৪.২ ওভারে জয়ের লক্ষ্যে পৌঁছে যায় বাংলাদেশ। ম্যাচের সেরা হয়েছেন বাংলাদেশের হাসান মাহমুদ।

**দুই ইনিংসে মিলিয়ে মানব সুথারের** ১০ উইকেট ভারতকে শ্রীলঙ্কার বিরুদ্ধে গল টেস্ট জিতিয়ে দিল ১৬৫ রানে। এই জয় ভারতকে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের লড়াইয়েও রাখল। এই টেস্ট জিতে ১২ পয়েন্ট পাওয়ার সঙ্গে সঙ্গে শেষ ১০ টেস্ট থেকে ৬৪ পয়েন্ট হল ভারতের। তবে র‍্যাঙ্কিংয়ে ভারত এখনও পাঁচে। আগের চারটি দেশ হল অস্ট্রেলিয়া, দক্ষিণ আফ্রিকা, নিউজিল্যান্ড ও বাংলাদেশ। গলের এই লড়াই ছিল ভারতের ছ'শো নম্বর টেস্ট। চতুর্থ ইনিংসে ৩৭২ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমেছিল শ্রীলঙ্কা। পঞ্চম দিনে ২০৬ রানে শেষ হয়ে যায় তাদের ইনিংস। ম্যাচের সেরা হয়েছেন দেবদত্ত পাড়িক্কল।

**২০ অগস্ট** নাগরিকত্ব দেওয়ার প্রক্রিয়াকে আরও সরল করতে দেশের ও পশ্চিমবঙ্গ-সহ ছ'টি সীমান্তবর্তী রাজ্য ও দু'টি কেন্দ্রশাসিত অঞ্চলে নাগরিকত্ব মঞ্জুর করার দায়িত্ব জেলাশাসকের হাতে তুলে দিল নরেন্দ্র মোদী সরকার। রাজ্যে গত বিধানসভা ভোটের আগে তড়িঘড়ি নাগরিকত্ব দেওয়ার লক্ষ্যে গত ফেব্রুয়ারি ও মার্চে একাধিক উচ্চ পর্যায়ের কমিটি গঠন করেছিল কেন্দ্র। এদিন জারি হওয়া নাগরিকত্ব আইন (তৃতীয় সংশোধনী) অনুযায়ী পশ্চিমবঙ্গ, অসম ও ত্রিপুরা (জনজাতি এলাকা ব্যতীত), রাজস্থান, গুজরাট, পঞ্জাব ছাড়াও জম্মু-কাশ্মীর এবং লাদাখে উচ্চ ক্ষমতা কমিটি বা জেলা পর্যায়ের কমিটির কাছে নাগরিকত্বের যে আবেদনগুলি বকেয়া রয়েছে, তা এখন থেকে সংশ্লিষ্ট রাজ্যের জেলা-শাসকের কাছে হস্তান্তরিত হবে।

**এশিয়ান গেমসে হেপ্টাথলনে** সোনাজয়ী প্রথম ভারতীয় স্বপ্না বর্মণকে নিষিদ্ধ ড্রাগ ব্যবহারের জন্য সাময়িকভাবে নির্বাসিত করল জাতীয় ডোপ বিরোধী সংস্থা (নাডা)। ২৯ বছর বয়সি স্বপ্না সম্প্রতি অবসর ঘোষণা করেন। তা সত্ত্বেও এই অ্যাথলিটের বিরুদ্ধে শৃঙ্খলাভঙ্গের প্রক্রিয়া অব্যাহত থাকবে বলে স্পষ্ট করেছে নাডা। উল্লেখ্য ২০১৮ সালে জাকার্তা এশিয়ান গেমসে হেপ্টাথলনে সোনা জিতে ইতিহাস তৈরি করেছিলেন স্বপ্না।

## যাদবপুরে তাণ্ডব বহিরাগতদের



**২০ অগস্ট:** বিপুল পুলিশবাহিনী মজুত থাকা সত্ত্বেও তাদের নীরব দর্শকে পর্যবসিত করে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চড়াও হল গেরুয়া পতাকাধারী 'দুর্বৃত্ত বাহিনী'। শিল্পাচার্য নন্দলাল বসুর তৈরি বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যের প্রতীক বিকশিত শতদলে ঘেরা তিনটি প্রদীপশিখা কার্যত পা-দানি হিসেবে ব্যবহার করল রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘের ছাত্র শাখা এভিবিপি-র মিছিল থেকে আসা বহিরাগতরা। কয়েক দশক আগে যাদবপুরের প্রতীক, নন্দলাল বসুর তৈরি ওই চিহ্ন যাদবপুরের চার নম্বর গেটের সুবিশাল প্রবেশদ্বারের সৌন্দর্যায়নে বসানো হয়েছিল। এদিন মধ্যরাত থেকে পরদিন বিকেল পর্যন্ত যাদবপুর বিশ্ববিদ্যালয়ে হামলার ছবিটি বোঝাল, শিক্ষাঙ্গনে রাজনৈতিক দখলদারির এ এক নতুন নিদর্শন।

**২২ অগস্ট** দার্জিলিং-পাহাড় সমস্যার স্থায়ী রাজনৈতিক সমাধানের জন্য কেন্দ্রের তরফে নিযুক্ত মধ্যস্থতাকারী পঙ্কজ সিংহের নেতৃত্বে কমিটি গড়ার সিদ্ধান্ত হল। এদিন শিলিগুড়ির অদূরে সুকনায় কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের উপস্থিতিতে যে বৈঠকে ওই সিদ্ধান্ত হয়, তাতে রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, মুখ্যসচিব মনোজ আগরওয়াল, দার্জিলিংয়ের বিজেপি সাংসদ রাজু বিস্তা, পাহাড়-ডুয়ার্সে বিজেপির পাঁচ বিধায়ক এবং পাহাড়ে বিজেপির সহযোগী বিভিন্ন দলের নেতারাও ছিলেন। ঠিক হয়েছে, নতুন কমিটি সমস্যা সমাধানের লক্ষ্যে খসড়া প্রস্তাব তৈরি করে কেন্দ্রকে দেবে। সেই মতো বিষয়টি নিয়ে পরবর্তী পদক্ষেপ করা হবে।

## রাহুলের সাত ঘণ্টা ধর্নার পর গৃহীত হল পেলেট গানে আহত সাহিলের এফআইআর



**২১ অগস্ট:** ডিসি (নয়াদিল্লি)-র দফতরে রাহুল গান্ধীর সাত ঘণ্টার ধর্নার চাপে অমিত শাহের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন দিল্লি পুলিশ ককরোচ জনতা পার্টি বা সিজেপি-র 'সংসদ চলো' অভিযানে ছররা বন্দুক চালানোর ঘটনায় এফআইআর দায়ের করতে বাধ্য হল। উল্লেখ্য, গত ২০ জুলাই সিজেপি-র 'সংসদ চলো' অভিযানে ছররা বন্দুক বা পেলেট গানে আহত হন হরিয়ানার ১৯ বছরের তরুণ সাহিল লোচাব। এই নিয়ে এফআইআর-এর দাবিতে সাহিল ও তাঁর মাকে নিয়ে রাহুল সংসদ মার্গ থানায় ধর্নায় বসেন। প্রথমে দিল্লি পুলিশ কর্তারা এফআইআরের দাবি খারিজ করেন। কিন্তু বেলা সাড়ে ১১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত ধর্নার চাপে শেষ পর্যন্ত পুলিশ সাহিলের অভিযোগের ভিত্তিতে এফআইআর দায়ের করে।

## বিশ্বকাপ ফাইনালে হারের পর ফিফার শাস্তির মুখে আর্জেন্টিনা



**২১ অগস্ট:** বিশ্বকাপ ফাইনালে স্পেনের কাছে হারের পর ফিফার শাস্তির মুখে পড়ল আর্জেন্টিনা। শৃঙ্খলাভঙ্গের ঘটনায় আর্জেন্টিনা ফুটবল সংস্থা (এএফএ) এবং দলের একাধিক ফুটবলার ও কোচিং স্টাফকে শাস্তি দিল ফিফা। এএফএ-কে ৩ লক্ষ ২১ হাজার ডলার জরিমানা করা হয়েছে। আর্জেন্টিনার তিন সদস্যের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। সবচেয়ে বেশি শাস্তি পেয়েছেন লিয়ান্দ্রো পারেদেস। ১০ ম্যাচ নির্বাসনের পাশাপাশি ৯০ হাজার ডলার জরিমানা হয়েছে তাঁর। নাহুয়েল মোলিনাকে সাত ম্যাচ নির্বাসনের সঙ্গে ৯০ হাজার ডলার জরিমানা করা হয়েছে। থিয়াগো আলমাদার শাস্তি এক ম্যাচ নির্বাসন এবং ৩০ হাজার ডলার জরিমানা।

চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. বাহমনী সাম্রাজ্য কবে স্থাপিত হয়েছিল?
(a) 1327 খ্রিস্টাব্দে (b) 1335 খ্রিস্টাব্দে (c) 1347 খ্রিস্টাব্দে (d) 1349 খ্রিস্টাব্দে
2. ভারতের কোনও অঙ্গরাজ্যের রাজ্যপাল তার সব কাজের জন্য কার কাছে দায়বদ্ধ থাকেন?
(a) সংশ্লিষ্ট রাজ্যের মুখ্যমন্ত্রী (b) সংশ্লিষ্ট রাজ্যের মন্ত্রিপরিষদ (c) সংশ্লিষ্ট রাজ্যের আইনসভা (d) রাষ্ট্রপতি
3. সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
(a) খিজির খান (b) মালিক কাফুর (c) মহম্মদ জিন্না (d) সৈয়দ লোদি
4. নবাব ওয়াজেদ আলি শাহ কোন গান রচনার জন্য বিখ্যাত ছিলেন?
(a) গজল (b) কাওয়ালি (c) ঠুংরি (d) ভাটিয়ালি
5. ভাস্কো দা গামা ছিলেন:
(a) ইংরেজ (b) পোর্তুগিজ (c) ফরাসি (d) ওলন্দাজ
6. প্রধানমন্ত্রী ও কেন্দ্রীয় ক্যাবিনেটের সদস্যরা সকলেই নীচের কোনটির সদস্য?
(a) রিজিওনাল কাউন্সিল (b) যোজনা কমিশন (c) ন্যাশনাল ডেভেলপমেন্ট কাউন্সিল (d) জোনাল কাউন্সিল
7. নীচের কোন উৎসেচকটি পাক গ্রন্থিতে থাকে না?
(a) পেপসিন (b) ট্রিপসিন (c) লাইপেজ (d) রেনিন
8. মহম্মদ বিন তুঘলক দিল্লি থেকে কোথায় রাজধানী স্থানান্তরিত করেছিলেন?
(a) কনৌজ (b) আগ্রা (c) দেবগিরি (d) বুন্দেলখণ্ড
9. 'হিসার' শহর কে নির্মাণ করেছিলেন?
(a) ইলতুৎমিস (b) শাহজাহান (c) বলবন (d) ফিরোজ শাহ তুঘলক
10. 'মহাবিষুব দিন' কোনটি?
(a) 21 মার্চ (b) 21 এপ্রিল (c) 21 মে (d) 21 জুন
11. পৃথিবীর ঘনত্ব:
(a) মহাকর্ষীয় ধ্রুবকের সঙ্গে সমানুপাতিক (b) মহাকর্ষীয় ধ্রুবকের সঙ্গে ব্যস্তানুপাতিক (c) মহাকর্ষীয় ধ্রুবকের সঙ্গে সম্পর্কযুক্ত নয় (d) ওপরের কোনওটিই নয়
12. 'মালঞ্চ' বইটির লেখক কে?
(a) রবীন্দ্রনাথ ঠাকুর (b) মহাত্মা গান্ধী (c) চিত্তরঞ্জন দাশ (d) ডঃ রাজেন্দ্র প্রসাদ
13. নিয়েভেলি কোন রাজ্যে অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) কর্নাটক (c) আসাম (d) ওড়িশা
14. কোন ধরনের মাটি আখ চাষের পক্ষে আদর্শ?
(a) পলিমাটি (b) দোঁয়াশ মাটি (c) এঁটেল মাটি (d) বেলে মাটি
15. করবেট জাতীয় উদ্যানটি কোথায় অবস্থিত?
(a) উত্তরপ্রদেশ (b) হিমাচল প্রদেশ (c) জম্মু ও কাশ্মীর (d) উত্তরাখণ্ড
16. 'কালিভেলি হ্রদ' কোন রাজ্যে অবস্থিত?
(a) মহারাষ্ট্র (b) তামিলনাড়ু (c) দিল্লি (d) পুদুচেরি
17. 'ভারতের চিনির বাটি' কোন রাজ্যকে বলা হয়?
(a) পাঞ্জাব (b) তামিলনাড়ু (c) উত্তরপ্রদেশ (d) হিমাচল প্রদেশ
18. দুর্গেশনন্দিনী উপন্যাসের লেখক কে?
(a) সুভাষচন্দ্র বসু (b) মতিলাল নেহরু (c) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (d) চিত্তরঞ্জন দাশ
19. মৃতকোষ আবিষ্কার করেন (1665):
(a) রবার্ট হুক (b) লিউয়েন হুক (c) লুনিন (d) লিন্ডারম্যান
20. 1857 বা 'এইটিন ফিফটি সেভেন' বইটির লেখক হলেন:
(a) রমেশ মজুমদার (b) বীর সাভারকর (c) গণেশ ঘোষ (d) অরবিন্দ ঘোষ
21. হরিষেণ কার সভাকবি ছিলেন?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) অশোক (c) সমুদ্রগুপ্ত (d) শ্রীগুপ্ত
22. জাপানের সবচেয়ে বড় দ্বীপ কোনটি?
(a) সিকোকু (b) হনসু (c) কিটেসু (d) হোক্কাইডো
23. নিউট্রনের আবিষ্কর্তা কে?
(a) জে জে থমসন (b) রাদার ফোর্ড (c) নীল বোর (d) জেমস স্যাডউইক
24. 'দি আরগুমেনটেটিভ ইন্ডিয়ান' পুস্তকটির লেখক কে?
(a) অমর্ত্য সেন (b) বিমল জালান (c) মুলক রাজ আনন্দ (d) ভান ব্রাউন
25. 1925 সালে ভারতীয় জাতীয় কংগ্রেসে কোন মহিলা সদস্য প্রথম সভাপতিত্ব করেন?
(a) পদ্মজা নাইডু (b) সরোজিনী নাইডু (c) অ্যানি বেসান্ত (d) প্রীতিলতা ওয়াদ্দেদার
26. ব্রহ্মসভার প্রথম সচিব কে ছিলেন?
(a) তারাচাঁদ চক্রবর্তী (b) চন্দ্রশেখর দেব (c) দ্বারকানাথ ঠাকুর (d) প্রসন্নকুমার ঠাকুর
27. কোন সালে ভারতীয় পার্লামেন্ট মৌলিক কর্তব্য-সংক্রান্ত অংশটি সংবিধানে অন্তর্ভুক্ত করেন?
(a) 1976 (b) 1978 (c) 1980 (d) 1982
28. অকালি আন্দোলন কবে শুরু হয়?
(a) 1920 (b) 1925 (c) 1928 (d) 1931
29. সর্বভারতীয় কিষাণসভা কবে গঠিত হয়েছিল?
(a) 1926 (b) 1936 (c) 1946 (d) 1956
30. 'অন্ধ-কবিতা-পিতামহ' উপাধি কাকে দেওয়া হয়েছিল?
(a) মাধব (b) আলসানি পেদ্দন (c) শ্রীনাথ বিদ্যালঙ্কার (d) সায়ন
31. ই-মেল শব্দে 'ই' কথাটির অর্থ কী?
(a) ইজি (b) ইংলিশ (c) ইমারজেন্সি (d) ইলেক্ট্রনিক
32. 'হুতোম প্যাঁচার নক্সা'-র লেখক কে?
(a) সুকুমার রায় (b) কালীপ্রসন্ন সিংহ (c) রাজশেখর বসু (d) বিষ্ণু দে
33. সুচিত্রা-উত্তম জুটির প্রথম ছবি কোনটি?
(a) সাগরিকা (b) সপ্তপদী (c) সাড়ে চুয়াত্তর (d) আমার আলো
34. রাজ্যের সর্বোচ্চ আইন আধিকারিক কে?
(a) অডিটর জেনারেল (b) অ্যাডভোকেট জেনারেল (c) সলিসিটর জেনারেল (d) মুখ্যমন্ত্রী
35. 'Prince of Medieval Travellers' নামে কে পরিচিত ছিলেন?
(a) ফা-হিয়েন (b) মার্কোপোলো (c) ইবন বতুতা (d) হিউয়েন সাঙ
36. সারনাথ স্তম্ভে মোট ক'টি সিংহ মূর্তি খোদাই করা আছে?
(a) 2টি (b) 4টি (c) 5টি (d) 3টি
37. কোন বছর গোয়া পূর্ণাঙ্গ রাজ্যের মর্যাদা পায়?
(a) 1987 (b) 1982 (c) 1980 (d) 1978
38. পশ্চিমবঙ্গের কোথায় 'ধূপছায়া' শাড়ি তৈরি হয়?
(a) ধনেখালি (হুগলি) (b) বাঁকুড়া (c) বেগমপুর (হুগলি) (d) পাঁশকুড়া (পশ্চিম মেদিনীপুর)
39. পঞ্চায়েতিরাজ কোন তালিকার অন্তর্ভুক্ত?
(a) যুগ্ম তালিকা (b) রাজ্য তালিকা (c) কেন্দ্র তালিকা (d) অষ্টম তফশীল
40. 'ক্যালকাটা' নামটি পরিবর্তিত হয়ে কবে 'কলকাতা' হয়?
(a) 1999 (b) 2000 (c) 2001 (d) 2004
41. 1 নটিক্যাল মাইল = কত মিটার?
(a) 1950 (b) 1850 (c) 1852 (d) 2050
42. পশ্চিমবঙ্গের কোন জেলার মাদুর পৃথিবী বিখ্যাত?
(a) মেদিনীপুর (পূর্ব ও পশ্চিম) (b) বাঁকুড়া (c) পুরুলিয়া (d) বীরভূম
43. অলিম্পিক গেমসে টেবিল টেনিস খেলাটি কত সালে অন্তর্ভুক্ত করা হয়?
(a) 1988 (b) 1983 (c) 1981 (d) 1979
44. পশ্চিমবঙ্গের কোন জেলায় 'বড়াম' উৎসব পালিত হয়?
(a) বাঁকুড়া (b) মালদহ (c) নদিয়া (d) কোচবিহার
45. সংবিধানের কোন ধারা অনুযায়ী ভারত সরকার ভারতরত্ন এবং পদ্মশ্রী পুরস্কার প্রদান করে থাকে?
(a) ধারা-14 (b) ধারা-18 (c) ধারা-20 (d) ধারা-22
46. 'বন্দেমাতরম' কে রচনা করেছিলেন?
(a) রজনীকান্ত সেন (b) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়
47. ভারতে মুসলিম লিগ কে প্রতিষ্ঠা করেন?
(a) সৈয়দ আহমেদ খান (b) নবাব সলিমুল্লাহ (c) আর এ কিদোয়াই (d) আব্দুল গফফর খান
48. দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনা কৌশল গ্রহণের সঙ্গে কার নাম যুক্ত?
(a) মহাত্মা গান্ধী (b) প্রশান্তচন্দ্র মহালানবীশ (c) বাদশা খান (d) লর্ড স্বরাজপল
49. 'জাতীয় মেলা' কে প্রতিষ্ঠা করেন?
(a) নবগোপাল মিত্র (b) রাজনারায়ণ বসু (c) অক্ষরকুমার দত্ত (d) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর
50. 'বাংলার ঘরে যত ভাই বোন এক হউক, হে ভগবান' —কে লিখেছিলেন?
(a) রজনীকান্ত সেন (b) মুকুন্দ দাস (c) দ্বিজেন্দ্রলাল রায় (d) রবীন্দ্রনাথ ঠাকুর
51. রাজনৈতিক দলগুলিকে আঞ্চলিক অথবা জাতীয় স্তরের দলরূপে কে স্বীকৃতি দেওয়ার অধিকারী?
(a) উপরাষ্ট্রপতি (b) পার্লামেন্ট (c) নির্বাচন কমিশন (d) রাষ্ট্রপতি
52. আমাদের দেশে বৈদেশিক মুদ্রার তহবিল রক্ষা করে কে?
(a) স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (b) অর্থমন্ত্রক, ভারত সরকার (c) রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া (d) এক্সপোর্ট-ইমপোর্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
53. ভারতের প্রথম দলিত রাষ্ট্রপতি কে ছিলেন?
(a) শঙ্করদয়াল শর্মা (b) আর ভেঙ্কটরামন (c) নীলাম সঞ্জীব রেড্ডি (d) কে. আর নারায়ণন
54. 'মিনা' উপজাতি ভারতের কোন রাজ্যে বসবাস করে?
(a) রাজস্থান (b) মিজোরাম (c) অন্ধ্রপ্রদেশ (d) মণিপুর
55. স্কার্ভি রোগটি কোন ভিটামিনের অভাবে মানবদেহে দেখা যায়?
(a) ভিটামিন-A (b) ভিটামিন-C (c) ভিটামিন-D (d) ভিটামিন-K
56. সিরাজদৌল্লা কলকাতা শহরের কী নামকরণ করেন?
(a) আলির্বর্দিবাদ (b) সিরাজনগর (c) জামনগর (d) আলিনগর
57. দুর্গাপুর জলাধারটি কোন নদীর উপর নির্মিত হয়েছে?
(a) অজয় (b) ময়ূরাক্ষী (c) দামোদর (d) রূপনারায়ণ
58. প্রধানমন্ত্রী তাঁর কাজের জন্য কার কাছে দায়বদ্ধ থাকেন?
(a) লোকসভা (b) রাষ্ট্রপতি (c) রাজ্যসভা (d) মন্ত্রীপরিষদ
59. ভারতের প্রথম প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে কে শপথবাক্য পাঠ করিয়েছিলেন?

এরপর নয়ের পাতায়

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**নির্দেশ (1 থেকে 5):** *নীচের প্রতি সারিতে প্রথম দু'টি শব্দের মধ্যে যে সম্বন্ধ তৃতীয়টির সঙ্গে নীচে যে শব্দগুলি আছে তার একটির সেইরূপ সম্বন্ধ, শব্দটির সন্ধান করুন।*
1. 'হাত' এর সঙ্গে 'লেখা'র যে সম্বন্ধ, 'পা'-এর সঙ্গে সেই সম্বন্ধ:
(a) জুতোর (b) আঙুলের (c) চলার (d) মোজার
2. 'ভদ্রলোক' এর কাছে 'সত্য' যেমন, 'মিথ্যা' সে রকমই-এর কাছে:
(a) অভদ্রর (b) জীবজন্তুর (c) দরিদ্রর (d) অসত্যর
3. 'চোখ' এর কাছে 'দৃষ্টি' যেমন, 'গন্ধ' তেমনই এর কাছে:
(a) কর্ণ'র (b) শরীরের (c) নাসিকার (d) জিহ্বার
4. 'ক্ষুধার' সঙ্গে 'খাদ্য'-র যে সম্বন্ধ, 'জল'-এর সঙ্গে সেই সম্বন্ধ:
(a) তরলের (b) বর্ণহীনতার (c) তৃষ্ণার (d) মিষ্টির
5. 'অন্ধকার' যেমন নৈরাশ্যজনক', 'উৎসাহজনক' তেমনই:
(a) উজ্জ্বল (b) ঠাট্টা (c) বাড়ি (d) হাসি
6. কোন এক সংকেতে '253' বলতে বোঝায় 'Books are old', '546' বলতে বোঝায় 'man is old', '378' বলতে বোঝায় 'buy good books', 'are' সংকেত কী?
(a) 2 (b) 5 (c) 7 (d) 6
7. অজানা সংখ্যাটিকে নির্ণয় করুন:
4, 8, 9, 27, 16, 64, 25, ?
(a) 81 (b) 125 (c) 100 (d) 36
8. যদি TRAIN-কে OJBSU সংকেত দ্বারা প্রকাশ করা হয় তাহলে BUS-এর সংকেত কী হবে?
(a) CVT (b) TVC (c) CTV (d) TCV
9. যদি কোনও সংখ্যার শতকরা 40 ভাগের সঙ্গে 24 যোগ করলে উক্ত সংখ্যাটিকেই পাওয়া যায়, তাহলে সংখ্যাটি হল:
(a) 24 (b) 40 (c) 16 (d) 64
10. Adult : Baby : : Flower : ?
? চিহ্নিত স্থানে নীচের কোন শব্দটি বসবে?
(a) Seed (b) Bud (c) Stem (d) Fruit
11. বিসদৃশটি বার করুন:
Fingers, Palm, Wrist, Knee
(a) Fingers (b) Palm (c) Wrist (d) Knee
**নির্দেশ (12 থেকে 16):** সারিগুলির (?) চিহ্নিত স্থানে সংখ্যা বা অক্ষর বসিয়ে সারিটি পূর্ণ করুন:
12. 1, 2, 2, 4, 8, ?
(a) 16 (b) 20 (c) 24 (d) 32
13. 4, 32, 128, ?
(a) 144 (b) 128 (c) 192 (d) 256
14. 5, 9, 17, 33, ?
(a) 41 (b) 50 (c) 65 (d) 66
15. ba __ ba ___ bac ___ acb ___ cbac
(a) aacb (b) bbca (c) ccba (d) cbac
16. acc __ bc ___ a ___ ccbbcc.
(a) abab (b) bcaa (c) aabc (d) bcab
17. '?' চিহ্নিত স্থানে সঠিক সংখ্যা বসিয়ে চিত্রগুলি পূর্ণ করুন:


(a) 1 (b) 2 (c) 3 (d) 5
18.


(a) 45 (b) 48 (c) 52 (d) 68
19. যদি PAINT শব্দটির সংকেত 74128 হয় এবং EXCEL শব্দটির সংকেত 93596 হয় তবে ACCEPT শব্দটির সংকেত কত হবে?
(a) 455977 (b) 455978 (c) 455973 (d) 455975
20. একটি সারিতে A, B, C, D ও O 5টি বাড়ি আছে। A, B-এর ডানদিকে কিন্তু C-এর বাঁদিকে। O, A-এর ডানদিকে, B, D-এর ডানদিকে। কোন বাড়িটি মাঝখানে অবস্থিত?
(a) O (b) A (c) B (d) D
21. 'BELIEVER' শব্দটি দ্বারা নীচের কোন শব্দটি তৈরি করা যাবে না?
(a) REVEL (b) LIBERAL (c) LIVER (d) RELIEVE
22. যদি '+' মানে '÷', '−' মানে '+', '×' মানে '−' এবং '÷' মানে '×' হয়, তবে 8 ÷ 6 − 3 × 4 + 2-এর মান কত?
(a) 39 (b) 49 (c) 59 (d) 69
23. নিম্নে কতগুলো আকৃতি দেওয়া হল। প্রশ্নের ছবিটি উত্তরের কোন ছবিগুলোর মধ্যে প্রচ্ছন্ন আছে?
Question Figure


এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## পি এস সি মিসলেনিয়াস

### প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

(a) ডঃ রাজেন্দ্রপ্রসাদ (b) মহাত্মা গান্ধী (c) চক্রবর্তী রাজাগোপালাচারী (d) লর্ড মাউন্টব্যাটেন

60. 'শিলাদিত্য' উপাধি কে নিয়েছিলেন?
(a) দ্বিতীয় চন্দ্রগুপ্ত (b) হর্ষবর্ধন (c) অশোক (d) সমুদ্রগুপ্ত

61. কোন ফুটবলার প্রথম অর্জুন পুরস্কার পান?
(a) অরুণ ঘোষ (b) পি কে ব্যানার্জি (c) চুনি গোস্বামী (d) অমল বিশ্বাস

62. কোন মৌলের নামের গ্রিক অর্থ 'The Water Former'?
(a) অক্সিজেন (b) ক্লোরিন (c) হাইড্রোজেন (d) নাইট্রোজেন

63. কোন রাজ্য 'তেরেখোল' নদী দ্বারা মহারাষ্ট্র থেকে পৃথক হয়েছে?
(a) গুজরাট (b) গোয়া (c) মধ্যপ্রদেশ (d) অন্ধ্রপ্রদেশ

64. সত্যজিৎ রায়ের 'পরশপাথর' ছবিটির কাহিনীকার কে ছিলেন?
(a) রাজশেখর বসু (b) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় (c) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (d) মণিশঙ্কর মুখার্জি

65. 'ম্যাস্টেকটমি' দ্বারা কোন মানব অঙ্গ অপসারণ করা হয়?
(a) লিভার (b) বৃক্ক (c) স্তন (d) ডিম্বাশয়

66. মামা ভাগ্নে পাহাড়টি পশ্চিমবঙ্গের কোন জেলায় অবস্থিত?
(a) বাঁকুড়া (b) পুরুলিয়া (c) বর্ধমান (d) বীরভূম

67. ভারতে সর্বপ্রথম কোথায় 'মে দিবস' পালন করা হয়?
(a) চেন্নাই (b) মুম্বাই (c) বেঙ্গালুরু (d) কলকাতা

68. ভারতীয় সংবিধানের প্রস্তাবনাটিকে কত বার সংশোধন করা হয়েছে?
(a) 1 বার (b) 2 বার (c) 3 বার (d) 4 বার

69. নল সরোবর অভয়ারণ্য ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) রাজস্থান (b) গুজরাট (c) হরিয়ানা (d) কর্নাটক

70. 'হেনলির লুপ' মানবদেহের কোন অঙ্গে পাওয়া যায়?
(a) হৃৎপিণ্ড (b) বৃক্ক (c) অগ্ন্যাশয় (d) যকৃৎ

71. 'ধোয়ি' কোন রাজার সভাকবি ছিলেন?
(a) বল্লাল সেন (b) মহীপাল (c) শশাঙ্ক (d) লক্ষ্মণ সেন

72. পরমবীর চক্রের উপর কোন ফুলের ছবি থাকে?
(a) ডালিয়া (b) গোলাপ (c) পদ্ম (d) রজনীগন্ধা

73. কোন সুলতান 'রেশনিং ব্যবস্থা' প্রবর্তন করেন?
(a) গিয়াসুদ্দিন বলবন (b) আলাউদ্দিন খিলজি (c) ফিরোজ তুঘলক (d) মহম্মদ বিন তুঘলক

74. আয়োডিন দেওয়া হয় যে রোগে আক্রান্ত রোগীকে তা হল:
(a) রাতকানা (b) রিকেট (c) বাত (d) গলগন্ড

75. সীমান্ত গান্ধী নামে কে পরিচিত ছিলেন?
(a) আব্দুল গফফর খান (b) মহাত্মা গান্ধী (c) সৌকত আলি (d) মহম্মদ আলি জিন্নাহ

76. একজন ব্যক্তি ঘণ্টায় 10 কিলোমিটার বেগে স্থির জলে নৌকা চালাতে পারে। যখন স্রোতের দিকে চলে তখন 1 কিলোমিটার যায় 5 মিনিটে। স্রোতের বেগের পরিমাণ হল (ঘণ্টায় কিমি হিসাবে):
(a) 3 (b) 8 (c) 2 (d) 5

77. $\frac{(4.6)^3+0.064}{(4.6)^2-1.84+0.16}=?$
(a) 4 (b) 4.5 (c) 5 (d) 6

78. বৃত্তের পরিধি 44 সেন্টিমিটার হলে, বৃত্তের আয়তন নির্ণয় করুন:
(a) 154 বর্গসেমি (b) 156 বর্গসেমি (c) 158 বর্গসেমি (d) 160 বর্গসেমি

79. A-র আয় B-র আয়ের চেয়ে 25% বেশি। B-র আয় A-র আয়ের কত শতাংশ?
(a) 90% (b) 85% (c) 80% (d) 75%

80. কোনও সংখ্যার ঘন থেকে তার বর্গের বিয়োগফল 48 হলে সংখ্যাটি কত?
(a) 4 (b) 3 (c) 2 (d) 2.5

81. $\frac{3}{4}$-এর লব ও হরের সঙ্গে কোন সংখ্যা যোগ করলে তা $\frac{11}{12}$ হবে?
(a) 7 (b) 8 (c) 9 (d) 10

82. $\frac{25\times90}{12\%\ \text{of}\ 250}=?$
(a) 50 (b) 45 (c) 75 (d) 80

83. $(5)^2\times(25)^3\times125=(5)^?$
(a) 9 (b) 7 (c) 8 (d) 11

84. একটি দুই অঙ্কের সংখ্যার অঙ্ক দু'টির গুণফল 8, সংখ্যাটির সঙ্গে 18 যোগ করলে সংখ্যাটি উল্টে যায়। সংখ্যাটি হল:
(a) 18 (b) 42 (c) 81 (d) 24

85. একটি ক্যাম্পে 95 জনের 200 দিনের খাদ্য ছিল। 5 দিন পর 30 জন চলে গেল। বাকি খাদ্যে আর কতদিন চলবে?
(a) 284 দিন (b) 285 দিন (c) 286 দিন (d) 287 দিন

86. কোন স্কুলের ছাত্রসংখ্যার 10%, ছাত্রীসংখ্যার $\frac{1}{4}$-এর সমান, ছাত্র ও ছাত্রীসংখ্যার অনুপাত কত?
(a) 3 : 2 (b) 5 : 2 (c) 2 : 1 (d) 4 : 3

87. যে লঘিষ্ঠ সংখ্যাটি দ্বারা 2592-কে ভাগ করলে একটি পূর্ণবর্গ সংখ্যা হবে তা হল:
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

88. যদি 8*564 সংখ্যাটি 9 দ্বারা বিভাজ্য হবে তাহলে লুপ্ত অঙ্কটি হবে?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

89. কোনও পরীক্ষায় A, 81 নম্বর পায় যেটা B-এর প্রাপ্ত নম্বরের তুলনায় 10% কম। B পেয়েছে:
(a) 88 (b) 91 (c) 89 (d) 90

90. $(\sqrt{10}-3)(\sqrt{10}+3)=?$
(a) 1 (b) 2 (c) $2\sqrt{10}$ (d) 6

91. যদি A : B = 3 : 4 এবং B : C = 6 : 5 হয় তবে C : A = ?
(a) 10 : 9 (b) 9 : 10 (c) 8 : 9 (d) 9 : 8

92. একজন ব্যাটসম্যান দশম ইনিংসে 100 রান করায় গড় রান পূর্বের নয়টি ইনিংস অপেক্ষা 8 রান বৃদ্ধি পায়। 10ম ইনিংসের পর গড় রান:
(a) 20 (b) 25 (c) 27 (d) 28

93. $\sqrt[3]{2197}=?$
(a) 11 (b) 14 (c) 7 (d) 13

94. $186\times?\div14=1302$
(a) 98 (b) 97 (c) 96 (d) 95

95. $3328\div3\sqrt{?}=256$
(a) 2197 (b) 1728 (c) 2744 (d) 729

96. $\sqrt{1764}+\sqrt{576}+(4)^2=(?)^2$
(a) 32 (b) 36 (c) 28 (d) 24

97. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 52 এবং 4। যদি একটি সংখ্যা 13 হয় তবে অন্য সংখ্যাটি কত হবে?
(a) 16 (b) 15 (c) 18 (d) 17

98. একটি সংখ্যার $\frac{1}{4}$ অংশের সঙ্গে 60 যোগ করলে যোগফল 100 হয়। সংখ্যাটি কত?
(a) 140 (b) 150 (c) 170 (d) 160

99. $(63)^2\div(?)^2+3^2=58$
(a) 81 (b) 9 (c) 6 (d) 36

100. $\frac{2}{5}\%=?$
(a) $\frac{1}{30}$ (b) $\frac{1}{125}$ (c) $\frac{1}{250}$ (d) $\frac{1}{500}$

### উত্তর

1(c), 2(d), 3(a), 4(c), 5(b), 6(c), 7(b), 8(c), 9(d), 10(a), 11(c), 12(a), 13(a), 14(b), 15(d), 16(b), 17(c), 18(c), 19(a), 20(b), 21(c), 22(b), 23(d), 24(a), 25(b), 26(a), 27(a), 28(a), 29(b), 30(b), 31(d), 32(b), 33(c), 34(b), 35(b), 36(b), 37(a), 38(b), 39(b), 40(c), 41(c), 42(a), 43(a), 44(a), 45(b), 46(b), 47(b), 48(b), 49(a), 50(d), 51(c), 52(c), 53(d), 54(a), 55(b), 56(d), 57(c), 58(a), 59(d), 60(b), 61(b), 62(c), 63(b), 64(a), 65(c), 66(d), 67(a), 68(a), 69(b), 70(b), 71(d), 72(c), 73(b), 74(d), 75(a), 76(c), 77(c), 78(a), 79(c), 80(a), 81(b), 82(c), 83(d), 84(d), 85(b), 86(b), 87(a), 88(d), 89(d), 90(a), 91(a), 92(d), 93(d), 94(a), 95(a), 96(a), 97(a), 98(d), 99(b), 100(c).

### সমাধান

76(c): স্রোতের অনুকূলে 1 ঘণ্টায় যায় $=\left(\frac{1}{5}\times60\right)$ কিলোমিটার = 12 কিলোমিটার
স্রোতের বেগ (12 – 10) কিলোমিটার/ঘণ্টা = 2 কিলোমিটার/ঘণ্টা।

77(c): $\frac{(4.6)^3+(0.4)^3}{(4.6)^2-(4.6\times0.4)+(0.4)^2}$
ধরা যাক, 4.6 = a এবং 0.4 = b
$=\frac{a^3+b^3}{a^2-ab+b^2}=\frac{(a+b)(a^2-ab+b^2)}{a^2-ab+b^2}=a+b=4.6+0.4=5.$

78(a): বৃত্তের পরিধি $=2\pi r\times2\times\frac{22}{7}r=\frac{44r}{7}$
$\Rightarrow\frac{44r}{7}=44\Rightarrow r=\frac{7\times44}{44}=7$ সেন্টিমিটার
∴ বৃত্তের আয়তন $=\pi r^2=\frac{22}{7}\times7\times7=154$ বর্গসেমি।

79(c): B-র আয় 100 টাকা হলে A-র আয় 125 টাকা
A-র আয় 100 টাকা হলে B-র আয় $=\frac{100\times100}{125}=80\%.$

80(a): ধরা যাক সংখ্যাটি = x
$x^3-x^2=48\Rightarrow x^2(x-1)=48\Rightarrow4^2(4-1)=48\ \therefore x=4.$

81(b): ধরা যাক, সংখ্যাটি = x
$\therefore\frac{3+x}{4+x}=\frac{11}{12}\Rightarrow36+12x=44+11x\Rightarrow x=8.$

82(c): $?=\frac{25\times90}{\frac{12\times250}{100}}=\frac{25\times90\times100}{12\times250}=75$

83(d): $5^2\times5^6\times5^3=5^?\Rightarrow5^{11}=5^?\Rightarrow?=11.$

84(d): সংখ্যাটি 24 ধরলে 2 × 4 = 8
24 + 18 = 42.

85(b): সময়ের বাকি আছে = (200 – 5) = 195 দিন
লোকসংখ্যা হয় = (95 – 30) = 65 জন
∴ 95 জনের চলে 195 দিন

*এরপর দশের পাতায়*

## ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

### নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আগের পাতার পর*

Anwer Figure



(a) (b) (c) (d)

24. (?) স্থানে সমসম্পর্কযুক্ত সংখ্যা বসান:
20, 32, 45, 59, 74, ?
(a) 95 (b) 90 (c) 85 (d) 79

25. 3, 6, 5, 20, 7, 42, 9, ?
(a) 60 (b) 54 (c) 72 (d) 66

26. প্রথম কোন ভারতীয় অস্কার পুরস্কার লাভ করেছিলেন?
(a) ঐশ্বর্য রাই (b) ভানু আথাইয়া (c) শাবানা আজমি (d) সত্যজিৎ রায়

27. মিশ্র অর্থনীতির ধারণা কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনার সঙ্গে যুক্ত হয়েছে?
(a) প্রথম (b) দ্বিতীয় (c) তৃতীয় (d) চতুর্থ

28. কোন ভাষার নিজস্ব কোন হরফ নেই?
(a) সাঁওতালি (b) কোঙ্কনি (c) সংস্কৃত (d) নেপালি

29. প্রাকৃতিক সৌরপর্দা কাকে বলে?
(a) ট্রপোস্ফিয়ারকে (b) স্ট্র্যাটোস্ফিয়ারকে (c) মেসোস্ফিয়ারকে (d) ওজনোস্ফিয়ারকে

30. সৌরজগতের আবিষ্কারক কে?
(a) গ্যালিলিও (b) নিউটন (c) কোপারনিকাস (d) কেপলার

31. সর্বোৎকৃষ্ট লৌহ আকরিক কোনটি?
(a) হেমাটাইট (b) সিডেরাইট (c) লিমোনাইট (d) ম্যাগনেটাইট

32. ভারতবর্ষের কোন রাজ্যের বিশিষ্ট নৃত্য 'গরবা' নাচ?
(a) কেরালা (b) রাজস্থান (c) গুজরাট (d) অন্ধ্রপ্রদেশ

33. ভারতে জলসেচ সবচেয়ে বেশি হয়:
(a) খালের সাহায্যে (b) জলাশয়ের সাহায্যে (c) কূপ ও নলকূপের সাহায্যে (d) নদীর সাহায্যে

34. 'সহজপাঠ'-র রচয়িতা কে?
(a) মধুসুদন দত্ত (b) রবীন্দ্রনাথ ঠাকুর (c) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর (d) রামমোহন রায়

35. হিমালয়ের পশ্চিমপ্রান্তকে কী বলা হয়?
(a) আরাবল্লী (b) শিবালিক (c) গডউইন অস্টিন (d) হিন্দুকুশ

36. নীচের দেওয়া কোন অসুখটিতে হাড় দুর্বল ও ভঙ্গুর হয়ে পড়ে?
(a) রিউম্যাটিজম (b) আর্থারাইটিস (c) অস্টিওপোরোসিস (d) কোনওটিই নয়

37. বিশুদ্ধ জলের তড়িৎবিশ্লেষণ করার জন্য প্রয়োজন:
(a) $HNO_3$ (b) $H_2SO_4$ (c) CaO (d) $KMnO_4$

38. পিতল কোন ধাতুগুলির কঠিন দ্রবণ?
(a) Cu and Fe (b) Zn and Cu (c) Al and Zn (d) Cu and Al

39. কোন খাদ্যবস্তুটি আয়রন সমৃদ্ধ?
(a) আপেল (b) কমলালেবু (c) ডাল (d) গম

40. এস আই পদ্ধতিতে কম্পাঙ্কের একক কোনটি?
(a) সেমি/সেকেন্ড (b) কিলোমিটার (c) হার্জ (d) সাইকেল/সেকেন্ড

41. নিউটনের দ্বিতীয় গতিসূত্র থেকে আমরা নিম্নলিখিত বিষয়ে ধারণা করতে পারি:
(a) ভরবেগ সম্বন্ধে ধারণা (b) বলের পরিমাপ (c) বলের একক (d) সবক'টিই

42. কোন ধর্মটি শব্দতরঙ্গের ক্ষেত্রে প্রযোজ্য নয়?
(a) সমাবর্তন (b) প্রতিসরণ (c) প্রতিফলন (d) ব্যতিচার

43. লাল-আলোতে তুমি নীল ফুলকে কীরকম দেখবে?
(a) লাল (b) নীল (c) সাদা (d) কালো

44. রকেটের কার্যপ্রণালী কোন সংরক্ষণ সূত্র মেনে চলে?
(a) রৈখিক ভরবেগ (b) ভর (c) গতিশক্তি (d) কৌণিক ভরবেগ

45. প্রতিটি অ্যাসিডে কোন মৌল থাকবেই?
(a) $O_2$ (b) C (c) নাইট্রোজেন (d) হাইড্রোজেন

46. গ্যাসীয় মাধ্যমে উষ্ণতা বৃদ্ধিতে শব্দের গতিবেগ:
(a) কমে (b) বাড়ে (c) একই থাকে (d) কেবলমাত্র দ্বিপারমাণবিক গ্যাসের ক্ষেত্রে বাড়ে

47. কোন তাপমাত্রায় ফারেনহাইট ও সেলসিয়াস স্কেলের পাঠ একই হবে?
(a) $32^o$ (b) $-40^o$ (c) $273^o$ (d) $100^o$

48. সোডিয়াম কার্বনেটের জলীয় দ্রবণ কেমন হয়?
(a) আম্লিক (b) প্রশম (c) অতি আম্লিক (d) ক্ষারীয়

49. দূরের জিনিস দেখার জন্য কোন লেন্স ব্যবহার করা হয়?
(a) উভোত্তল লেন্স (b) উত্তল লেন্স (c) অবতল লেন্স (d) কোনওটিই নয়

50. কোনটির আপেক্ষিক তাপ সবচেয়ে বেশি?
(a) মিথেন (b) কেরোসিন (c) অ্যালকোহল (d) জল

51. দার্শনিকের উল কাকে বলে?
(a) জিঙ্ক অক্সাইডকে (b) জিঙ্ক সালফেটকে (c) নাইট্রিক অ্যাসিড (d) কপার সালফেটকে

52. 'জেনেটিক্স' শব্দটি প্রকাশ করেন কে?
(a) মরগ্যান (b) মেন্ডেল (c) বেটসন (d) জোহান সেন

*এরপর দশের পাতায়*

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ভারতীয় রেলে ১১১২৭ অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট

## নিয়োগের সি বি টি-১ পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

53. ক্ষতস্থান থেকে রক্তক্ষরণ বন্ধ হয় না:
(a) টিটেনাসে (b) ম্যালেরিয়াতে (c) হিমোফিলিয়ায় (d) এইডস এ

54. আগুন নেভাতে যে গ্যাসের ব্যবহার করা হয়:
(a) নাইট্রোজেন (b) কার্বন ডাই-অক্সাইড (c) ক্রিপটন (d) জেনন

55. যে ভিটামিনের অভাবে মানবদেহে স্কার্ভি রোগ হয়:
(a) ভিটামিন-C (b) ভিটামিন-D (c) ভিটামিন-A (d) ভিটামিন-$B_6$

56. যদি $x : y = 3 : 4$ হয় তবে $(7x : 3y) : (7x - 3y) = ?$
(a) 11 : 3 (b) 11 : 4 (c) 11 : 5 (d) 11 : 6

57. যদি $(64)^2 - (36)^2 = 20 \times x$ তাহলে $x = ?$
(a) 70 (b) 120 (c) 180 (d) 140

58. যদি $\left(a+\frac{1}{a}\right)^2 = 3$ হয় তবে $a^3 + \frac{1}{a^3}$-এর মান নির্ণয় করুন:
(a) 0 (b) 9 (c) $3\sqrt{3}$ (d) $\sqrt{3}$

59. একটি ট্রেন 60 কিলোমিটার/ঘণ্টা গতিতে হাওড়া থেকে বর্ধমান গেল। আবার বর্ধমান থেকে হাওড়ায় ফিরেছে 40 কিলোমিটার/ঘণ্টা গতিতে। উভয় যাত্রার গড় গতিবেগ হল:
(a) 48 কিমি/ঘণ্টা (b) 49 কিমি/ঘণ্টা (c) 50 কিমি/ঘণ্টা (d) 51 কিমি/ঘণ্টা

60. $\sqrt{40+\sqrt{9}\sqrt{81}}$ -এর মান কত?
(a) $\sqrt{111}$ (b) 9 (c) 7 (d) 11

61. যদি $x - y = 1$ হয় তবে $x^3 - y^3 - 3(xy - 2)$-এর মান কত?
(a) 6 (b) 10 (c) 4 (d) 7

62. $\frac{5.32\times56+5.32\times44}{(7.66)^2-(2.34)^2} = ?$
(a) 7.2 (b) 8.5 (c) 10 (d) 12

63. $(64)^{-\frac{2}{3}} \times \left(\frac{1}{4}\right)^{-2} = ?$
(a) 1 (b) $\frac{1}{4}$ (c) 4 (d) 16

64. শ্যামলের বর্তমান বয়স 47 বছর এবং তার স্ত্রীর বয়স 38 বছর। তাঁদের বিবাহের সময় শ্যামলের বয়স তাঁর স্ত্রীর বয়সের দেড়গুণ ছিল। কত বছর আগে তাদের বিবাহ হয়েছিল?
(a) 20 বছর (b) 21 বছর (c) 22 বছর (d) 23 বছর

65. x ও y-এর মাসিক বেতনের অনুপাত 2 : 3। যদি প্রত্যেকের বেতন মাসিক 300 টাকা বৃদ্ধি পায় তবে ওই অনুপাত হয় 13 : 19। A-এর মাসিক বেতন হল:
(a) 3600 টাকা (b) 3700 টাকা (c) 3800 টাকা (d) 3900 টাকা

66. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 65 এবং 4। যদি একটি সংখ্যা 13 হয় তবে অন্য সংখ্যাটি কত হবে?
(a) 20 (b) 22 (c) 24 (d) 26

67. পাঁচ ব্যক্তির বয়সের যোগফল 148 বছর। 10 বছর পরে তাদের বয়সের যোগফল কত হবে?
(a) 188 বছর (b) 178 বছর (c) 198 বছর (d) 200 বছর

68. দু'টি সংখ্যার যোগফল 25 এবং তাদের অন্তর 5 হলে সংখ্যা দু'টির অনুপাত কত?
(a) 3 : 2 (b) 5 : 2 (c) 7 : 2 (d) 3 : 5

69. একটি সংখ্যার $\frac{1}{4}$ অংশের সঙ্গে 80 যোগ করলে যোগফল 100 হয়। সংখ্যাটি কত?
(a) 76 (b) 78 (c) 80 (d) 82

70. P-এর 30% = Q-এর 40% হলে Q-এর মান হবে:
(a) P-এর 72% (b) P-এর 75% (c) P-এর 80% (d) P-এর 82%

71. একটি ভগ্নাংশকে সেই সংখ্যা দিয়ে গুণ করার পর সংখ্যাটির অন্যোন্যক দিয়ে ভাগ করা হল। ভাগফল $\frac{216}{27}$ হলে আদি ভগ্নাংশটি হল:
(a) $\frac{6}{3}$ (b) $\frac{7}{3}$ (c) $\frac{8}{3}$ (d) $\frac{10}{3}$

72. জল জমে বরফ হওয়ার ফলে আয়তন 10% বাড়ে। সেক্ষেত্রে বরফ জলে পরিণত হলে আয়তন কমবে:
(a) 10% (b) 11% (c) $9\frac{1}{11}$% (d) 9%

73. একটি খুঁটির $\frac{1}{3}$ অংশ কাদায়, $\frac{1}{2}$ অংশ জলে এবং বাকি 20 মিটার জলের ওপরে আছে। খুঁটিটি কত লম্বা?
(a) 60 মিটার (b) 80 মিটার (c) 100 মিটার (d) 120 মিটার

74. একটি ধনাত্মক সংখ্যাকে ক্রমিক 4 বার গুণ করলে গুণফল 1296 হয়, সংখ্যাটি কত?
(a) 6 (b) 7 (c) 8 (d) 9

75. $6^{10} \times 7^{17} \times 11^{27}$ সংখ্যাটিতে মৌলিক উৎপাদকের সংখ্যা হল:
(a) 60 (b) 62 (c) 64 (d) 66

### উত্তর

1(c), 2(a), 3(c), 4(c), 5(a), 6(a), 7(b), 8(b), 9(b), 10(b), 11(a), 12(d), 13(d), 14(c), 15(c), 16(b), 17(c), 18(b), 19(b), 20(b), 21(b), 22(b), 23(a), 24(b), 25(c), 26(b), 27(b), 28(b), 29(b), 30(c), 31(d), 32(c), 33(a), 34(b), 35(d), 36(c), 37(b), 38(b), 39(a), 40(c), 41(d), 42(a), 43(d), 44(a), 45(d), 46(b), 47(b), 48(d), 49(b), 50(d), 51(a), 52(c), 53(c), 54(b), 55(a), 56(a), 57(d), 58(a), 59(a), 60(c), 61(d), 62(c), 63(a), 64(a), 65(a), 66(a), 67(c), 68(a), 69(c), 70(b), 71(a), 72(c), 73(d), 74(a), 75(c).

### সমাধান

6(a):

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| **Books** | are | (old) | = | 2 | (5) | **3** |
| Man | is | (old) | = | (5) | 4 | 6 |
| Buy | good | **Books** | = | **3** | 7 | 8 |

$\therefore$ are = 2.

7(b): এখানে জোড় স্থানের অঙ্কগুলো হল 8, 27, 64 এবং যেটি নির্ণয় করতে হবে
দেখা যাচ্ছে $8 = 2^3, 27 = 3^3, 64 = 4^3$
তাহলে তার পরের সংখ্যাটি হবে $5^3 = 125$.

8(b):



9(b): ধরা যাক, সংখ্যাটি = x
প্রশ্নানুযায়ী, $\frac{40x}{100} + 24 = x$
$\Rightarrow 24 = x - \frac{40x}{100} = \frac{100x-40x}{100} = \frac{60x}{100} = \frac{3x}{5}$
$\Rightarrow x = \frac{5\times24}{3} = 40 \Rightarrow x = 40.$

11(a): আঙুল বাদে অন্যান্য সকলগুলোই আমাদের দেহে 2টি করে আছে কিন্তু আঙুল আছে 10টি।

12(d): প্রথম সংখ্যার সঙ্গে পরের সংখ্যা গুণ করলে পাওয়া যায়
$1 \times 2 = 2, 2 \times 2 = 4, 2 \times 4 = 8, 4 \times 8 = 32.$

13(d): সংখ্যা শ্রেণীটি সাজানো আছে: $4 \xrightarrow{\times 8} 32 \xrightarrow{\times 4} 128 \xrightarrow{\times 2} 256.$

এরপর আগামী সংখ্যায়

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# পি এস সি মিসলেনিয়াস

## প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

65 জনের চলে $= \frac{195\times95}{65} = 285$ দিন।

86(b): ছাত্রসংখ্যার $\frac{1}{10}$ = ছাত্রী সংখ্যার $\frac{1}{4}$
বা, $\frac{\text{ছাত্রসংখ্যা}}{\text{ছাত্রীসংখ্যা}} = \frac{10}{4} = \frac{5}{2} = 5 : 2.$

87(a):

| | |
|---|---|
| 2 | 2592 |
| 2 | 1296 |
| 2 | 648 |
| 2 | 324 |
| 2 | 162 |
| 9 | 81 |
| | 9 |

$2592 = 2^2 \times 2^2 \times 2 \times 9^2.$

88(d): $8 + 5 + 6 + 4 = 23 \therefore 27 - 23 = 4.$

89(d): B-এর 90% ⇒ 81
∴ B পেয়েছিল $\Rightarrow \frac{81}{90} \times 100 = 90.$

90(a): $(\sqrt{10}-3)(\sqrt{10}+3) = (\sqrt{10})^2 - (3)^2 = 10 - 9 = 1.$

91(a): $\frac{A}{B} = \frac{3}{4}, \frac{B}{C} = \frac{6}{5} \Rightarrow \frac{A}{B} \times \frac{B}{C} = \frac{3}{4} \times \frac{6}{5} = \frac{9}{10}$
$\Rightarrow \frac{A}{C} = \frac{9}{10} \Rightarrow \frac{C}{A} = \frac{10}{9}.$

92(d): 10ম ইনিংসের পর গড় রান $= \{100 - (9 \times 8)\} = 100 - 72 = 28.$

93(d): $? = \sqrt[3]{2197} = \sqrt[3]{13\times13\times13} = 13.$

94(a): $\frac{186\times?}{14} = 1302 \Rightarrow ? = \frac{1302\times14}{186} = 98.$

95(a): $\frac{3328}{\sqrt[3]{?}} = 256 \Rightarrow \sqrt[3]{?} = \frac{3328}{256} = 13$
$\therefore ? = 13 \times 13 \times 13 = 2197.$

96(a): $42 \times 24 + 16 = ?^2 \Rightarrow ?^2 = 1024 = 32^2 \Rightarrow ? = 32.$

97(a): ধরা যাক, অন্য সংখ্যাটি = x
প্রশ্নানুযায়ী, $13 \times x = 52 \times 4 \Rightarrow x = \frac{52\times4}{13} = 16.$

98(d): ধরা যাক, সংখ্যাটি = x
$x \times \frac{1}{4} + 60 = 100 \Rightarrow \frac{x}{4} = 100 - 60 = 40$
$\Rightarrow x = 40 \times 4 = 160.$

99(b): $\frac{63\times63}{(?)^2} = 58 - 9 = 49 \Rightarrow (?)^2 = \frac{63\times63}{49} = 9^2 \Rightarrow ? = 9.$

100(c): $\frac{2}{5}\% = \frac{2}{5\times100} = \frac{2}{500} = \frac{1}{250}.$

*প্রস্তুত করেছেন: সাগর রায়*

# পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*গত সংখ্যার পর*

81. $2\frac{1}{4} + 3\frac{3}{4} - 1\frac{2}{3} = ?$
(a) $4\frac{1}{3}$ (b) $4\frac{1}{4}$ (c) $4\frac{2}{3}$ (d) $4\frac{3}{5}$

82. $999\frac{995}{999} \times 999 = ?$
(a) 990809 (b) 998996 (c) 999824 (d) 998999

83. $1 + \frac{4}{2+\frac{3}{5-\frac{1}{2}}} - \frac{1}{2}(10 \div 2) = ?$
(a) 2 (b) 0 (c) $-\frac{15}{2}$ (d) $\frac{1}{2}$

84. বৃহত্তম ভগ্নাংশ কোনটি? $\frac{6}{7}, \frac{5}{6}, \frac{7}{8}, \frac{4}{5}$
(a) $\frac{6}{7}$ (b) $\frac{5}{6}$ (c) $\frac{7}{8}$ (d) $\frac{4}{5}$

85. $729 \times 0.0\bar{5} \times 0.00\bar{5} \times 0.000\bar{5} = ?$
(a) 0.125 (b) 1.125 (c) 0.0125 (d) 0.000125

86. এক ব্যক্তি তার বেতনের $\frac{1}{5}$ অংশ এবং 700 টাকা খরচ করে দেখল যে এখনও বেতনের $\frac{1}{3}$ অংশ বাকি আছে। তবে তার বেতন কত?
(a) 2200 (b) 1500 (c) 1800 (d) 2000

87. $\sqrt{1369} = 37$ হলে
$\sqrt{1369} + \sqrt{13.69} + \sqrt{0.1369} + \sqrt{0.001369} = ?$
(a) 41.475 (b) 41.22 (c) 41.107 (d) 42.37

88. কোন সংখ্যাকে $\frac{3}{10}$ দিয়ে গুণ করলে গুণফল মূল সংখ্যা থেকে 21 কম হয়?
(a) 30 (b) 40 (c) 50 (d) 35

89. $\left(\frac{2}{3} \div \frac{4}{7}\right)$ এর $\left(\frac{3}{5} \div \frac{7}{20}\right) = ?$
(a) 4 (b) 2 (c) 5 (d) 3

90. একটি বই 120 টাকায় কিনে কত টাকায় বিক্রয় করলে 10% লাভ হবে?
(a) 160 টাকা (b) 144 টাকা (c) 132 টাকা (d) 121 টাকা

91. ক্রয়মূল্যের ও বিক্রয়মূল্যের অনুপাত 10 : 11 হলে, লাভের শতকরা হার কত?
(a) 15% (b) 1% (c) 20% (d) 10%

92. 10 টাকায় 9টি কলা কিনে 2 ডজন কত টাকায় বিক্রয় করলে 50% লাভ হবে?
(a) 40 টাকা (b) 50 টাকা (c) 45 টাকা (d) 48 টাকা

93. ক্রয়মূল্যের ওপর 10% লাভ হলে, বিক্রয়মূল্যের ওপর শতকরা লাভ কত হবে?
(a) $9\frac{9}{11}$% (b) $9\frac{1}{11}$% (c) $9\frac{1}{9}$% (d) $9\frac{11}{9}$%

94. এক ব্যক্তি 423 টাকায় একটি দ্রব্য বিক্রয় করায় তাঁর 6% ক্ষতি হয়। দ্রব্যটি কত টাকায় বিক্রয় করলে তাঁর 8% লাভ হবে?
(a) 486 (b) 552 (c) 460 (d) 520

95. এক ব্যক্তি দু'টি বইয়ের প্রতিটি 100 টাকায় বিক্রয় করে একটিতে 20% লাভ ও অন্যটিতে 40% লাভ করে। মোটের ওপর শতকরা কত লাভ হয়?
(a) $29\frac{12}{13}$% (b) $29\frac{3}{13}$% (c) $29\frac{4}{13}$% (d) $29\frac{7}{13}$%

96. এক ব্যক্তি কোনও জিনিস বিক্রয়ের সময় পরপর দু'বার 10% করে ছাড় দেয়। মোট কত শতাংশ ছাড় হয়?
(a) 19% (b) 21% (c) 20% (d) 18%

97. একটি বই 480 টাকায় বিক্রয় করে 20% ক্ষতি হল। বইটির ক্রয়মূল্য কত?
(a) 600 (b) 500 (c) 620 (d) 550

98. একটি নল একটি চৌবাচ্চা ভর্তি করতে সময় নেয় 10 ঘণ্টা। চৌবাচ্চায় একটি ছিদ্র থাকার জন্য চৌবাচ্চাটি ভরতে সময় নেয় 20 ঘণ্টা। যদি চৌবাচ্চাটি ভরা থাকে, তাহলে চৌবাচ্চার ছিদ্র দিয়ে কতক্ষণে সেটি খালি হবে?
(a) 50 ঘণ্টা (b) 30 ঘণ্টা (c) 40 ঘণ্টা (d) 20 ঘণ্টা

99. A এবং B একটি কাজ যথাক্রমে 28 এবং 35 দিনে করতে পারে। তারা এক সঙ্গে কাজটি শুরু করল, কিন্তু কিছু সময় পর A ছেড়ে চলে গেল এবং B বাকি কাজ 17 দিনে শেষ করল। কতদিন পর A কাজটি ছেড়ে চলে গেল?
(a) $14\frac{2}{5}$ দিন (b) 9 দিন (c) 8 দিন (d) $7\frac{5}{9}$ দিন

100. কোনও স্টপেজ ছাড়াই একটি ট্রেনের গতিবেগ 54 কিমি/ঘণ্টা এবং স্টপেজ নিয়ে ট্রেনটির গতিবেগ 45 কিমি/ঘণ্টা। তাহলে প্রতি ঘণ্টায় ট্রেনটি কত মিনিট করে দাঁড়ায়?
(a) 11 মিনিট (b) 12 মিনিট (c) 14 মিনিট (d) 10 মিনিট

### উত্তর

81(a), 82(b), 83(b), 84(c), 85(d), 86(b), 87(c), 88(a), 89(b), 90(c), 91(d), 92(a), 93(b), 94(a), 95(b), 96(a), 97(a), 98(d), 99(c), 100(d).

*এরপর এগারোর পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর

## নিয়োগের প্রিলিমিনারি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*দশের পাতার পর*

**সমাধান**

51(a): বাকিগুলি গঠিত হয় সরলরেখা দ্বারা।

52(d): মূলশব্দ A M E R I C A
↓+0 ↓+1 ↓+2 ↓+3 ↓+2 ↓+1 ↓+0
A N G U K D A

অনুরূপে: E N G L A N D
↓+0 ↓+1 ↓+2 ↓+3 ↓+2 ↓+1 ↓+0
E O I O C O D

∴ ENGLAND শব্দটিকে ওই সংকেত অনুযায়ী লেখা হবে EOIOCOD.

54(c): $C \xrightarrow{+5} H$, $U \xrightarrow{+4} Y$, $Z \xrightarrow{+3} C$, $A \xrightarrow{+2} C$

একইভাবে, $N \xrightarrow{+5} S$, $N \xrightarrow{+4} R$, $J \xrightarrow{+3} M$, $O \xrightarrow{+2} Q$

55(a): বিকল্প (a) ছাড় বাকি সবক'টি সেটের ক্ষেত্রে (প্রথম সংখ্যা)$^2$ + দ্বিতীয় সংখ্যা = তৃতীয় সংখ্যা।

56(b):




57(b): $2 \xrightarrow{\times 2} 4 \xrightarrow{+3} 7 \xrightarrow{\times 2} 14 \xrightarrow{+3} 17 \xrightarrow{\times 2} 34 \xrightarrow{+3} 37$

58(d): $B \xrightarrow{-2} Z \xrightarrow{-4} V \xrightarrow{-2} T \xrightarrow{-4} P$

$Y \xrightarrow{-2} W \xrightarrow{-4} S \xrightarrow{-2} Q \xrightarrow{-4} M$

$X \xrightarrow{-2} V \xrightarrow{-4} R \xrightarrow{-2} P \xrightarrow{-4} L$

কিন্তু, $E \xrightarrow{-2} C \xrightarrow{-3} Z \xrightarrow{-2} X \xrightarrow{-4} T$

59(c): (i) রামের অবস্থান বাঁদিক থেকে 15 তম
(ii) রমেশ, যতিনের বাঁদিকে পঞ্চম স্থানে আছে
সুতরাং, রমেশের অবস্থান ডানদিক থেকে (12 + 5)তম অথবা 17তম




∴ রাম ও রমেশের মধ্যে আছে (50 – 15– 17) জন
অর্থাৎ 18 জন।

61(d): শ্রেণিটির ক্রম হল:
xy<u>z</u>/yz<u>x</u>/z/<u>z</u>xy/<u>x</u>/xyz/<u>y</u>.

62(a): ট্র্যাক্টর দিয়ে জমি চাষ করা হয়। কিন্তু এখানে 'ট্র্যাক্টর'-কে জাহাজ বলা হয়। সুতরাং, 'জাহাজ' দিয়ে জমি চাষ করা হয়।

65(b): $+ \Rightarrow \times$ | $\div \Rightarrow -$ | $\times \Rightarrow +$ | $- \Rightarrow \div$

∴ প্রদত্ত রাশিমালা $= 2 + 27 - 3 + 2 \times 3 \div 2$
$= 2 \times 27 \div 3 \times 2 + 3 - 2 = 2 \times 9 \times 2 + 3 - 2 = 37.$

66(d): প্রথম সারিতে $9^2 + 7^2 - 105 = 25$
প্রথম স্তম্ভে $9^2 + 10^2 - 200 = 25$
তৃতীয় স্তম্ভে $7^2 + 10^2 - 124 = 25$
∴ তৃতীয় সারিতে, লুপ্ত সংখ্যা $= 12^2 + 10^2 - 25 = 144 + 100 - 25 = 219.$

**(67 and 68):**

| | বুদ্ধিমান | কর্মঠ | সৎ | উচ্চাকাঙ্ক্ষী |
|---|---|---|---|---|
| কৈলাশ | √ | √ | | √ |
| গোবিন্দ | √ | | | √ |
| হরিন্দর | √ | | √ | |
| রাজেশ | | √ | √ | |
| জিতেন্দ্র | | √ | √ | √ |

67(c), 68(b).

69(d): F (−1: E, +1: G); I (−1: H, +1: J); G (−1: F, +1: H)

একইভাবে, B (−1: A, +1: C); I (−1: H, +1: J); N (−1: M, +1: O)

70(a): 35 – 25 = 10, 50 – 35 = 15
একইভাবে, 32 – 22 = 10, 47 – 32 = 15.

72(a): $123 : 1^2 2^2 3^2 \Rightarrow 123 : 149$
একইভাগে $201 : 2^2 0^2 1^2 \Rightarrow 201 : 401.$

73(b): চিত্রে– সানি, রণি, ববি, শানু ও রামুর বাড়ির অবস্থান দেখানো হয়েছে।




চিত্র থেকে সহজেই বোঝা যায় যে, শানুর বাড়ির উত্তর-পূর্ব দিকে ববির বাড়ি অবস্থিত।

74(b): 3, 12, 27, 48, 75, 108
↓ ↓ ↓ ↓ ↓ ↓
$2^2-1^2$, $4^2-2^2$, $6^2-3^2$, $8^2-4^2$, $10^2-5^2$, $12^2-6^2$
নির্ণেয় ভুল সংখ্যা = 50.

75(b):




i. রঞ্জনার অবস্থান প্রথম থেকে অষ্টম স্থানে অর্থাৎ রঞ্জনার আগে 7 জন আছে।
ii. সুমিতের অবস্থান শেষ থেকে দ্বাদশ স্থানে অর্থাৎ সুমিতের পরে 11 জন আছে।
iii. রমেনের অবস্থান রঞ্জনার পরে নবম স্থানে অর্থাৎ রঞ্জনা ও রমেনের মাঝে 8 জন আছে।
iv. যেহেতু রঞ্জনা ও সুমিতের ঠিক মাঝে রমেনের অবস্থান সুতরাং, রমেন ও সুমিতের মাঝেও 8 জন আছে।
সুতরাং, ওই বিভাগে মোট ছাত্রীছাত্রী সংখ্যা (7 + 1 + 8 + 1 + 8 + 1 + 11) = 37.

76(c): {(A + B)} = B একা একটি কাজ করবে $= \left(\frac{60 \times 30}{60 - 30}\right)$ দিনে
= 60 দিনে
{(B + C) – B} = C একা কাজটি করবে $= \left(\frac{30 \times 0}{40 - 30}\right)$ দিনে = 120 দিনে।

77(c): A = 2B
∴ A + B = 2B + B = 3B [ কমর্ক্ষমতা অনুযায়ী]
এখন যে কাজ 3B করবে 8 দিনে, সেই কাজ B করবে 24 দিনে
∴ A ওই কাজ করে $\frac{24}{12}$ দিনে = 12 দিনে।

78(a): A নলটি পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ করে = 10 মিনিটে
সুতরাং, B নলটি পৃথকভাবে চৌবাচ্চাটি পূর্ণ করে = (10 × 4) মিনিটে
= 40 মিনিটে
∴ (A + B) একত্রে চৌবাচ্চাটি পূর্ণ করবে $= \left(\frac{10 \times 40}{10 + 40}\right)$ মিনিটে = 8 মিনিটে।

79(c): (A + B) নল 2 ঘণ্টায় পূর্ণ করে চৌবাচ্চার $\left(\frac{1}{12} + \frac{1}{10}\right)$ অংশ
$= \frac{11}{60}$ অংশ
∴ (A + B) নল 10 ঘণ্টায় পূর্ণ করে $= \left(\frac{11}{60} \times 5\right)$ অংশ $= \frac{11}{12}$ অংশ
(এক্ষেত্রে 6 × 2 = 12 ঘণ্টা হিসাব করলে ট্যাঙ্কটি ভর্তি হয়ে জল উপচে পড়বে)
∴ বাকি থাকে ট্যাঙ্কের $\left(1 - \frac{11}{12}\right)$ অংশ $= \frac{1}{12}$ অংশ
এখন, A নলটি একা $\frac{1}{12}$ অংশ পূর্ণ করবে = 1 ঘণ্টায়
ট্যাঙ্কটি মোট (10 + 1) ঘণ্টায় = 11 ঘণ্টায়
অথাৎ, বিকেল 5টায় পূর্ণ হবে।

80(a): $0.0072 \times 0.3 - 0.002 + 5.8 \times 10$
$= 0.00216 - 0.002 + 58 = 0.00216 + 58 - 0.002$
$= 58.00216 - 0.002 = 58.00016.$

81(a): $\left(2 + \frac{1}{4}\right) + \left(3 + \frac{3}{4}\right) - \left(1 + \frac{2}{3}\right)$
$= (2 + 3 - 1) + \left(\frac{1}{4} + \frac{3}{4} - \frac{2}{3}\right) = 4 + \frac{3 + 9 - 8}{12}$
$= 4 + \frac{4}{12} = 4 + \frac{1}{3} = 4\frac{1}{3}.$

82(b): $\left(999 + \frac{995}{999}\right) \times 999 = \left(999 + \frac{999 - 4}{999}\right) \times 999$
$= \left(999 + \frac{999}{999} - \frac{4}{999}\right) \times 999 = \left(999 + 1 - \frac{4}{999}\right) \times 999$
$= \left(1000 - \frac{4}{999}\right) \times 999$
$= (1000 \times 999) - \left(\frac{4}{999} \times 999\right) = 999000 - 4 = 998996.$

83(b): প্রদত্ত রাশিমালা $1 + \frac{4}{2 + \frac{3}{\frac{9}{2}}} - \frac{1}{2}(5)$
$= 1 + \frac{4}{2 + \frac{6}{9}} - \frac{5}{2} = 1 + \frac{4}{2 + \frac{2}{3}} - \frac{5}{2} = 1 + \frac{4}{\frac{6 + 2}{3}} - \frac{5}{2}$
$= 1 + \frac{4 \times 3}{8} - \frac{5}{2} = 1 + \frac{3}{2} - \frac{5}{2} = \frac{5}{2} - \frac{5}{2} = 0.$

84(c): $\frac{6}{7} = 0.85714$, $\frac{5}{6} = 0.8\overline{3}$, $\frac{7}{8} = 0.875$ এবং $\frac{4}{5} = 0.8$
বৃহত্তম ভগ্নাংশ $= 0.875 = \frac{7}{8}$.

85(d): $729 \times 0.0\overline{5} \times 0.00\overline{5} \times 0.000.\overline{5}$
$= 729 \times \frac{05 - 0}{90} \times \frac{005 - 00}{900} \times \frac{0005 - 000}{9000}$
$= 729 \times \frac{5}{90} \times \frac{5}{900} \times \frac{5}{9000} = \frac{5}{10} \times \frac{5}{100} \times \frac{5}{1000}$
$= \frac{125}{1000000} = 0.000125.$

86(b): মোট বেতনের $\left[1 - \left(\frac{1}{5} + \frac{1}{3}\right)\right]$ অংশ = 700 টাকা
মোট বেতনের $\frac{7}{15}$ অংশ = 700 টাকা
∴ মোট বেতন $\left(700 \times \frac{15}{7}\right)$ টাকা = 1500 টাকা।

87(c): প্রদত্ত রাশিমালা $= \sqrt{1369} + \sqrt{\frac{1369}{100}} + \sqrt{\frac{1369}{10000}} + \sqrt{\frac{1369}{1000000}} =$
$37 + \frac{37}{10} + \frac{37}{100}\ \frac{37}{1000} = 37 + 3.7 + 0.37 + 0.037 = 41.107.$

88(a): সংখ্যাটি x হলে, $\frac{3x}{10} = x - 21$
বা, $x = \left(\frac{3}{10} - 1\right) - 21$ বা, x = 30.

89(b): প্রদত্ত রাশিমালা $= \left(\frac{2}{3} \times \frac{7}{4}\right)$ এর $\left(\frac{3}{5} \times \frac{20}{7}\right)$
$= \frac{7}{6}$ এর $\frac{12}{7} = \frac{7}{6} \times \frac{12}{7} = 2.$

90(c): বিক্রয়মূল্য = ক্রয়মূল্যের 110%
$= \left(120 \times \frac{110}{100}\right)$ টাকা = 132 টাকা।

91(d): এখানে ক্রয়মূল্য 10 টাকা হলে, বিক্রয়মূল্য 11 টাকা
লাভের হার $= \frac{\text{লাভ}}{\text{ক্রয়মূল্য}} \times 100 = \left[\frac{11 - 10}{10} \times 100\%\right] = 10\%.$

92(a): 50% লাভ করতে হলে 10 টাকায় বিক্রয় করতে হবে
$= \left(9 \times \frac{100}{150}\right)$ টি = 6টি
∴ 2 ডজন বিক্রয় করতে হবে 40 টাকায় [∵ 2 ডজন = 24টি].

93(b): ক্রয়মূল্য 100 টাকা হলে, বিক্রয়মূল্য হবে 110 টাকা
∴ বিক্রমূল্যের ওপর লাভ $= \frac{\text{লাভ}}{\text{বিক্রয়মূল্য}} \times 100\%$
$= \left[\frac{110 - 100}{110} \times 100\right]\% = 9\frac{1}{11}\%.$

94(a): দ্রব্যটির ক্রয়মূল্য $= 423 \times \frac{100}{100 - 6}$ টাকা
$= \left(423 \times \frac{100}{94}\right)$ টাকা [∵ ক্রয়মূল্য 423-এর বেশি]
∴ 8% লাভে বিক্রয় করলে বিক্রয়মূল্য $= 423 \times \frac{100}{94} \times \frac{108}{100}$ টাকা
[∵ ক্রয়মূল্য, ক্রয়মূল্যের থেকে বেশি] = 486 টাকা।

95(b): লাভের হার $= \frac{(100 \times 20) + (100 \times 40) + (2 \times 20 \times 40)}{(100 + 20) + (100 + 40)}$
$= \frac{7600}{260}\% = 29\frac{3}{13}\%.$

96(a): সমতুল্য ছাড় $= \left[10 + 10 - \frac{10 \times 10}{100}\right]\% = 19\%.$

97(a): এখানে বইটির ক্রয়মূল্য 480 টাকা থেকে বেশি হবে
এক্ষেত্রে হিসাবের সংখ্যা দু'টি হল যথাক্রমে 100 এবং (100 – 20) = 80 এবং
যেহেতু $\frac{100}{80} > 1$
∴ নির্ণেয় ক্রয়মূল্য $= \left(480 \times \frac{100}{80}\right)$ টাকা = 600 টাকা।

98(d): ধরি, জলপূর্ণ চৌবাচ্চাটিকে ছিদ্রটি খালি করে x ঘণ্টায়
ছিদ্রটির দ্বারা এর $\frac{1}{x}$ ভাগ খালি হয় 1 ঘণ্টায়
আবারও প্রবিষ্ট নল দিয়ে 1 ঘণ্টায় ভর্তি হয় $\frac{1}{10}$ অংশ
প্রশ্নানুসারে, $\frac{1}{10} + \frac{1}{x} = \frac{1}{20}$
∴ $\frac{1}{x} = \frac{1}{20} - \frac{1}{10} = \frac{1 - 2}{20} = -\frac{1}{20}$
[–ve সাংকেতিক চিহ্নের অর্থ ছিদ্র দিয়ে চৌবাচ্চাটি খালি হচ্ছে]
পুরো চৌবাচ্চাটি খালি হয় 30 ঘণ্টায়।

99(c): ধরি, A, x দিন কাজ করেছিল
প্রশ্নানুসারে, $\frac{x}{28} + \frac{(x + 17)}{35} = 1 \Rightarrow \frac{5x + 4(x + 17)}{140} = 1$
$\Rightarrow 5x + 4x + 68 = 140 \Rightarrow 9x = 140 - 68 = 72 \Rightarrow x = 8$
∴ A 8 দিন ধরে কাজ করেছিল।

100(d): স্টপেজ দেওয়ার জন্য গতি হ্রাসপ্রাপ্ত হচ্ছে = 54 – 45
= 9 কিলোমিটার/ঘণ্টা
স্টপেজ থাকার জন্য ট্রেনটি প্রতি ঘণ্টায় 9 কিলোমিটার কম অতিক্রম করছে
∴ 9 কিলোমিটার অতিক্রমের জন্য ট্রেনটির সময় লাগছে $= \frac{9}{54} = \frac{1}{6}$ ঘণ্টা
$= \frac{1}{6} \times 60 = 10$ মিনিট।

# ব্যাঙ্ক অব ইন্ডিয়ায় ১৩৯ স্পেশ্যালিস্ট অফিসার

ম্যানেজার ও অফিসার পদে ১৩৯ জনকে নেবে ব্যাঙ্ক অব ইন্ডিয়া। নিয়োগ করা হবে স্কেল-ওয়ান ও স্কেল-টু ক্যাটেগরিতে। প্রবেশন ১ বছরের। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর 2026-27/02.

শূন্যপদের বিন্যাস: ম্যানেজার: ফুল-স্ট্যাক ইঞ্জিনিয়ারিং: ১৮টি। বিআরই/এলওএস/ ডিসিশনিং ইঞ্জিনিয়ারিং: ৪টি। ডিজিটাল প্ল্যাটফর্মস: ৫টি। অ্যাপ্লিকেশনস সাপোর্ট অ্যান্ড অপারেশনস: ১১টি। ইনফ্রাস্ট্রাকচার অপারেশনস: ১২টি। আইটি সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর: ২টি। পারফর্ম্যান্স টেস্টিং: ২টি। অটোমেশন টেস্টিং: ৩টি। আইটি প্রোকিওরমেন্ট স্পেশ্যালিস্ট: ৪টি। আইটি প্রোজেক্ট ম্যানেজার: ৩টি। বিজনেস অ্যানালিসিস: ২টি। ডেটা অ্যানালিটিক্স: ৫টি। ডেভেলপমেন্ট সিকিউরিটি অ্যান্ড অপারেশনস ইঞ্জিনিয়ারিং: ৩টি। ইউআই/ইউএক্স ডিজাইন: ২টি। ইমার্জিং টেকনোলজি অ্যান্ড ইনোভেশন: ২টি। সলিউশন অ্যান্ড টেকনোলজি আর্কিটেকচার: ২টি। আইটি (সিআইএসএ/ সিআই এসএম/ সিআইএসএসপি): ৭টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বিই বা বিটেক বা এম এসসি। বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বিই বা বিটেক। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। আইটি (সিআইএসএ/ সিআইএস এম/সি আইএসএসপি)-এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাজে ২ বছর এবং বাকি সব ক্ষেত্রে ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ইনফর্মেশন সিকিউরিটি: ৮টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজি বা ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিংয়ে বিই বা বিটেক বা এম টেক। অথবা ইনফর্মেশন টেকনোলজি বা ইনফর্মেশন সিকিউরিটি বা সাইবার সিকিউরিটিতে স্পেশ্যালাইজেশন-সহ স্নাতকোত্তর ডিগ্রি কোর্স পাশ। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

বয়স: ২৫ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

সিকিউরিটি অফিসার: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: স্নাতক, সঙ্গে কম্পিউটারের (অন্যতম বিষয় হিসেবে আইটি-সহ) অন্তত ৩ মাসের সার্টিফিকেট কোর্স পাশ। অথবা স্নাতক, স্নাতক বা উচ্চতর স্তরে অন্যতম বিষয় হিসেবে ইনফর্মেশন টেকনোলজি পড়ে থাকতে হবে। এর পাশাপাশি আর্মি বা নেভি বা এয়ারফোর্সে কমিশন্ড অফিসার পদে, অথবা পুলিশ ফোর্সে অন্তত ডেপুটি সুপারিন্টেন্ডেন্ট পদে, অথবা প্যারামিলিটারি ফোর্সে অ্যাসিস্ট্যান্ট কমান্ড্যান্ট বা সমতুল পদে অন্তত ৫ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩৫ বছরের মধ্যে হতে হবে।

ল অফিসার: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: আইনে স্নাতক, সঙ্গে সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

অফিসার স্কেল-ওয়ান: ফুল স্ট্যাক ইঞ্জিনিয়ারিং: ৬টি। অ্যাপ্লিকেশনস সাপোর্ট অ্যান্ড অপারেশনস: ৪টি। ডেটা অ্যানালিটিক্স: ২টি। কোয়ালিটি অ্যাশিওরেন্স অ্যান্ড টেস্ট ইঞ্জিনিয়ারিং: ২টি। শিক্ষাগত যোগ্যতা: কম্পিউটার সায়েন্স বা ইনফর্মেশন টেকনোলজিতে বিই বা বিটেক বা এম এসসি। বা ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশনে বিই বা বিটেক। এমসিএ পাশ প্রার্থীরাও আবেদন করতে পারেন। এর পাশাপাশি সংশ্লিষ্ট কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২১ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

সিভিল ইঞ্জিনিয়ার-স্কেল ওয়ান: ১০টি। শিক্ষাগত যোগ্যতা: অন্তত ৬০ শতাংশ নম্বর-সহ সিভিল ইঞ্জিনিয়ারিংয়ে বিই বা বিটেক। সংশ্লিষ্ট কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স: ২৫ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

সব পদের ক্ষেত্রেই ১-৮-২০২৬ তারিখে নির্দিষ্ট বয়স থাকতে হবে।

তফসিলিরা ৫, ওবিসিরা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

বেতনক্রম: ম্যানেজার স্কেল-টু, সিকিউরিটি অফিসার এবং ল অফিসার পদের ক্ষেত্রে ৬৪,৮২০-৯৩,৯৬০ টাকা, অফিসার স্কেল-ওয়ান পদের ক্ষেত্রে ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে অনলাইন পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। অনলাইন পরীক্ষায় প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গুয়েজ (২৫ নম্বর) ও সংশ্লিষ্ট বিষয়ে (১০০ নম্বর)। নেগেটিভ মার্কিং আছে। মোট সময়সীমা ১ ঘণ্টা ৪০ মিনিট। এ রাজ্যের পরীক্ষাকেন্দ্রগুলি হল কলকাতা, আসানসোল ও হাওড়া।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.bankofindia.bank.in প্রার্থীর চালু ই-মেল আইডি এবং মোবাইল নম্বর থাকতে হবে। দরখাস্ত করা যাবে ১০ সেপ্টেম্বর থেকে ২৫ সেপ্টেম্বর পর্যন্ত।

দরখাস্তের সময় স্ক্যান করে আপলোড করতে হবে— প্রার্থীর রঙিন ফটো, সই, বাঁ-হাতের বুড়ো আঙুলের ছাপ ও নির্দিষ্ট বয়ানে লেখা ডিক্লারেশন। দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ১,১৮০ টাকা (তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ১৭৫ টাকা)। পেমেন্ট গেটওয়ে চার্জ অতিরিক্ত। ডেবিট কার্ড বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার পর রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

# পুলিশে ৪৩ হাজার খালি শূন্যপদ পূরণে তৎপর হওয়ার নির্দেশ রিক্রুটমেন্ট বোর্ডকে

নিজস্ব প্রতিনিধি: পশ্চিমবঙ্গ ও কলকাতা পুলিশে এই মুহূর্তে ৪৩,০০০ শূন্যপদ খালি পড়ে রয়েছে। এ কথা জানিয়েছেন খোদ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। ২৭ অগস্ট লালবাজারে, কলকাতা পুলিশের সদর দপ্তরে আয়োজিত এক অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী তাঁর ভাষণে বলেন, পর্যায়ক্রমে এই শূন্যপদগুলি পূরণ করা হবে। এই অনুষ্ঠানেই মুখ্যমন্ত্রী, পুলিশ রিক্রুটমেন্ট বোর্ডকে তৎপরতার সঙ্গে পুলিশ বিভাগের শূন্যপদ পূরণ ও প্রশিক্ষণ শুরু করার নির্দেশ দেন।

একই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ২০০ সিভিল ডিফেন্স কর্মী নিয়োগের পরিকল্পনার কথাও ঘোষণা করেন।

উল্লেখ্য, ২০২৭-এর ৩১ মার্চের মধ্যে রাজ্যে ১ লক্ষ চাকরির ব্যবস্থা করা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আগেই ঘোষণা করেছেন। সম্প্রতি পুরুলিয়ার মানবাজারে একটি জল প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী জানান, ঘোষিত ১ লক্ষ শূন্যপদ পূরণের প্রক্রিয়া শুরু হয়ে যাবে সেপ্টেম্বর মাস থেকেই।

# মিসলেনিয়াস, সিভিল সার্ভিসেস, ক্লার্কশিপের থমকে থাকা পরীক্ষা শীঘ্রই, শূন্যপদ কয়েক হাজার

নিজস্ব প্রতিনিধি: তিনটি বড় মাপের থমকে থাকা নিয়োগের প্রক্রিয়া শুরু করতে চলেছে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। সংশ্লিষ্ট তিনটি নিয়োগ: ১) মিসলেনিয়াস সার্ভিসেস-২০২৪, ২) ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস-২০২৫ এবং ৩) ক্লার্কশিপ-২০২৪। শূন্যপদ কয়েক হাজার। ইতিমধ্যেই দরখাস্ত করেছেন চাকরিপ্রার্থীরা। তবে পরীক্ষা হয়নি। কমিশন সূত্রে খবর, এ বছরের অক্টোবর থেকে ডিসেম্বরের মধ্যে প্রথম পর্যায়ের পরীক্ষা নেওয়ার জন্য পিএসসি উদ্যোগী হয়েছে।

প্রসঙ্গত, ১১ অগস্ট পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের নতুন চেয়ারম্যান অনিল ভার্মা সাংবাদিকদের জানিয়েছিলেন, বিভিন্ন সার্ভিসের ১৮ হাজার শূন্যপদ পূরণে দ্রুত উদ্যোগ নেওয়া হবে। নির্ভরযোগ্য সূত্রে খবর; মিসলেনিয়াস সার্ভিসেস-২০২৪-এর প্রিলিমিনারি পরীক্ষা আয়োজনের চেষ্টা চলছে অক্টোবরের প্রথম সপ্তাহেই। ওয়েস্ট বেঙ্গল সিভিল সার্ভিসেস-২০২৫-এর প্রিলিমিনারি পরীক্ষা নভেম্বরের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে নেওয়া হতে পারে। সে ক্ষেত্রে ডিসেম্বরের শুরুতেই ক্লার্কশিপ-২০২৪-এর পার্ট ওয়ান পরীক্ষা হওয়ার যথেষ্ট সম্ভাবনা রয়েছে। প্রার্থী সংখ্যা বিপুল। ফলে প্রতিদ্বন্দ্বিতাও প্রবল। যাঁরা এই পরীক্ষাগুলিতে বসার জন্য আবেদন করেছেন, তাঁরা প্রস্তুতি শুরু করে দিতে পারেন।


**কর্মখালি**

জরুরি ভিত্তিতে কর্মী আবশ্যক
Mahindra Three Wheelers & Eicher Division -এর জন্য
1. TECHNICIAN
2. TRAINEE TECHNICIAN
3. DRIVER
4. SALES PERSON
কর্মস্থল: Chamrail, Dhulagarh & Alampur
বেতন: যোগ্যতা ও অভিজ্ঞতা অনুযায়ী
**FUTURE AUTOMOBILE AGENCY PVT. LTD.**
যোগাযোগ: 92309 69209

**GUJARAT INDUSTRIES POWER CO. LTD.**

**REQUIRES**

"GIPCL is a Rs.4000 crores asset based fast growing company in the power sector with its corporate headquarters at Vadodara, and a total installed capacity of more than 1800 MW. The facilities are located at Vadodara, Khavda and near Surat in Gujarat. GIPCL is currently taking giant leap in the Renewable Energy Sector by 112.4 MW Wind Power Projects and 937 MW PV based Solar Power Projects at various locations in Gujarat. The Company desirous to recruit following various positions. For more details and to apply online, please log on to www.gipcl.com (link: career)"

| Sr. No | Position | No. of Posts | Category | Location |
|---|---|---|---|---|
| 1 | Lead (Mines) | 01 | Regular | SLPP |

ইংস্টীট্যুট ऑफ बैंकिंग पर्सोनेल सिलेक्शन®
INSTITUTE OF BANKING PERSONNEL SELECTION
In assessment, India trusts us

**সিআরপি আরআরবি XV**
**রিজিওনাল রুরাল ব্যাঙ্ক (RRBs)-তে অফিসারস (স্কেল-I, II ও III) ও অফিস অ্যাসিস্ট্যান্টস (মাল্টিপারপাস)-তে নিয়োগের জন্য কমন রিক্রুটমেন্ট প্রসেস (CRP)**

অফিসিয়াল ওয়েবসাইট: www.ibps.in
খোঁজখবর/অভিযোগের ক্ষেত্রে লগ ইন করুন এইখানে: https://cgrs.ibps.in

গ্রুপ "এ" – অফিসারস (স্কেল-I, II ও III) এবং গ্রুপ "বি" – অফিস অ্যাসিস্ট্যান্টস (মাল্টিপারপাস) পদে নিয়োগের জন্য আসন্ন আরআরবি-এর জন্য সাধারণ নিয়োগ প্রক্রিয়া (CRP RRBs XV)-এর উদ্দেশ্যে অনলাইন পরীক্ষা পরিচালিত হবে ইনস্টিটিউট অফ ব্যাঙ্কিং পার্সোনেল সিলেকশন (IBPS) দ্বারা নিচে দেওয়া সম্ভাব্য সময়সূচি অনুযায়ী। একই নিয়োগ প্রক্রিয়ার অধীনে গ্রুপ "এ" – অফিসারস (স্কেল-I, II ও III) পদে নিয়োগের জন্য সাক্ষাৎকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে পরামর্শক্রমে NABARD এবং IBPS-এর সহায়তায় নোডাল রিজিওনাল রুরাল ব্যাঙ্কস দ্বারা পরিচালিত হবে এবং সম্ভাব্য সময়সূচি হবে জানুয়ারি/ফেব্রুয়ারি মাস ২০২৭।

**গুরুত্বপূর্ণ তারিখ**

| অ্যাক্টিভিটি | সময়সীমা |
|---|---|
| দরখাস্তের ফি/ ইন্টিমেশন চার্জের অনলাইন রেজিস্ট্রেশন ও পেমেন্ট | ০১.০৯.২০২৬ থেকে ২১.০৯.২০২৬ |
| প্রার্থীদের জন্য এডিট উইন্ডো - দরখাস্ত ফর্ম সংশোধন/পরিবর্তন (এডিটের জন্য অনলাইন পেমেন্ট সহ) | রেজিস্ট্রেশন বন্ধ হওয়ার পর (অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইটে জানানো হবে) |
| প্রি-এগজ্যাম প্রশিক্ষণ (পিইটি) | নভেম্বর, ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – প্রিলিমিনারি (অফিসার্স/ওএ) | নভেম্বর/ ডিসেম্বর, ২০২৬ |
| অনলাইন পরীক্ষা – প্রিলিমিনারি-এর ফলাফল | ডিসেম্বর, ২০২৬/ জানুয়ারি, ২০২৭ |
| অনলাইন পরীক্ষা – মেন/ সিঙ্গেল (অফিসার্স/ওএ) | ডিসেম্বর, ২০২৬/ জানুয়ারি, ২০২৭ |

বিশদ বিবরণ ও আপডেটের জন্য প্রার্থীদের নিয়মিতভাবে অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইট www.ibps.in দেখতে পরামর্শ দেওয়া হচ্ছে।

সিআরপি আরআরবি - XV পদের জন্য দরখাস্ত করতে আগ্রহী প্রার্থীদের অনলাইনে রেজিস্টার করার পূর্বে স্বযত্নে বিশদ বিজ্ঞপ্তি পড়ে নিতে এবং অফিসিয়াল আইবিপিএস ওয়েবসাইটে ইস্যু করা ও প্রদর্শিত বিশদ বিজ্ঞপ্তিতে উল্লেখিতমতো নির্ধারিত তারিখে ন্যূনতম উপযুক্ততার শর্তাবলি তারা পূরণ করেন এই মর্মে সুনিশ্চিত করে নিতে পরামর্শ দেওয়া হচ্ছে। প্রার্থীদের অবশ্যই বিস্তারিত বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্দেশাবলি মেনে চলতে হবে।

মুম্বই
তারিখ: ০১.০৯.২০২৬ ডিরেক্টর

ইন্ডিয়ান বैंक Indian Bank

কর্পোরেট অফিস: 254-260, আভ্ভাই শান্মুঘাম সালাই, রয়াপেট্টাহ, চেন্নাই - 600 014

**নিষ্ক্রিয় অ্যাকাউন্ট সক্রিয়করণের জন্য জন বিজ্ঞপ্তি**

আমাদের ব্যাঙ্ক লক্ষ্য করেছে যে কিছু অ্যাকাউন্টে দুই বছরেরও বেশি সময় ধরে গ্রাহকের দ্বারা কোনোরূপ লেনদেন করা হয়নি।

এই ধরনের নিষ্ক্রিয় অ্যাকাউন্টের অ্যাকাউন্টধারকদের ইন্ডিয়ান ব্যাঙ্কের যে কোনো শাখায় গিয়ে আধার / প্যান / ভোটার আইডি-(KYC) নথিপত্র নতুনভাবে জমা দিয়ে তাদের অ্যাকাউন্টটিকে পুনরায় সক্রিয় করার জন্য অনুরোধ করা হচ্ছে।

এই বিষয়ে যে কোনো জিজ্ঞাসা বা সহায়তার জন্য, অনুগ্রহ করে আপনার নিকটতম ইন্ডিয়ান ব্যাঙ্কের শাখায় যোগাযোগ করুন।

Follow us on :


স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in